







#### জন্মশতবার্ষিক-লংকরণৰ

# মহর্ষি-শ্রীকৃষ্ণদৈপায়নবেদব্যাস-প্রণীতম্

# ভীষ্মপর্ব্ব

19

দর্শনাচার্য্য-শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-সমাধ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মস্থ্যণেন শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীত্য়া ভারতকোমুদীসমাধ্যয়া টীক্য়া তৎকৃত-বঙ্গামুবাদেন চ সহিত্য

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০১

ধ্বংস প্রকাশ : ১৩৪২ বদাস হিতীয় (বিবরণী ) সংকরণ : মাঘ, ১৩৮৭ বদাস

1342

14045

লাকালত :
বিবাধী আকালনী
আদিবাধী আকালনী
অদিবাধী মাজী

১৯/১বি, ২০গ্ৰোগামী বেলি
কলিবাধা ১০০০২

মুখক : হাইত নাথ লোক নি ইলান্য কিটিং হাহি, লোকানাগান হীই অভিযান্য ব্যক্তিক

XM1 : 80.00

#### প্রকাশকের নিবেদন

'মহাতারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্ঘ্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাদীশ মহাশ্যের তপশ্যান্তর অমৃতময় ফল। সে আশ্চর্ঘ্য তপশ্চর্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপশ্যায় মগ্ন—এবং সে একক ও তুশ্চর তপশ্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিনিত হয়েছিল অসীম ধৈর্ঘ্য, অশেষ নিষ্ঠা ও অলোকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্ম রেথে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐর্থ্য। 'মহাভারতম্'এর বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐর্থ্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্তি উপলক্ষে খবি হরিদাসের প্রতি শ্রদাঞ্চনি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। স্থাজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

		1
		t
		•
		-

# পঞ্চাশত্তমোইখ্যায়ঃ।

--- 848---

#### সঞ্জয় উবাচ।

ক্তেহবহাবে সৈন্তানাং প্রথমে ভরতর্বভ ! ।
ভীমে চ যুদ্ধসংরকে হুন্টে ছুর্য্যোধনে তথা ॥১॥
ধর্মরাজস্ততন্ত্ র্নভিগম্য জনার্দ্দনম্ ।
ভাতৃভিঃ সহিতঃ সর্বৈঃ সর্বৈশ্চিব জনেশ্বরৈঃ ॥২॥
শুচা পরম্যা যুক্তশ্চিন্তযানঃ পরাজয়ম্ ।
বার্ফেরমত্রবীদ্রাজন্ ! দৃষ্ট্বা ভীমস্ত বিক্রমম্ ॥৩॥ (বিশেষকম্)
কৃষ্ণ ! পশ্য মহেম্বাসং ভীম্মং ভীমপরাক্রমম্ ।
শরির্দহন্তং সৈন্তং মে গ্রীমে কক্ষমিবানলম্ ॥৪॥
কথমেনং মহাত্মানং শক্ষ্যামঃ প্রতিবীক্ষিতুম্ ।
লেলিহ্বমানং সৈন্তং মে হবিশ্বন্তমিবানলম্ ॥৫॥

#### ভাৰতকোমুদী

কৃত ইতি। অবহাবে যুদ্ধবিবানে, প্রথমে দিবদে। যুদ্ধায় সংরক্ষে মহোৎসাহিনি। জনেখবৈ রাজভিঃ। চিন্তয়ানশ্চিন্তয়মানঃ। বার্ফেরং কৃষ্ণম্॥১—৩। কুষ্ণেতি। মহেধাসং মহাধন্নরিম্। কক্ষং তৃণবাশিং দহন্তম্॥৪। কথমিতি। লেলিন্থমানং পুনঃ পুন্র্গেশন্তম্। হবিদ্মন্তং মৃতযুক্তম্॥৫॥

সঞ্জয় বলিলেন—"ভরতশ্রেত রাজা। সেই প্রথম দিনে সৈম্বগণকে যুদ্ধ
হইতে বিরত কবিলে, অথচ ভীম্ম যুদ্ধেব জন্ম বিশেষ উৎসাহী থাকিলে এবং
ছর্যোধন আনন্দিত হইলে, ধর্মবাজ যুধিষ্ঠির নিজের পবাজয় ভাবিয়া অত্যন্ত
শোকার্ত্ত হইয়া সকল আতা ও সকল বাজাব সহিত সম্বর ক্লফেব নিকট যাইয়া
ভীম্মেব বিক্রমেব বিষয় শ্ববণ কবিয়া ক্লফকে বলিলেন—॥১—৩॥

'কৃষ্ণ। দেখ—গ্রীম্মকালে অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ কবে, সেইকপ মহা-ধর্ম্বরি ও ভযদ্কব পরাক্রমশালী ভীম্ম বাণদ্বাবা আমাব সৈন্তগণকে দগ্ধ কবিতে-ছেন ॥৪॥

মৃতাছতিযুক্ত অগ্নিব তায় মহাবল ভীম্ম আমার সৈত্যগণকে গ্রাস কবিতে-ছেন, এ অবস্থায় আমবা কি করিয়া উহাব প্রতি দৃষ্টিপাত কবিতে সমর্থ ইইব ? ॥৫॥

ভীম (১১)-৯৬

এনং হি পুরুষব্যান্ত্রং ধনুষ্মন্তং মহাবলম্।

দৃষ্ট্বা বিপ্রাক্রতং সৈন্তং সমরে মার্গণাহতম্ ॥৬॥

শক্যো জের্তুং যমঃ ক্রুদ্ধো বক্রপাণিশ্চ সংযুগে।

বরুণঃ পাশভ্দ্বাপি ক্বেবো বা গদাধবং ॥৭॥

ন তু ভীল্মো মহাতেজাঃ শক্যো জেতুং মহাবলঃ।

সোহহমেবং গতে মগ্নো ভীল্মাগাধজলেহপ্লবে ॥৮॥

আত্মনো বুদ্ধিদৌর্বল্যান্তীপ্মমাসান্ত কেশব।।

বনং যাস্থামি বার্ফেগ্ন! প্রোযো মে তত্র জীবিহুম্ ॥৯॥

ন ত্বিমান্ পৃথিবীপালান্ দাতুং ভীল্মার মৃত্যবে।

ক্ষপ্রিয়তি সেনাং মে ক্বফ! ভীল্মো মহান্ত্রবিং ॥১০॥

#### ভারতকোমুদী

এনমিতি। বিপ্রক্রতং পলায়িতন্। মার্গণৈতীর্থতৈব শবৈবাহতন্ ॥৬॥
শক্য ইতি। বজ্রপাণিবিজ্ঞাং, নংযুগে যুদ্ধে। পাশভূৎ পাশধাবী ॥৭॥
নেতি। ভীম্ম এব অগাধজলং তন্মিন্, অপ্লবে ভেলকবহিতে ॥>।
আজ্মন ইতি। বুদ্ধেদৌ বল্যাদল্লড্বাৎ, আসাগ্য যুদ্ধে প্রাপ্য তত্র প্রালয়াং ॥>॥
নেতি। মৃত্যবে যমস্বরূপায়, দাভুং ন শ্রেষ ইত্যন্তবৃত্তিঃ ॥১০॥

আমার অনেক সৈতা যুদ্ধে ধন্ত্র্জাবী ও মহাবল এই পুক্ষজ্রেষ্ঠকে দেখিয়া এবং উহাব বাণে আহত হইয়া পলায়ন কবিয়াছিল ॥৬॥

দেখ, যুদ্ধে ক্রুদ্ধ যমকে, বজ্রপাণি ইন্দ্রকে, পাশহস্ত বৰুণকে এবং গদাধাবী কুবেবকেও জয কবিতে পারা যায়॥৭॥

কিন্তু মহাতেজা ও মহাবল ভীম্মকে জয় কবিতে পাবা যায় না; স্মৃতবাং এই অবস্থায় আমি ভেলাশৃত্য ভীম্মকাপ অগাধজলে মগ্ন হইলাম ॥৮॥

বৃষ্ণিনন্দন কৃষ্ণ। আমি নিজের বৃদ্ধির দোষে যুদ্ধে ভীত্মেব সহিত মিলিত হইয়া তাহাতে প্রথমেই পবাজিত হওয়ায় বনেই যাইব, সেখানে জীবন ধাবণ কবা বরং ভাল ॥৯॥

কিন্তু দাক্ষাৎ যমস্বরূপ ভীত্মেব হস্তে এই রাজগণকে সমর্পণ কবা ভাল নহে। কেন না, কৃষ্ণ। মহাস্ত্রবিৎ ভীত্ম আমার সৈত্যগণকে একেবাবে ক্ষয় করিয়া ফেলিবেন ॥১০॥

<sup>(</sup>৬) এতং হি পুরুষব্যাঘ্রম্—রা নি। (১)··· শ্রেরো বা মে ন জীবিতম্—পি। (১০) ন খেতান্—রা নি।

যথাহনলং প্রজ্বলিতং পতঙ্গাঃ সমভিক্রতাঃ।
বিনাশায়োপগচছন্তি তথা মে দৈনিকো জনঃ ॥>>॥
স্বাং নীতোহন্মি বাস্কের ! রাজ্যহেতোঃ পরাক্রমী।
আতরকৈচব মে বীবাঃ কর্লিতাঃ শর্বপীড়িতাঃ ॥>২॥
মংকৃতে ভাতৃহার্দেন রাজ্যাদ্ভাইন্তথা হুথাৎ।
জীবিতং বছ মন্মেহহং জীবিতং হুত চূর্ল্লভম্ ॥>০॥
জীবিতস্ত চ শেষেণ তপস্তক্ষ্যামি হুশ্চরম্।
ন ঘাত্যিয়ামি রণে মিত্রাণীমানি কেশব ! ॥>৪॥
রথান্ মে বহুসাহ্র্রান্ দিব্যৈরক্তর্মহাবলঃ।
ঘাতয়ত্যনিশং ভীন্মঃ প্রবর্ণাণং প্রহারিণাম্ ॥>৫॥
কিন্ কৃত্বা হিতং মে স্থাদ্ক্রহি মাধব ৷ মা চিরম্।
মধ্যন্থমিব পশ্যামি সমরে সব্যুসাচিনম্ ॥১৬॥

# ভারতকোমূদী

বথেতি। পতলা: শলভা:, সমভিজ্ঞতা অভিসম্বরা: সন্ত: ॥১১॥
করমিতি। নীতোহশ্মি ভীমেণ। পরাক্রমী সরপ্যহম্ ॥১২॥
মদিতি। মংকতে মরিমিত্তে, আতৃহার্দেন আতৃমেহেন, অন্তা আতব: ॥১৬॥
জীবিতন্তেতি। শেষেণ অবশিষ্টকালেন। ন ঘাতয়িয়ামি ভীমেণ ॥১৪॥
বথানিতি। প্রবর্গাণাং মে প্রহাবিণাং যোধানাং বথান্। ঘাতয়তীতি স্বার্থে ইন্ ॥১৫॥

পতঙ্গসমূহ (ফড়িংগুলি) যেমন বিনাশের জন্তই প্রজ্বলিত অগ্নিব মধ্যে যাইয়া ক্রত পতিত হয়, সেইরূপ আমাব সৈত্যেবা ভীম্মেব নিকট যাইবে ॥১১॥

হায় ! কৃষ্ণ ! আমি পৰাক্রমশালী হৃইয়াও রাজ্যেব জন্ম ক্রাপ্ত হইলাম এবং আমার বীর আতারাও ভীমের বাণে পীড়িত হইয়া কৃশ হইয়া গিয়াছেন ॥২২॥

আমাব ভাতাবা ভাতৃমেহবশতঃ আমার জগুই রাজ্য ও স্থুখ হইতে ভাই হইয়াছেন; কিন্তু আমি উহাদেব জীবনই বহু মনে করি, অথচ যুদ্ধে উহাদের জীবন হুর্লভ ॥১৩॥

কেশব। আমি জীবনের অবশিষ্ঠ সময়ে ছক্ষব তপস্তাই করিব; কিন্তু যুদ্ধে এই মিত্রগণকে বিনাশ কবাইব না ॥১৪॥

কারণ, মহাবল ভীম্ম দিব্য অস্ত্রদ্বাবা আমার প্রধান যোদ্ধ্রগণের বহুসহস্র রথ সর্ববদা বিনষ্ট করিবেন ॥১৫॥

<sup>(</sup>১১)· ·বিনাশায়ৈব—রা নি। (১৪) জীবিতস্ত তু—পি।

একো ভীমঃ পরং শক্তা যুখ্যত্যেষ মহাভুজঃ।
কেবলং বাহুবীর্য্যেণ ক্ষত্রধর্মমন্ত্র্মবন্ ॥১৭॥
গদয়া বীরঘাতিন্তা যথোৎসাহং মহামনাঃ।
করোত্যন্ত্রকরং কর্ম রথাশ্বনবদন্তিয়ু ॥১৮॥
নালমেষ ক্ষরং কর্ত্ত্বং পবদৈন্ত্রস্ত মারিষ!।
আর্জ্জবেনেব যুদ্ধেন বীর। বর্ষশতৈরপি ॥১৯॥
একোহন্ত্রবিৎ সথা তেহয়ং সোহপ্যস্মান্ সমুপেক্ষতে।
নির্দ্রহানান্ ভীম্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥২০॥
দিব্যান্তন্ত্রাণি ভীম্মন্ত দ্রোণন্ত চ মহাত্মনা ॥২০॥
ধক্ষ্যন্তি ক্ষব্রিয়ান্ সর্কান্ প্রযুক্তানি পুনঃ পুনঃ ॥২১॥

# ভাবতকৌমুদী

কিমিতি। মধ্যস্থাদীনমিব পশ্যমি অকিঞ্জিকবরণাং। স্ব্যুসাচিন্মর্জ্নম্ ॥১৬॥
এক ইতি। প্রমৃত্তমন্। কেবলং বাছবীর্ব্যোগ ন তু ধরুবাদিনা ॥১৭॥
গদবেতি। অন্তক্বং তুদ্ধবং বছবীব্বধাদিকং কর্ম ॥১৮॥
নেতি। নালং ন সমর্থা। তে মারিষ। আর্যা। আর্জবেনের স্বলভাবেনের ॥১৯॥
এক ইতি। অন্তবিং দেবাদীনাম্, স্থা অর্জ্ত্না ॥২০॥
দিব্যানীতি। ধক্ষান্তি দক্ষান্ কবিশ্বস্তি। প্রযুক্তানি নিক্ষিপ্তানি ॥২১॥

কৃষ্ণ। কি কবিলে আমাব মঙ্গল হইবে, তাহা তুমি সন্থব বল, বিলম্ব কবিও না। আমি যুদ্ধে অৰ্জ্জ্নকে উদাসীনেব গ্ৰায় দেখিতেছি॥১৬॥

একমাত্র এই মহাবাহু ভীমদেনই ক্ষত্রিযধর্ম্ম স্মবণ কবিয়া কেবল বাহুবলে আপন শক্তি অনুসাবে উত্তম যুদ্ধ করিভেছেন ॥১৭॥

এই মহাত্মা আপন উৎসাহ অনুসাবে বীৰঘাতিনী গদাদ্বাৰা বিপক্ষেব হস্তী, তাথ, বথ ও পদাতিবিষয়ে হন্ধৰ কাৰ্য্য কবিতেছেন ॥১৮॥

্ কিন্তু মাননীয় বীব। কেবল একাকী ইনি সরলভাবে যুদ্ধ কবিয়া বহুশত বংসবেও বিপক্ষসৈন্ডেব ক্ষয করিতে সমর্থ হইবেন না ॥১৯॥

একগাত্র অস্ত্রজ্ঞ তোমাব এই যে সখা (অর্জুন) বহিয়াছেন, ইনিও আমা-দিগকে উপেক্ষাই কবিতেছেন; এদিকে মহাত্মা ভীত্ম ও জোণ নিংশেষে দগ্ধ কবিবার উপক্রম করিয়াছেন ॥২০॥

মহাত্মা ভীষ্ম ও জ্রোণকর্তৃক বাব বাব নিক্ষিপ্ত দিব্য অস্ত্র সকল আমাব পক্ষেব সমস্ত ক্ষত্রিয়কে দগ্ধ কবিয়া ফেলিবে ৷২১৷

<sup>(</sup>১৭) - যুধ্যত্যের—রা নি। (১৮)---রথাশ্চ নরপঙ্ জ্রিযু—নি।

কৃষ্ণ ! ভীন্নঃ স্থসংরক্কঃ সহিতঃ সর্ববপার্থিবৈঃ ।
কপরিয়তি নো নৃনং বাদুশোহস্ত পরাক্রমঃ ॥২২॥
দ ত্বং পশ্য মহাভাগ । যোগীশ্বর ! মহারথম্ ।
ভীন্মং যঃ শময়েৎ সংখ্যে দাবাগ্রিং জলদো যথা ॥২০॥
তব প্রাসাদাদ্গোবিন্দ । পাগুবা নিহতিদ্বিঃ ।
স্বরাজ্যমনুসম্প্রাপ্তা মোদিয়ন্তে সবান্ধবাঃ ॥২৪॥
এবমুক্ত্বা ততঃ পার্থো ধ্যায়নাস্তে মহামনাঃ ।
চিরমন্তর্মনা ভূত্বা শোকোপহতচেতনঃ ॥২৫॥
শোকার্ত্তং তমথো জ্ঞাত্বা ত্বংখোপহতচেতসম্ ।
অব্রবীত্ত্র গোবিন্দো হর্ষযন্ সর্বপাগুবান্ ॥২৬॥
মা শুচো ভরতপ্রেষ্ঠ । ন ত্বং শোচিতুমর্হসি ।
যস্তা তে জ্ঞাতরঃ শ্রাঃ সর্বলোকেরু ধন্নিনঃবাং ৭॥

# ভাবতকৌমুদী

ক্লফেতি। স্থগংবন্ধঃ অতীবক্রুদ্ধঃ। নঃ অস্মান্ ॥২২॥

न हेजि। পশ जन्नरहाहि। नेमस्यर निर्वादस्य, नःरश युद्ध ॥२०॥

তবেতি। অহুসম্প্রপ্তা: সন্ত: ।২৪।

**व्यक्ति । भार्या यूपिष्ठितः । अख्यख्याय विवास मस्ना वन्त्र मः ॥२०॥** 

শোকেতি। হুংথোপহতচেতসং হুংখাক্রান্তচিত্তম্:॥২৬॥

কৃষ্ণ। ভীম্মেব যেৰূপ পৰাক্ৰম ৰহিয়াছে, তাহাতে উনি অত্যস্ত ক্ৰুদ্ধ ও সকল বাজাব সহিত মিলিত হইয়া নিশ্চয়ই আমাদিগকে ধ্বংস কবিবেন ॥২২॥

অতএব মহাভাগ যোগীশ্ব কৃষ্ণ। মেঘ যেমন দাবাগ্নিকে নিবাবণ করে, সেইরূপ যিনি যুদ্ধে ভীষ্মকে নিবাবণ কবিতে পারিবেন, এমন মহারূথের অন্তু-সন্ধান কব॥২৩॥

কৃষ্ণ। তোমাব অন্ত্র্প্রহে পাগুবেবা শক্রসংহাব ও আপন বাজ্য লাভ কবিয়া বন্ধুবর্গেব সহিত আমোদ অন্নভব কবিবেন' ॥২৪॥

এইবাপ বলিয়া সহামনা যুখিষ্ঠিব বিষণ্ণমনা ও শোকার্তচিত্ত হইয়া দীর্ঘকাল উপবেশন কবিয়া বহিলেন ॥২৫॥

তৎপবে কৃষ্ণ তাঁহাকে শোকার্ত্ত ও ছংখিতচিত্ত জানিয়া সকল পাগুবকে আনন্দিত কবিতে থাকিয়া বলিতে লাগিলেন—॥২৬॥

<sup>(</sup>২৬) শোকার্ত্তং পাগুবং দৃষ্ট্রা ছঃখেনাবৃতচেতসম্-পি।

অহঞ্চ প্রিয়ক্তর্জাজন্! সাত্যকিশ্চ মহারথঃ।
বিরাটক্রপদৌ চেমৌ ধৃউত্যুক্ষশ্চ পার্ষতঃ ॥২৮॥
তথৈব সবলাশ্চেমে রাজানো রাজসত্তম!।
ত্বৎপ্রসাদং প্রতীক্ষন্তে ত্বদ্ধক্তাশ্চ বিশাংপতে! ॥২৯॥
এষ তে পার্যতো নিত্যং হিতকামঃ প্রিয়ে রতঃ।
সৈনাপত্যমনুপ্রাপ্তো ধৃউত্যুক্ষো মহাবলঃ ॥৩০॥
শিখণ্ডী চ মহাবাহো! ভীমস্ত নিধনং কিল।
এতচ্প্রেজা ততো রাজা ধৃউত্যুক্ষং মহারথম্ ॥৩১॥
ত্ববীৎ সমিতৌ তত্তাং বাহ্নদেবস্ত শূণ্তঃ।
ধৃউত্যুক্ষ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি মারিষ! ॥৩২॥ (যুগ্মকা)

## ভারতকোমুদী

মেতি। মা গুচা শোকং ন কুরু। শোকাভাবে কারণমাহ—যক্তেতি ॥২৭॥

শহমিতি। প্রিয়ক্তিতি বচনবিপবিণামেন নর্বব্যান্তমঃ ॥২৮॥

তথেতি। সবলাঃ নদৈয়তাঃ। তব প্রসাদমন্ত্রহম্ ॥২৯॥

এব ইতি। পার্বতঃ পৃষতপৌত্রঃ। সৈনাপত্যাং দেনাপতিত্বম্ ॥০০॥

শিখণ্ডীতি। নিধনং মরণকারণম্, কিলেতিত্যতিক্ষ্যে সমিতে সভায়াম্। হে মারিব।

শার্ব্যা! পত্যা জ্যেষ্ঠন্বানিদৃশং সম্বোধনম্ ॥০১—০২॥

'ভবতশ্রেষ্ঠ। যাঁহার ভ্রাতাবা বীর ও সমগ্র জগতে ধহুর্দ্ধর বলিয়া প্রসিত্ত সেই আপনি শোক করিতে পারেন না; স্থতরাং শোক করিবেন না ॥২৭॥

রাজা। আমি, মহাবথ সাত্যকি, এই বিরাট ও ক্রেপদ এবং প্রতনশন ধৃষ্টহায়, আমবা সকলেই আপনাব প্রিয়কারী ॥২৮॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ৷ সৈহ্যগণের সহিত এই রাজারাও আপনার ভক্ত <sup>এব</sup> আপনার অনুগ্রহেব প্রতীক্ষা কবেন ॥২১॥

এই পৃষতনন্দন মহাবল ধৃষ্টগ্রায়ও সর্ববদাই আপনার হিতৈষী ও প্রিয়কার্য্য নিবত ; অথচ ইনিই আপনাব সেনাপতির পদ পাইয়াছেন ॥৩০॥

ভা'র পব মহাবাছ। আমবা শুনিয়াছি যে, শিখণ্ডীও ভীম্মের মৃত্যুৰ কাবণ হইবেন'। এই কথা শুনিয়া তাহার পর বাজা যুখিষ্ঠিব সেই সভাষ ক্ষেত্র সমক্ষে মহারথ খুইত্যুয়কে বলিলেন—'আর্য্য খুইত্যুয়। আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ কক্ষন ॥৩১—৩২॥

<sup>(</sup>২৮) - দাত্যকিন্চ মহাবলঃ—পি। (২৯)•••জ্বস্কুক্তান্চ বিশেষতঃ—পি। (৩০) শ্বা

নাতিক্রম্যং ভবেত্তচ বচনং মম ভাষিত্রম্।
ভবান্ সেনাপতির্মহং বাস্থদেবেন সন্মিতঃ ॥৩৩॥
কার্ভিকেয়ো যথা নিত্যং দেবানামভবৎ পুরা।
তথা ত্বমপি পান্তুনাং সেনানীঃ পুরুষর্বভ!॥৩৪॥
স ত্বং পুরুষণার্দ্দ্ল। বিক্রম্য জহি কোরবান্।
আহঞ্চ তেইনুযান্তামি ভীমঃ রুষণ্ট মারিষ !॥৩৫॥
মাদ্রীপুত্রে চ সহিতৌ দ্রোপদেয়াশ্চ দংশিতাঃ।
যে চান্তে পৃথিবীপালাঃ প্রধানাঃ পুরুষর্বভ।॥৩৬॥
তত উদ্ধর্যমন্ সর্বান্ ধ্রফিয়ান্নোহভ্যভাষত।
আহং দ্রোণান্তকঃ পার্থ! বিহিতঃ শন্তুনা পুবা॥৩৭॥
রণে ভীয়ং রূপং দ্রোণং তথা শল্যং জয়দ্রথম্।
সর্বানন্ত বণে দৃপ্তান্ প্রতিযোৎস্তামি পার্থিব!॥৩৮॥

# ভারতকোসুদী

নেতি। মহুং মম, সমিতঃ সমানঃ ॥৩০॥
কার্ত্তিকের ইতি। পাঙ্নাং পাঙ্বানাম, দেনানীঃ দেনাপতিঃ ॥৩৪॥
স ইতি। পূর্ব্যুদ্ধে অর্জ্নুন্তোদাসীলাদাক্ষেপেণ তদমূল্লেখঃ ॥৩৫॥
মান্ত্রীতি। দংশিতাঃ সম্বন্ধাঃ। অনুধাল্মন্ত্রীতি বিপরিণামেনামুর্ভিঃ ॥৩৬॥
তত ইতি। উদ্বর্ধন্ অধিকমানন্দ্রমন্। হে পার্থ! মুধিন্তিব। ॥৩৭॥
রণ ইতি। বণে সর্বন্ধিয়েব যুদ্ধ ইত্যপুনক্ষিকঃ, দৃপ্তান্ দর্পযুক্তান্ ॥৩৮॥

আমার সে বাক্য আপনি লঙ্ঘন- করিবেন না। আপনি ক্বফেব তুল্য এবং আমাব সেনাপতি হইযাছেন ॥৩৩॥

পুক্ষশ্রেষ্ঠ ৷ পূর্ববকালে কার্ত্তিক যেমন সর্ববদা দেবগণেব সেনাপতি হইতেন, সেইবাপ আপনিও বর্ত্তমানে আমাব সেনাপতি হইয়াছেন ॥৩৪॥

অতএব পুরুষঞ্চেষ্ঠ। সেই আপনি কৌববগণকে সংহার করুন। আর্য্য। আমি, ভীম্ও কৃষ্ণ—আমবা আপনাব অনুগমন করিব ॥৩৫॥

পুক্ষশ্রেষ্ঠ ৷ সন্মিলিত নকুল ও সহদেব, যুদ্ধসজ্জায় সজ্জিত দ্রৌপদীব পুত্রগণ এবং অক্স যে সকল প্রধান প্রধান বাজা আছেন, তাঁহাবা আপনাব অন্নসবণ কবিবেন' ॥৬৬॥

তাহাব পব ধৃষ্টতাম সকলকে আনন্দিত করতঃ বলিলেন—'পৃথানন্দন। পূর্ববিদালে মহাদেব আমাকে দ্রোণহস্তা করিয়া স্থাষ্টি করিয়াছেন ॥৩৭॥

<sup>(</sup>৩৮) -- সর্বান্ত বণে দৃষ্ট্রা—পি।

অথোৎক্রুইং মহেষাসৈঃ পাণ্ডবৈর্যুদ্ধর্মনিঃ।
সম্ভাতে পার্থিবেল্রে পার্যতে শক্রস্দনে ॥৩৯॥
তমত্রবীৎ পুনঃ পার্থঃ পার্যতং পৃতনাপতিম্।
ব্যুহঃ ক্রেকারুণো নাম সর্বশক্রনিবর্হণঃ ॥৪০॥
যং ব্রহম্পতিবিদ্রোর তদা দেবাহুরেইত্রবীৎ।
তং যথাবৎ প্রতিব্যুহ পবানীকবিনাশনম্ ॥৪১॥
অদৃষ্টপূর্ববং বাজানঃ পশুস্ত ক্রুভিঃ সহ।
তথোক্তঃ স নৃদেবেন বিষ্ণুব্জ্রভূতা যথা ॥৪২॥
প্রভাতে সর্ববিস্ভানামগ্রে চক্রে ধনঞ্জয়ম্।
আদিত্যপথগঃ কেতুত্তভাতুত্মনোরমঃ ॥৪০॥

# ভারতকৌমুদী

শবেতি। উৎকুটম্ আনন্দধানিঃ কতঃ। সম্ভতে যুদ্ধায়, পার্যতে ধুইছ্যুয়ে ॥৩৯।
তমিতি। পার্থো যুধিটিরঃ, পার্যতং ধুইছ্যুয়ম্। ব্যুহঃ অভি ॥৪০॥
যমিতি। দেবাহুরে যুদ্ধে। প্রতিব্যুহ প্রতিব্যুহভাবেন রচয় ॥৪১॥
অদৃষ্টেতি। অদৃষ্টপূর্বং ব্যুহম্। নুদেবেন যুধিটিরেণ ॥৪২॥
প্রভাত ইতি। চক্রে ধুইছ্যুয়া স্থাপিতবান্। আদিত্যপথগঃ অভ্যুচ্চ ইত্যুবা ॥৪০॥
ভাবতভাবদীপঃ

ক্বতেহবহারে ইতি ॥১—৩॥ কক্ষং তৃণম্ ॥৪—१॥ ঋপ্পবে উভূপশ্তে ॥৮—১৮। আর্জবেন অকুটিলেন দিব্যাত্রমাধাহীনেন ॥১৯—২৪॥ অন্তর্গনাঃ বিমনাঃ ॥২৫—২০॥ নিধনং

অতএব রাজা। বুদ্ধদর্পিত ভীষ্ম, জোণ, কৃপ, শল্য ও জয়দ্রথ—ইহাদের সকলের সহিতই আজ আমি সমরাঙ্গনে প্রতিপক্ষভাবে যুদ্ধ কবিব ॥৩৮॥

তাহার পর ক্ষত্তিয়শ্রেষ্ঠ ও শত্রুদমন ধৃষ্টগ্রায় যুদ্ধেব জন্য উন্তত হইলে মহা-ধন্মধ্বির ও যুদ্ধন্থর্ধি পাগুবেবা উচ্চ আনন্দধ্বনি করিলেন ॥৩৯॥

পবে যুধিষ্ঠিব পুনবায় সেনাপতি ধৃষ্ঠদ্যুয়কে বলিলেন—'সমস্ত শক্তর পরাজ্যকারী 'ক্রোঞ্চারুণ'নামে একপ্রকার ব্যুহ আছে ১৪০॥

দেবাস্থরযুদ্ধের সমযে বৃহস্পতি ইন্দ্রের নিকট যে ব্যুহের বিবরণ বলিয়া-ছিলেন, বিপক্ষসৈক্সবিনাশক সেই ব্যুহ যথানিয়মে রচনা কবন ॥३১॥

কৌরবগণের সহিত আমাদের পক্ষীয় রাজাবা সেই অদৃষ্টপূর্ব্ব ব্যুহ দর্শন করুন'। ইহার পবে ইন্দ্র যেমন বিষ্ণুর নিকট বলিয়াছিলেন, সেইব্বপ রাজা যুধিষ্ঠির ক্রৌঞ্চাকণব্যুহেব বিববণ খুষ্টগ্রামের নিকট বলিলেন ॥৪২॥

<sup>(</sup>৩৯)···শক্রতাপনে—পি। (৪•)···তভ: পার্থ:—রা নি। (১১)···প্রাভিব্যুহ্ম—রা নি

শাসনাৎ পুরুত্তস্ত নির্দ্মিতো বিশ্বকর্মণা।
ইন্দ্রায়ুধ্যবর্ণাভিঃ পতাকাভিবলঙ্কতঃ ॥৪৪॥
আকাশগ ইবাকাশে গন্ধর্বনগবোপমঃ।
নৃত্যমান ইবাভাতি বথচর্য্যাস্থ মারিষ। ॥৪৫॥
তেন বত্ববতা পার্থঃ স চ গাণ্ডীবধন্ধনা।
বভূব পবমোপেতঃ স্থমেরুবিব ভাকুনা ॥৪৬॥
শিরোহভূদ্দ্রুপদো রাজা মহত্যা সেনয়া বৃতঃ।
কুন্তিভোজন্চ চৈত্যন্চ চক্ষুরাস্তাং নরেশ্বর। ॥৪৭॥

# ভাবতকোমুদী

শাসনাদিতি। শাসনাদাদেশাৎ, পুরুত্তত ইন্দ্রত । ৪৪॥

আকাশেতি। আকাশগ ইব স কেতুঃ। রথস্ত চর্যাস্থ বিচবণকালেরু ॥৪৫॥

তেনেতি। তেন কেতুনা, পার্থোহর্জ্জনা, দ কেতুশ্চ। পরমং হালবং যথা স্থাত্তথা উপেতো যুক্তঃ। ভান্থঃ স্থমেঙ্গণেব চেতার্থঃ IB৬॥

শির ইতি। শিরঃ ক্রোঞ্বাহতা। এবমগ্রতা চকুককুর্যম্ ॥ ৭ গা ভারতভাবদীপঃ

নিধনহেত্য ॥৩০—৩১॥ ভাষিতমূক্তম্ ॥৩২॥ মহাং মম ॥৩৩—৪৩॥ আকাশগ ইব পক্ষীব ॥৪৪॥ বথচর্যান্ত্রথবন্ধ স্থা৪৫॥ পরমোপেতঃ পরাঃ উৎকৃষ্টা চার্মো মা লক্ষীশ্চেভি প্রমা ভয়া উপেতঃ ॥३৬—৫০॥

ইতি শ্রীমহাভাবতে ভীদ্মপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫০॥

তাহার পব প্রভাতকালে ধৃষ্টগ্রায় সমস্ত সৈগ্রেব অগ্রে অর্জুনকে স্থাপন করিলেন। আশ্চর্য্য ও মনোহব তাঁহাব ধ্বজটা সুর্য্যের পথ পর্য্যন্ত উঠিল ॥৪০॥

বিশ্বকর্মা ইত্রেব আদেশ সেই ধ্বজটা নির্ম্মাণ করিয়াছিলেন এবং ইন্দ্রধন্মব স্থায় নানা বর্ণের পতাকাসমূহদাবা সেই ধ্বজটাকে শোভিত কবিয়া-ছিলেন ॥৪৪॥

আর্য্য ! রথখানা চলিবাব সমযে সেই ধ্বজটা আকাশগামীব স্থায়, গন্ধর্ব-নগরের ধ্বজেব স্থায়, নৃত্যশীলেব স্থায় শোভা পাইত ॥৪৫॥

এবং সুমেরুপর্বত যেমন স্থাদ্বাবা শোভা পায়, আবাব স্থাও যেমন সুমেরুপর্বতদ্বারা শোভা পান, সেইবপ অর্জুন সেই রতুথচিত ধ্রজদ্বারা শোভা পাইতে লাগিলেন, আবাব সেই বতুথচিত ধ্রজও অর্জুন্দ্বারা শোভা পাইতে লাগিল ॥৪৬॥

<sup>(</sup>৪৭) চক্ষ্তাং তৌ জনেশ্বরো---বা নি। ভীম (১৯)-৯৭

দাশার্কাঃ প্রভন্তাশ্চ দাশেরকগণৈঃ সহ।
অনৃপকাঃ কিরাতাশ্চ গ্রীবায়াং ভরতর্বভ! ॥৪৮॥
পটচ্চরৈশ্চ পোড়েশ্চ রাজন্! পোরবকৈত্তথা।
নিয়াদেঃ সহিতশ্চাপি পৃষ্ঠমাসীদ্যুধিন্তিরঃ ॥৪২॥
পক্ষে) ভু ভীমসেনশ্চ ধৃষ্টগ্রন্থশ্চ পার্যতঃ।
দ্রোপদেয়াভিমন্মশ্চ সাত্যকিশ্চ মহাবথঃ ॥৫০॥
পিশাচা দারদাশ্চেব পৃণ্ডাঃ কুণ্ডীবিষৈঃ সহ।
মারুতা ধৈনুকাশ্চিব তঙ্গণাঃ পরতঙ্গণাঃ ॥৫১॥
বাহ্লিকান্তিভিরাশ্চেব চোলাঃ পাণ্ডাশ্চ ভারত!।
এতে জনপদা রাজন্। দক্ষিণং পক্ষমাঞ্রিতাঃ ॥৫২॥ (বিশেষকম্)
অগ্নিবেশান্তত্থাশ্চ মালবা দানভারয়ঃ।
শবরা উদ্ভসাশ্চেব বৎসাশ্চ স নাকুলৈঃ ॥৫৩॥

# ভাবতকৌমূদী

দাশেতি। দাশার্ণাদয়গুত্তদেশবাসিন:। গ্রীবায়ামাসন্থিতি শেষ: ॥৪৮॥ পটকবৈরিতি। পৃঠং ব্যুহস্ত পৃষ্ঠবর্তী ॥৪२॥

পক্ষাবিতি। ভীমদেনো শ্বইত্বাদ্রক উভয়োঃ পক্ষয়োঃ প্রধানাবান্তামিত্যর্থঃ। ক্রোপদেইয়-র্দ্ধোপদীপুত্রৈর্ম্ ক্রঃ অভিমন্তাবিতি ক্রোপদেয়াভিমন্তাঃ। মধ্যপদলোপী সমাসঃ। জনপদাঃ পিশাচাদিজনপদবাসিন ইতি ভাৎপর্যাম্ ॥ • • — • ২॥

নবনাথ! জ্রুপদরাজা বিশাল সৈত্যে পরিবেষ্টিত হইয়া সেই ব্যুহের মস্তক হইলেন এবং কুন্তিভোজ ও চে্দিবাজ তাহার নয়নযুগলস্থানে রহিলেন ॥৪৭॥

ভরতশ্রেষ্ঠ ! দশার্ণ, প্রভন্ত, দাশের, অনূপ ও কিরাতদেশবাসী যোদ্ধারা সেই ক্রোঞ্চব্যুহের গ্রীবাদেশে থাকিলে ॥৪৮॥

রাজা ৷ পটচ্চব, পৌণ্ডু, পৌরব ও নিষাদদেশবাসী যোদ্ধাদের সহিত যুর্ধিষ্ঠিব ঐ ব্যুহের পৃষ্ঠবর্ত্তী হইলেন ॥৪৯॥

ভরতনন্দন রাজা! ভীমসেন ও পৃষতনন্দন ধৃষ্টগ্রায়—ইঁহারা ছই জন দক্ষিণ ও বামপক্ষবর্ত্তী যোদ্ধাদের মধ্যে প্রধান রহিলেন; আর জৌপদীর পুত্রগণ, অভিমন্ত্র্য, মহাবথ সাত্যকি এবং পিশাচ, দারদ, পুশু, কুণ্ডীবিষ, মারুত, ধেন্থক, তঙ্গণ, পরতঙ্গণ, বাহ্লিক, তিত্তিব, চোল ও পাণ্ড্যদেশবাসী সৈত্যেরা সেই ক্রৌঞ্চব্যুহের দক্ষিণপক্ষদেশে রহিলেন ॥৫০—৫২॥

<sup>(</sup>৪৮) এমু শ্লোকেমু পুস্তকভেদেবের পঠিভেদা: পরিলক্ষান্তা।

নকুলঃ সহদেবশ্চ বামং পক্ষং সমাজিতাঃ।
রথানামযুতং পক্ষো শিরস্ত নিযুতং তথা ॥৫৪॥ (যুগ্মক ম্)
পৃষ্ঠমর্ দমেবাসীৎ সহস্রাণি চ বিংশতিঃ।
গ্রীবায়াং নিযুতঞ্চাপি সহস্রাণি চ সপ্ততিঃ ॥৫৫॥
পক্ষকোটিপ্রপক্ষেয়ু পক্ষান্তেয়ু চ বারণাঃ।
জগ্মঃ পরিবৃতা রাজন্। চলস্ত ইব পর্ববতাঃ ॥৫৬॥
জঘনং পালয়ামাস বিরাটঃ সহ কেকয়ৈঃ।
কাশিরাজশ্চ শৈব্যশ্চ বথানামযুতৈদ্রিভিঃ ॥৫৭॥
এবমেনং মহাবৃহং বৃহ্ছ ভারত। পাগুবাঃ।
সূর্য্যোদয়ং ত ইচ্ছন্তঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ ॥৫৮॥

# ভাবতকোমুদী

ষশ্নীতি। দেশবাচিভিবগ্নিবেশাদিশবৈরপি তত্ত্বাসিনো লক্ষ্যন্ত। অত্তাযুতাদিপদানি বছসংখ্যাবিশেষপবাণি, অন্তথা পাগুবপকে সপ্তাক্ষোহিশ্মজিবিবোধঃ স্থাৎ ॥৫৩—৫৪॥

পৃষ্ঠমিতি। অবুদং দৈয়ানাম্। অন্তর্বাপাবম্ । ৫৫।

পক্ষেতি। পক্ষে ক্রেঞ্পক্ষিত্লাব্যহস্থ পক্ষমন্, কোটা ভবোবগ্রদেশহ্বন্, প্রপক্ষাং পক্ষান্তর্গতদেশান্চ তেয়ু, পক্ষান্তেয়ু পক্ষমনিহিতদেশেয়ু চ, বারণা হন্তিনং, পবিষ্তাং নৈত্যৈঃ পরিবেটিতাঃ সম্ভঃ ॥৫৬॥

জ্বনমিতি। কেক্ট্রিঃ কেক্সনেশীয়কৈট্যেঃ ॥৫ १॥ এব্যমিতি। ব্যুক্ত বচয়িত্বা। দংশিতাঃ সন্নদাঃ ॥৫৮॥

অগ্নিবেশ, ত্ত্ত, মালব, দানভারি, শবব, উদ্ভদ, বংদ এবং নাকুলদেশবাসী যোদ্ধাদের সহিত নকুল ও সহদেব সেই ব্যহের বামপক্ষদেশে থাকিলেন। সেই ক্রোঞ্ব্যুহের ছই পক্ষদেশে অযুত ও মস্তকদেশে নিযুত রথিদৈত্য রহিল ॥৫৩—৫৪॥

অর্বুদ ও বিংশতি সহস্র সৈগুদারা তাহার পৃষ্ঠদেশ বচিত হইল এবং গ্রীবাদেশে নিযুত ও সপ্ততি সহস্র সৈশ্ব রহিল ॥६৫॥

বাজা। সেই ক্রৌঞ্বাহেব ছুইটা পাখায়, তাহার অগ্রদেশে ও মধ্যদেশে এবং তাহার নিকটবর্তী স্থানে সৈয়ে পরিবেষ্টিত বহুসংখ্যক হস্তী, গমনশীল পর্বতসমূহেব স্থায় গমন কবিতে লাগিল ॥৫৬॥

কেব্য়দেশীয় সৈক্ষের সহিত বিরাট এবং ত্রিংশৎ সহস্র রথারোহী সৈক্ষের সহিত কাশিরাজ শৈব্য সেই ব্যুহের জ্বনদেশ রক্ষা করিতে লাগিলেন 119 ৭॥ তেষামাদিত্যবর্ণানি বিমলানি মহান্তি চ।
শ্বেতচ্ছত্রাণ্যশোভন্ত বারণেষু রথেষু চ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্ব্বণি ভীম্মবধে দ্বিতীয়দিবদযুদ্ধে ক্রোঞ্চব্যুহনির্মাণে পঞ্চাশভ্রমো২ধ্যাযঃ॥০॥

——**%**%——

# একপঞ্চাশত্তমোইধ্যায়ঃ।

\_\_\_0%0\_\_\_

#### সঞ্জয় উবাচ।

ক্রোঞ্চং দৃষ্ট্বা ততো বৃহ্মভেলং তনয়ন্তব।
বক্ষ্যমাণং মহাঘোবং পার্থেনামিততেজসা॥>॥
আচার্য্যমুপসঙ্গম্য কুপং শল্যঞ্চ পার্থিব।।
শৌমদন্তিং বিকর্ণঞ্চ সোহশ্বখামানমেব চ॥২॥
দুঃশাসনাদীন্ ভাতৃংশ্চ সর্বানেব চ ভারত।।
অন্যাংশ্চ স্থবহূন্ শ্রান্ যুদ্ধায় সমুপাগতান্॥।।
প্রাহেদং বচনং কালে হর্ষয়ংন্তনয়ন্তব।
নানাশন্তপ্রহ্রণাঃ সর্বের যুদ্ধবিশারদাঃ॥।। (কলাপকম্)

# ভারতকৌমূদী

তেষামিতি। আদিত্যবর্ণানি স্থ্যবছজ্জলানি। বাবণেয়ু হন্তিয়ু ॥ । । ।
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকায়াং ভারতকোমুদীসমাখ্যায়াং ভূীদ্মপর্কণি
ভীদ্মবধে পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥ । ॥

----

ভবতনন্দন! যুদ্ধসজ্জায় সজ্জিত পাগুবেবা এইভাবে এই মহাব্যুহ রচনা কবিয়া সুর্য্যোদয়েব প্রতীক্ষা কবিতে থাকিয়া যুদ্ধেব জন্ম অবস্থান করিতে থাকিলেন ॥৫৮॥

তাঁহাদেব সূর্য্যতুল্য উচ্জন, নির্ম্মল ও বিশাল শ্বেডচ্ছত্র সকল হস্তীব উপরে ও বথের উপরে শোভা পাইতে লাগিল"॥৫৯॥

-040

<sup>(</sup>৫२) খেতচ্ছত্রাণ্যদৃখন্ত-পি। (১) জৌঞ্চং ততো মহাব্যহ্ম ব্যহং দৃষ্টা মহাঘোরং পার্থেনাদিত্যতেজ্বা-পি। (২) শল্যঞ্চ মারিষ !--পি বা। (৪) সর্বে সর্বশাস্ত্রার্থকোবিদাঃ---পি বা

একৈকশঃ সমর্থা হি যুরং সর্বের মহারথাঃ।
পাণ্ডুপুত্রান্ রনে হস্তং সসৈন্থান্ কিয়ু সংহতাঃ ॥৫॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীমাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥৬॥
সংস্থানাঃ শূরসেনাশ্চ বেত্রিকাঃ কুকুরান্তথা।
আরোচকান্ত্রিগর্ত্তাশ্চ মদ্রকা যবনান্তথা ॥৭॥
শত্রুপ্পয়েন সহিতান্তথা ত্বংশার্সনেন চ।
বিকর্নেন চ বীরেণ তথা নন্দোপনন্দকৈঃ॥৮॥
চিত্রসেনেন সহিতাঃ সহিতাঃ পারিভদ্রকৈঃ।
ভীল্পমেবাভিরক্ষন্ত সহ সৈন্থপুরস্কৃতাঃ॥৯॥ (বিশেষকম্)

#### ভারতকোমুদী

ক্রেক্ষিমিতি। তব তন্য ইব স তব তন্টো তবতো যোগাঃ পুতো দুর্য্যোধন ইতার্থ:।

অতো ন পুনক্তি:। পার্থেনার্জ্নেন। আচার্যাং দ্রোপম্। সোমদ্বিং তৃরিপ্রবিদম্।

অতা ন পুনক্তি:। পার্থেনার্জ্নেন। আচার্যাং দ্রোপম্। সোমদ্বিং তৃরিপ্রবিদম্।

অতিক্সা ইতি। একৈকশো হি প্রত্যেক্ষেব। সংহতা মিলিতাঃ সন্তঃ॥৫॥

অপর্যাপ্রমিতি। অপর্যাপ্তম্ আধিক্যাদপবিমিতম্। পর্যাপ্তমন্ত্রাং পরিমিতম্॥৬॥

সংস্থানা ইতি। সংস্থানাদ্যো দেশবাচিনঃ শকান্তব্যেশবাদিনৈরে মুলক্ষান্তে। শক্তম্বান্ধেনে

তদার্থোন বীবেণ। সহ মুগপং, সৈক্তিঃ পুরস্কৃত্য অগ্রেসবীকৃতাঃ॥৭—১॥

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন বাজা। তাহার পব আপনাব পুত্রেব মত পুত্র ত্র্য্যোধন—জোণ, কৃপ, শল্য ভূরিশ্রবা, বিকর্ণ, অশ্বত্থামা, তৃঃশাসনপ্রভৃতি সকল জাতা এবং যুদ্ধের জন্ম উপস্থিত অন্যান্থ বহুতব বীরগণের নিকট উপস্থিত হইয়া তাঁহাদিগকে আনন্দিত করিতে থাকিয়া উপযুক্ত সময়ে এই কথা বলিলেন—"বীবগণ। আপনাবা সকলেই নানাবিধ অস্ত্রধাবী ও যুদ্ধে বিশারদ ॥১—৪॥

বিশেষতঃ আপনাবা দকলেই মহাবথ; স্থতরাং আপনাবা প্রত্যেকেই যুদ্ধে দৈন্তগণেব সহিত পাণ্ডবগণকে বিনাশ করিতে পারেন; এ অবস্থায় আপনাবা মিলিত হইয়া যে পাবিবেন, এ বিষয়ে আব বক্তব্য আছে কি ॥৫॥

তা'ব পব, ভীম্বক্ষিত আমাদের সৈত্ত অপরিমিত, আব ভীমবক্ষিত পাণ্ডবদৈত্ত পরিমিত ॥৬॥

<sup>(</sup>৬) পর্যাপ্তমিদমেতেবাং—রা নি। (৭) রেচকাশ্চ ত্রিগর্জাশ্চ—পি বা। (৮) বিকর্ণেন স্থবীরেণ —পি বা। (১) মণিভ দ্রকৈ: "দৈয়পুরং দরাঃ—পি বা।

ততো ভীশ্বশ্চ দ্রোণশ্চ তব পুত্রাশ্চ মারিষ!।
অব্যুহন্ত মহাব্যুহং পাঞ্নাং প্রতিবাধকম্ ॥>০॥
ভীশ্বঃ সৈন্মেন মহতা সমন্তাৎ পরিবারিতঃ।
যয়ে প্রকর্ষন্ মহতীং বাহিনীং স্থাররাড়িব ॥>>॥
তমন্বয়ান্মহেম্বাসো ভারদ্বাজ্ঞঃ প্রতাপবান্।
কুন্তলৈশ্চ দশার্বৈশ্চ মাগবৈশ্চ বিশাংপতে!॥>২॥
বিদর্ভির্মেকলৈশ্চেব কর্নপ্রাবরণেরপি।
সহিতঃ সর্ববিসন্যেন ভীশ্বমাহবশোভিনম্॥>০॥ (রুশ্মকম্)
গান্ধারাঃ সিন্ধুসোবীরাঃ শিব্যোহ্থ বসাত্যঃ।
শকুনিশ্চ স্বদৈত্যন ভারদ্বাজমপালয়ৎ॥>৪॥

# ভারতকৌমুদী

তত ইতি। হে মারিষ! আর্যা!। অব্যুহন্ত অবচয়ন্ত ॥১০॥
ভীম ইতি। পরিবাবিতঃ পবিবেটিতঃ। অ্ববাট্ ইস্রঃ ॥১১॥
তমিতি। অন্বয়াৎ অন্বগচ্ছৎ। সহিতৈর্মিলিতৈঃ ॥১২—১৩॥
গান্ধাবা ইতি। ভারদান্ধং জোণম্, অপাদয়ৎ অনুগমনেন ॥১৪॥

এখন সংস্থান, শূবসেন, বেত্রিক, কুকুর, আরোচক, ত্রিগর্ত্ত, মদ্রক ও যবন-দেশীয় বীবেরা আপন আপন সৈভাগণকে লইয়া এবং শক্রপ্পয়, ছঃশাসন, বিকর্ণ, নন্দ, উপনন্দ, চিত্রসেন ও পারিভদ্রকগণেব সহিত মিলিত হইয়া যুগপৎ ভীম্মকে রক্ষা করিতে থাকুন' ॥ — ১॥

মাননীয় রাজা। তাহার পব ভীম, জোণ ও আপনাব পুত্রেরা পাগুবগণেব নিবারক একটা মহাব্যুহ রচনা কবিলেন ॥১০॥

তৎপরে ভীম্ম দেবরাজের স্থায় সেই বিশাল সৈত্তি পরিবেষ্টিত হইয়া এবং তাহা আকর্ষণ করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥১১॥

নরনাথ! তদনন্তর মহাধমুদ্ধিব ও প্রতাপশালী জ্যোণাচার্য্য—কুন্তল, দশার্ণ, মগধ, বিদর্ভ, মেকল ও কর্ণপ্রাববণদেশীয় বীরগণ এবং সমস্ত সৈন্তের সহিত মিলিত হইয়া যুদ্ধশোভী ভীম্মেব অমুগমন কবিতে থাঁকিলেন ॥১২—১৩॥

গান্ধার, সিন্ধুসৌবীর, শিবি ও বসাতিদেশীয় বীরগণ এবং শকুনি—ইঁহার। আপন আপন সৈভ্যেব সহিত মিলিত হইয়া জোণাচার্য্যকে রক্ষা করিতে লাগিলেন ॥১৪॥

<sup>(</sup>১০) পার্ধানাং প্রতিবারণে—পি,···পার্থানাং প্রতিবাধনে—বা। (১৩) সহিতাঃ সর্ব্বসৈন্তেন—রা নি।

ততো হুর্য্যেধনো রাজা সহিতঃ সর্বসাদরৈঃ।
অখাতকৈবিকর্নৈন্চ তথা চাস্বঠকোশলৈঃ॥>৫॥
দরদৈন্চ শকৈন্চেব তথা কুদ্রকমালবৈঃ।
অভ্যরক্ষত সংহাটঃ সৌবলেয়স্থা বাহিনীম্॥>৬॥ (যুগ্যকম্)
ভূরিপ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তন্চ মারিষ!।
বিন্দান্তবিন্দাবাবন্ত্যো বামং পার্শ্বমপালয়ন্॥>৭॥
সৌমদত্তিঃ স্থশর্মা চ কাম্বোজন্চ স্থার্মিনান্থিতাঃ॥>৮॥
অখ্যামা কৃপন্চেব কৃতবর্মা চ সাত্তঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং সেনাপৃষ্ঠে ব্যবস্থিতাঃ॥>৯॥
পৃষ্ঠগোপান্ত তত্থাসন্ নানাদেশ্যা জনেখরাঃ।
কেতুমান্ বস্থদানন্চ পুত্রঃ কাশ্যন্থা মারিষ!॥২০॥

# ভারতকৌমুদী

তত ইতি। বিকর্ণেন্ডকেনীরে:। সৌবলেয়ত শকুনে: ॥১৫—১৬॥
ভূমীতি। আবন্ত্যে অবন্তিদেশীয়ে । বামং পার্যং ব্যুহতা ॥১৭॥
সৌমেতি। সৌমদন্তিঃ ভূরিপ্রবোভিন্ন: সোমদন্তত পুত্র: ভূরিপ্রবন্দ: প্রাণ্ডকত্বাৎ ॥১৮॥
অখেতি। সাত্তত্তবংশীর: কৃতবর্মা। সেনারা ব্যুহত্ত পৃঠে পক্ষাৎ ॥১৯॥
ভারতভাবদীপঃ

ক্রোঞ্চমিতি ।>—৫॥ অপর্যাগুমপরিমেয়ম্ ॥৬ -- ১२॥ অভিভবত্যভিভূ: কিপ্, ॥২০—৩০॥ ইতি শ্রীমহাভাবতে ভীম্মপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে একপঞ্চাশন্তমোহধ্যায়ঃ ॥৫১॥

তাহাব পর রাজা হর্ঘ্যোধন—সমস্ত সহোদর এবং অশ্বাতক, বিকর্ণ, অম্বষ্ঠ, কোশল, দরদ, শক, ক্ষুদ্রক ও মালবদেশীয় যোদ্ধাদেব সহিত মিলিত হইয়া আনন্দিত চিত্তে শকুনির সৈন্ম রক্ষা কবিতে থাকিলেন ॥১৫—১৬॥

মাননীয় রাজা। ভূবিশ্রবা, শল, শল্য, ভগদত্ত এবং অবস্তিদেশীয় বিন্দু ও অমুবিন্দ—ইহাবা ব্যুহেব বামপার্শ্ববক্ষক হইলেন ॥১৭॥

সোমদত্ত্বে অপৰ পূত্ৰ, স্থশৰ্মা, কাম্বোজরাজ স্থদক্ষিণ, শ্রুতায়ু ও অচ্যুতাযু—ইহাবা ব্যুহের দক্ষিণপার্শ্বে বহিলেন ॥১৮॥

অশ্বথামা, কুপাচার্য্য ও সাত্বত কুতবর্দ্মা—ইহারা বিশাল সৈত্যের সহিত ব্যুহের পূর্বভাগে থাকিলেন ॥১৯॥

<sup>(</sup>১০) ভগদত্তক মারিষঃ—রা নি। (১৮) পক্ষমান্থিতাঃ—রা নি। (২০) পুত্রঃ কাশুস্ত চাভিভূঃ—রা নি।

7

ততন্তে তাবকাঃ সর্বের হান্টা যুদ্ধায় ভারত। ।
দগ্মঃ শন্তান্ যুদা যুক্তাঃ সিংহনাদাংস্তথাহনদন্ ॥২১॥
তেষাং প্রুদ্ধা তু হান্টানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ।
সিংহনাদং বিনত্যোচিচঃ শন্তাং দগ্মো প্রতাপবান্ ॥২২॥
ততঃ শন্তাশ্চ ভের্যাশ্চ পণবা বিবিধাঃ পরৈঃ।
আনকাশ্চাভ্যহন্তন্ত স শন্তম্মুলোহভবৎ ॥২০॥
ততঃ থেতৈইয়ৈযুক্তি মহতি স্তন্দনে স্থিতে।
প্রদধ্মতুঃ শন্তাবে। হেমবত্রপরিস্কৃতে। ॥২৪॥
পাঞ্চল্ডাং হানীকেশো দেবদত্তং ধনপ্রয়ঃ।
পোঞ্ছ দগ্মো মহাশন্তাং ভীমকর্মা ব্রকোদরঃ ॥২৫॥

#### ভারতকৌমুদী

পৃষ্ঠেতি। পৃষ্ঠগোপা: পৃষ্ঠবক্ষকা:, তত্ত্ব অশ্বথামাদিবীবগণত্ত ॥২০॥
তত ইতি। তাবকাত্ত্পেকীয়া:। মৃদা আনন্দেন। অনদন্ অকুর্বন্ ॥২১॥
তেবামিতি। কুরণাং তুর্ব্যোধনাদীনাং পিতামহো ভীম্ম:। বিনম্ভ কুত্বা ॥২২॥
তত ইতি। পণবানকাবপি বাছবিশেষী। পবৈর্বিপক্ষে: পাওবৈবপি ॥২৬॥
তত ইতি। ক্তন্দনে বথে। হেমভি: রত্ত্বৈত পবিষ্কৃত্বো শোভিত্বো ॥২৪॥
শহ্মবিবী নামা বিবৃণোতি—পাঞ্চিত। পোণ্ডুং নাম ॥২৫॥

আব মাননীয় বাজা। কেতুমান্, বস্থদান ও কাশ্যপুত্রপ্রভৃতি নানা দেশীয় বাজাবা অখখামাপ্রভৃতিব পৃষ্ঠবক্ষক হইলেন ॥২০॥

ভবতনন্দন। তাহাব পব আপনাব পক্ষীয় যোদ্ধারা সকলে যুদ্ধের জন্ম উৎযুল্ল ও আনন্দিত হইয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিলেন ॥২১॥

সেই আনন্দিত বীবগণেব শব্ধধ্বনিপ্রভৃতি শুনিয়া বৃদ্ধ ও প্রতাপশালী ভীম্মও উচ্চস্ববে সিংহনাদ কবিয়া শব্ধধ্বনি কবিলেন ॥২২॥

তাহার পব পাণ্ডবপক্ষেও শব্ধ, ভেবী, নানাবিধ পণব ও অনেকের ধ্বনি হইতে লাগিল ; তাহাতে সেই ধ্বনি তুমূল হইয়া পড়িল ॥২৩॥

তাহাব পৰ কৃষ্ণ ও অৰ্জুন শ্বেতা যুক্ত বিশাল বথে থাকিয়া স্বৰ্ণ ও বত্নখচিত উত্তম হুইটা শঙ্খেব ধ্বনি কবিলেন ॥২৪॥

কৃষ্ণ পাঞ্চন্তশন্থেব এবং অর্জুন দেবদন্তনামক শধ্যেব ধ্বনি কবিলেন, আর ভযঙ্কবকর্মা ভীমসেন পৌগুনামক শঙ্খ বাজাইলেন ॥২৫॥

<sup>(</sup>২১) তথোমান্—রানি। (২৩) পেশ্রুণ্চ বিবিধাং পর্টের:—রানি<sub>।</sub>।

অনন্তবিজয়ং বাজা কৃন্তীপুত্রো যুধিষ্ঠিবঃ।
নকুলঃ সহদেবণ্চ স্থযোষমণিপুল্পকো ॥২৬॥
কাশীবাজণ্চ শৈব্যণ্চ শিশুণ্ডী চ মহাবথঃ।
ধূষ্টপ্তান্মো বিবাটণ্চ সাত্যকিশ্চ মহারথঃ॥২৭॥
পাঞ্চাল্যণ্চ মহেম্বাসো জৌপদেয়াণ্চ পঞ্চ যে।
সর্বের দথ্য র্মহাংশুত্র বীবৈস্থিঃ সমুদীবিতঃ।
নভ্ন্চ পৃথিবীঞ্চৈব ভুমুলো ব্যন্তনাদ্যন্ ॥২৯॥
এবমেতে মহাবাজ! প্রহুষ্টাঃ কুরুপাণ্ডবাঃ।
পুনুর্দ্ধায় সংজ্ঞা,ন্তাপ্যানাঃ পরম্পবম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিতীয়দিবসমূদ্ধে কোববব্যুহবচনায়ামেকপঞ্চাশত্তমোহধ্যায়ঃ॥।॥

#### ভাবতকৌমুদী

অনস্তেতি। যথাসম্ভবং দর্ঘৌ দশ্বত্বিতি শেষঃ ॥২৬॥
কাশীতি। শৈব্যঃ শিবিবংশীয়ঃ কশ্চিদ্রাজা। পাঞ্চাল্যো জ্রপদঃ ॥২৭—২৮॥
স ইতি। সমৃদীরিতঃ শব্দীঃ ক্বতঃ। ব্যহ্মনাদয়য়াসীং ॥২৯॥
এবমিতি। তাপয়ানা উদ্বেজযক্তঃ। মকাবাগমাভাব আর্যঃ ॥৩০॥
ইতি মহামহোপাব্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকাষাং ভাবতকোমৃদীসমাধ্যাষাং ভীশ্বপর্ববি
ভীশ্ববধে একপঞ্চাশন্তমোহধ্যায়ঃ ॥০॥

কুন্তীনন্দন বাজা যু্'ধষ্ঠির অনন্তবিজয়নামক. শব্খ এবং নকুল ও সহদেব যথাক্রমে সুঘোষ ও মণিপুষ্পানামক শব্খ বাদিত কবিলেন ॥২৬॥

তা ব পব কাশীবাজ, শৈব্য, মহাবথ শিখণ্ডী, ধৃষ্টগ্রায়, বিবাট, মহাবথ সাত্যকি, মহাধন্মর্দ্ধর ক্রুপদ এবং জ্রোপদীব পঞ্চ পুত্র—ইঁহারা সকলে মহাশঙ্খ সকল বাজাইলেন এবং সিংহনাদ কবিলেন ॥২৭—২৮॥

তৎকালে সেই বীবগণকৃত সেই তুমূল ও বিশাল শব্দ আকাশ ও পৃথিবী নিনাদিত কবিয়া বিস্তৃত হইল ॥২৯॥

মহাবাজ ! এইভাবে সেই প্রহাষ্ট কুকপাগুবেবা প্রস্পব সম্ভপ্ত করিয়া যুদ্ধের জন্ম পুনরায় সমগঙ্গনে গমন করিলেন" ॥৩০॥

नद-(६८) इकि

<sup>(</sup>২৮) পাঞ্চাল্যাক মহেবালাং—রা মি। (২ন) ভুমুলোগভাহনাদ্মন্—পি।

<sup>(</sup>७१) जानमानाः गर्मावय्-नि ।

# দ্বিপঞ্চাশত্তমা২খ্যায়ঃ।

-242-

পুতরাষ্ট্র উবাচ।

এবং ব্যুচ্ছেনীকেষু মামকেষিতবেষু চ। কথং প্রহরতাং শ্রেষ্ঠাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥১॥ সপ্রয় উবাচ।

সমং ব্যুত্তেমনীকেযু সমদ্ধরুচিরধ্বজম্। অপার্মিব সংদৃশ্য সাগরপ্রতিমং বলম্॥২॥ তেষাং মধ্যে স্থিতো রাজন্ ! পুত্রো হুর্য্যোধনন্তব । অত্রবীত্তাবকান্ সর্ব্বান্ যুধ্যধ্বমিতি দংশিতাঃ ॥৩॥ (যুশ্মকম্) তে মনঃ ক্রুরমাধায় সমভিত্যক্তজীবিভাঃ। পাগুবানভাবৰ্ত্তন্ত সৰ্বৰ এবোচ্ছি তথ্বজাঃ ॥৪॥

# ভাৰতকোমুদী

এবমিতি। বাতেষু বাহরণেণ দরিবেশিতেষু, অনীকেষু দৈয়েষু ॥।। সমমিতি। সমং সমানম্। সমদ্ধা রথাদিমু বদ্ধা কচিবা ধৰকা বস্তু তং। ভেষাং স্বপক্ষীয়নৈতানাম্। দংশিতা বৃদ্ধায় সরদ্ধা য্যম্ ।২—८॥

ত ইতি। আধায় বিধার, সমভিতাক্তজীবিতা জীবনত্যাগাঞ্জন ভতা: ॥॥ )

ধৃতবাষ্ট্র বলিলেন—"সঞ্জয়। আমার পক্ষেব সৈতা ও বিপক্ষের সৈতা এই-রূপে ব্যুহভাবে সন্নিবেশিত করিলে বীবশ্রেষ্ঠেরা কিরূপ যুদ্ধ করিলেন 🕍 ॥১॥

বলিলেন—"বাজা! উভয়পক্ষের দৈগ্য সপ্তয সমানভাবে ব্যুহকপে সন্নিবেশিত কবিলে, আপনাব পুত্র হুর্য্যোধন আপন সৈক্তমধ্যে থাকিয়া আপনার সকল সৈত্যকে বলিলেন—'আপনারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়াছেন; স্তরাং এখন যুদ্ধাবস্ত ককন'॥২---৩॥

তথন আপনার পক্ষীয় বীবেরা সকলেই জীবনত্যাগে উদ্ভন্ত হইয়া মনকে কঠিন করিয়া ধ্বন্ধ উদ্ভোলনপূর্ব্বক পাণ্ডবগণেব প্রতি ধাবিত হইলেন ॥৪॥

<sup>(</sup>২) এবং ব্যচেধনীকেষু সন্নদ্ধা কচিবঞ্চাঃ—পি, সমং ব্যচেধনীকেষু সন্নদ্ধা কচিবঞ্চা वा व, उथा व्याद्यनीत्क्यू मन्नक्षक्तित्रक्षकाः—नि ।

ততো যুদ্ধং সমভবত্তু মূলং বোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরগদিপম্॥৫॥
মূক্রাস্ত রথিভির্বাণা রুক্মপুদ্ধাঃ স্থতেজিতাঃ।
সমিপেভুরকুঠাগ্রা নাগেষু চ হবেষু চ ॥৬॥
তথা প্রবৃত্তে সংগ্রামে ধনুরুত্তম্য দংশিতঃ।
অভিপত্য মহাবাহুর্ভীয়ো ভীমপবাক্রমঃ॥৭॥
দোভদ্রে ভীমদেনে চ সাত্যকো চ মহাবথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃক্টগ্রান্সে চ পার্ষতে॥৮॥
এতেয়ু নববীরেয়ু চেদিমৎস্তেমু চাভিভূঃ।
বর্ষ শরবর্ষাণি রুদ্ধঃ কুরুপিতামহঃ॥৯॥ (বিশেষকম্)
প্রাকম্পন্ত মহাব্যহন্তস্মিন্ বীবসমাগমে।
সর্বেব্যামেব দৈন্যানামানীদ্যাতিকরো মহান্॥১০॥

## ভাবতকোমূদী

তত ইতি। ব্যতিষক্তা: প্ৰস্পাবং লগা বথা দিপা হস্তিন্ধ ষত্ৰ তং । ।

মুজা ইতি। মুজা: ক্ষিপ্তা: । অকুণ্ঠাগ্ৰা অব্যৰ্থদলকা:, নাগেমু হস্তিমু ॥ ॥

তথেতি। দংশিত: ক্বলগাহ: । সৌভত্তে অভিমন্তো । পাৰ্যতে পৃষ্তপৌত্তে । অভিভবতি
শক্তন্ প্ৰাজ্মত ইতি অভিভূ: । কুৰুণাং মুখিষ্টিবাদীনাং পিতামহ: ॥ ৭ — ৯॥

প্ৰেতি। ব্যতিক্ৰ: প্ৰস্পাৰ্মদেলন্মু ॥ ১ • ॥

তাহাব পব আপনাব পক্ষেব ও বিপক্ষেব বথ ও হস্তী সকল প্রস্পাব মিলিত হইল এবং তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৫॥

ক্রমে বথাবোহীবা যে সকল স্বর্ণপুদ্ধ, সুশাণিত ও স্থতীক্ষ বাণ নিক্ষেপ কবিতে লাগিলেন, সেগুলি যাইয়া বিপক্ষেব হস্তী ও অশ্বগণেব উপবে পতিত হইতে লাগিল ॥৬॥

সেইবাপ যুদ্ধাবন্ত হইলে যুদ্ধসজ্জায় সজ্জিত, মহাবাহু ভয়স্কবপবাক্তমশালী, শত্রুবিজ্ঞয়ী, বৃদ্ধ ও কৌববপিতামহ ভীশ্ব ধমু উদ্ভোলনপূর্বক অগ্রবর্তী হইয়া অভিমন্ত্য, ভীমসেন, মহাবথ সাত্যকি, কেকয়বাজ, বিবাট ও পৃষতনন্দ্দ ধৃষ্টগ্রায়—এই সকল নরবীরগণেব উপরে এবং চেদিদেশীয় ও মংস্থাদেশীয় সৈম্মাণেব গাত্রে বাণ বর্ষণ কবিতে লাগিলেন ॥ ৭ – ৯॥

 <sup>(</sup>৮) অর্জুনে চ মহারথে—পি। (३) মংশ্রেষু বা বিভৃঃ—পি বা।

<sup>(</sup>১°) অভিগত ততো ব্যৃহ:—বা নি ।

সাদিনো থবজিনশ্চৈব হতাঃ প্রবরবাজিনঃ।
বিপ্রযাতরথানীকাঃ সমপতান্ত পাগুবাঃ॥১১॥
অর্জ্জনস্ত নরব্যান্ত্রো দৃষ্ট্ব। ভীত্মং মহারথম্ ।
বাফেরমত্রবীৎ ক্রুন্ধো বাহি যত্র পিতামহঃ ॥১২॥
এই ভীত্মঃ স্লুস্ট্রেরা বাফের্য় ! মম বাহিনীম্ ।
নাশয়িয়তি স্লব্যক্তং তুর্য্যোধনহিতে বতঃ ॥১৩॥
এই ত্রোণঃ ক্রপঃ শন্যো বিকর্ণশচ জনার্দ্দন ! ।
হার্ত্তরাষ্ট্রাশ্চ সহিতা তুর্য্যোধনপুরোগমাঃ॥১৪॥
পাঞ্চালান্ নিহনিয়ন্তি বক্ষিতা দৃঢ়ধন্বনা ।
সোহহং ভীত্মং বিষয়ামি সৈন্যহেতোর্জনার্দ্দন ।॥১৫॥(যুগ্মকম্)
তমত্রবীদাস্থদেবো যত্তো ভব ধনঞ্জয় ! ।
এই ত্বাং প্রাপমে বীর ! পিতামহরথং প্রতি॥১৬॥

#### ভাবতকৌমূদী

সাদিন ইতি। সাদিনো হন্ত্যাবোহিণঃ। বিপ্রধাতং পলাযিতং বথানীকং যেষাং তে ॥১১॥ অর্জ্জ্ন ইতি। ভীশং যুদ্ধপ্রবৃত্তমিত্যাশয়ঃ। বার্ফেগ্নং কৃষ্ণম্ ॥১২॥ এষ ইতি। স্ব্যক্তং শ্রুবমিত্যর্থঃ॥১৩॥

এব ইতি। সহিতা মিলিতা:। দৃচধ্বনা ভীম্বেণ। সৈত্তহেতোঃ স্বলৈত্তবৃদ্ধার্থন্ ।১৪—১৫॥

বীবগণেব সেই সম্মেলনেব সময়ে উভয়পক্ষেব বিশাল ব্যুহই বিচলিত হইল এবং সকল সৈন্ডেরই অত্যন্ত সংঘর্ষ চলিতে লাগিল ॥১০॥

ক্রমে পাগুবপক্ষের হস্ত্যারোহী, ধ্বন্ধাবী ও উত্তম অশ্বাবোহী সৈয়েবা নিহত হইতে থাকিল এবং বথারোহী সৈয়েবা পলায়ন কবিতে লাগিল ॥১১॥

তথন নরশ্রেষ্ঠ অর্জুন মহাবথ ভীম্মকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া ক্রুম্বকে বলিলেন— 'কৃষ্ণ! ভীম্ম যেখানে বহিষাছেন, সেখানে যাও ॥১২॥

হুর্য্যোধনেব হিতে নিবত এই ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই আমাদেব সৈন্ত বিনাশ করিবেন ॥১৩॥

আব কৃষ্ণ। এই দ্রোণ, কৃপ, শল্য, বিকর্ণ এবং ছর্য্যোধনপ্রভৃতি সন্মিলিত ধার্ত্তবাষ্ট্রগণ দৃঢ়কাম্মূক ভীম্মকর্তৃক বক্ষিত থাকিয়া আমাদের পাঞ্চালসৈগ্র সংহাব করিবেন। অতএব কৃষ্ণ। আমি আপন সৈক্যগণেব রক্ষাব জন্য ভীম্মকে বধ করিব'॥১৪—১৫॥

<sup>(</sup>১১) হতপ্ৰব্যানন: শবিপ্ৰফতব্যানীকাঃ—বা দি। (১৯) এব পাৰ পাৰ কাশ্বিকাৰি—

#### ছিপঞ্চাশন্তৰোহগায়ঃ।



এবমুক্ত্যা ততঃ শোরী রথং তং লোকবিশ্রুতম্ ।
প্রাপয়ামাস ভীয়য়য়ৣ৾য়থংয়পতি জনেয়য় ! ॥>৭॥
চলদ্বহুপতাকেন বলাকাবর্ণবাজ্ঞিনা ।
সমুচিছ তমহাভীমনদদ্বানরকেতুনা ।
মহতা মেঘনাদেন রথেনাদিত্যবর্চসা ॥>৮॥
বিনিম্নন কৌরবানীকং শ্বসেনাংশ্চ পাগুবঃ ।
প্রাযাচছরণদঃ শীদ্রং স্কুলাং হর্ষবর্জনঃ ॥>৯৯ (য়ুয়য়য়য়্)
তমাপতত্তং বেগেন প্রভিন্নমিব বারণম্ ।
তাসয়ত্তং বণে শ্রান্ মর্দয়ত্তঞ্চ সায়কৈঃ ॥২০॥
দৈন্ধবপ্রমুখৈত প্রঃ প্রাচ্যদোবীরকেকরেঃ ।
সহসা প্রত্যুদীয়ায় ভীয়ঃ শান্তনবোহর্জ্জনম্ ॥২১॥ (য়ুয়য়য়ম্)

### ভাবতকৌমূদী

তমিতি। তমৰ্জ্নম্। যভো যুদ্ধার বত্নবান্। প্রাপরে নরামি ॥>॥।
এবমিতি। শৌরিঃ কৃষ্ণঃ। লোকে জগতি বিশ্রুতিং বিখ্যাতম্॥>॥।

চলদিতি। চলস্ত্যো বহরা: পতাকা ষত্ত তেন, বলাকাবর্ণা বকপক্ষিবৎ শুল্রবর্ণা বাজিনো ঘোটকা যশু তেন, মহাভীমং নদন্ বানরো যত্ত স সমৃষ্ট্রিতঃ অত্যুক্তো মহাভীমনদন্ধানরঃ কেতৃধর্বজা যশু তেন, মেঘশ্রেব নাদো যশু তেন। বটুপাদোহ্যং শ্লোকঃ। পাণ্ডবোহ্র্জ্নঃ। শরণদঃ অবৈদ্যুক্তকঃ॥১৮—১০॥

তথন কৃষ্ণ অৰ্জুনকে বলিলেন—'বীব অৰ্জুন! তুমি যুদ্ধেব জন্ম প্ৰস্তুত হও; এই আমি তোমাকে ভীম্মেব বথেব দিকে লইয়া যাইতেছি' ॥১৬॥

নবনাথ! এইবাপ বলিয়া তাহাব পব কৃষ্ণ সেই জগৎ বিখ্যাত বথখানাকে ভীম্মের রথেব সম্মুখে লইয়া গেলেন ॥১৭॥

সেই বথে বহুতব পতাকা ছলিতেছিল, বকপক্ষীব ন্যায় শুল্রবর্ণ চারিটা অশ্ব যোজিত ছিল, তাহাব অত্যুচ্চ ধ্বজেব উপবে থাকিয়া একটা বানর ভয়ঙ্কর শব্দ কবিতেছিল এবং তাহাব চক্রেব শব্দ মেঘগর্জনেব ন্যায় গস্তীর ছিল, আর তাহাব বর্ণ সুর্য্যেব ন্যায় উচ্জল ছিল, এহেন বিশাল রথে আরোহণ করিয়া স্বসৈশ্যরক্ষক ও বন্ধুবর্গেব আনন্দবর্দ্ধক অর্জ্জ্ন কৌববসৈন্য ও শ্বুরসেনদেশীয় সৈশ্যগণকে সংহাব কবিতে থাকিয়া সম্বর ভীম্মেব রথের সম্মুথে গমন করিলেন ॥১৮—১৯॥

<sup>(</sup>১৮) রংখনামিততে<del>জ</del>্লা—রা নি।

কো হি গাণ্ডীবধন্থানমন্তঃ কুরুপিতামহাৎ।

দ্রোণবৈকর্ত্তনাভ্যাং বা রথী সংবাতুমহৃতি ॥২২॥
ততো ভীল্পো মহাবাহুঃ কৌরবাণাং পিতামহঃ।
অর্জ্তন্নং সপ্তসপ্তত্যা নারাচানাং সমার্পরৎ ॥২০॥
দ্রোণশ্চ পঞ্চবিংশত্যা কৃপঃ পঞ্চাশতা শরৈঃ।
তুর্য্যোধনশ্চতুঃষত্যা শল্যশ্চ নবভিঃ শরৈঃ ॥২৪॥
দৈন্ধবো নবভিশ্চেব শকুনিশ্চাপি পঞ্চভিঃ।
বিকর্ণো দশভির্ভন্নৈ রাজন্! বিব্যাধ পাণ্ডবম্॥২৫॥ (যুগ্মকম্)
দ তৈর্বিদ্ধো মহাবাহুঃ সমস্তামিশিতৈঃ শরৈঃ।
ন বিব্যথে মহেঘানো বিভ্যমান ইবাচলঃ ॥২৬॥

## ভারতকৌমুদী

তমিতি। প্রভিন্নং মদলাবিণম্, বারণং হতিনম্। গৈদ্ধবপ্রম্থৈর্জন্তরধপ্রভৃতিভিন্ন, সংস্থা রন্দিতঃ। তমর্জুন্মিতি সহদ্ধঃ ।২০—২১।

ক ইতি। ব্যোণবৈকর্তনাভ্যাঞ্চাত ইতি সহয়:। বৈকর্তনশ্চ কর্ণ: ।২২॥
তত ইতি। নারাচানাং বাণবিশেষাণাম্, নমার্পরং অপীভরং ।২৩॥
ব্যোগ ইতি। পঞ্চবিংশত্যা শরৈ:। শৈলবো তর্ত্তং:। পাওবমর্ত্ত্নম্ ॥২৪—২৫॥

সর্জ্ব—মদদ্রাবী হন্তীর স্থায় বেগে আসিতে লাগিলে, বীরগণকে সম্ভন্ত করিয়া তুলিলে এবং বাণদ্বাবা কৌববসৈত্যগণকে মর্দন কবিতে থাকিলে, শান্তত্মনন্দন ভীম তৎক্ষণাৎ তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন; সেই সমধে জয়দ্রথপ্রভৃতি বীরগণ এবং প্রাচ্যদেশীয়, সৌবীরদেশীয় ও কেকয়দেশীয় বীরেবা তাঁহাকে রক্ষা কবিতে থাকিলেন ॥২০—২১॥

ভীম, জোণ ও কর্ণ ভিন্ন অন্ত কোন্ বথী বুদ্ধে গাণ্ডীবধন্থৰ্জারী অর্জুনেব সম্মুধে গমন কবিতে সমর্থ হয় ? ॥২২॥,

তাহাব পবে যুর্ধিষ্টিরপ্রভৃতি কোঁরবগণেব পিতামহ মহাবাহু ভীদ্ম সপ্ত-সপ্ততি নারাচ্ছাবা অর্জুনকে তাড়ন করিলেন ॥২৩॥

রাজা! তংপরে জোণ পঁচিশটা, কৃপ পঞ্চাশটা, তুর্য্যোধন চৌষট্টিটা, শল্য নযটা, জয়ত্রথ নয়টা এবং শকুনি পাঁচটা বাণদ্বারা, আবাবকর্ণ দশ্দী ভল্লদ্বাবা মর্জ্জুনকে বিদ্ধ করিলেন 1২৪—২৫॥

<sup>(</sup>২৩) ততো ভাঁদ্রো নহারাক ! সমাহিন্—বা, ততো ভীলো মহাবাক ! সমাচিনোৎ— বা নি । (২৫) সৌণিঃ ষষ্ঠ্যা নরব্যান্ত !---বিকর্ণন্চ ত্রিভিঃ শবৈঃ । আর্তায়নিজিভির্তনৈঃ— পি বা ।

স ভীন্মং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নকভিঃ শবৈঃ।

দ্রোণং ষন্ট্যা নরবাজো বিকর্ণঞ্চ ত্রিভিঃ শবৈঃ॥২৭॥
শল্যঞ্চৈব ত্রিভির্বাণৈ রাজানঞ্চৈব পঞ্চভিঃ।
প্রত্যবিধ্যদমেয়াত্মা কিরীটা ভরতর্বভ । ॥২৮॥ (যুগ্মকম্)
তং সাত্যকিবিরাটন্চ ধ্রুইত্যুন্দচ পার্যতঃ।
সোভজো জৌপদেয়ান্চ পরিবক্রধনঞ্জয়ম্॥২৯॥
ততো জোণং মহেষাসং গাঙ্গেয়স্থা প্রিয়ে রতম্।
অভ্যবর্ত্তত পাঞ্চাল্যঃ সংযুক্তঃ সহ সোমকৈঃ॥৩০॥
ভীত্মস্ত রথিনাং শ্রেষ্ঠো রাজন্। বিব্যাধ পাণ্ডবম্।
অশীত্যা নিশিতৈর্বাণৈস্ততোহক্রোশন্ত তাবকাঃ॥৩১॥

# ভারতকৌমুদী

দ ইতি। শং অর্জ্না। সমস্তাদেহত সর্বাস্থ দিক্ষ্ ॥২৬॥

দ ইতি। স কিরীটা। রাজানং ত্র্ণোধনম্। অমেযাত্মা অজ্ঞেয়ন্থভাবঃ ॥২৭— ২৮॥

তমিতি। সৌভদ্রা অভিমন্তা, দ্রৌপদেয়া দ্রৌপভাঃ পুত্রাং, পবিবক্তা পরিবেটিতবস্তঃ ॥২০॥

ডত ইতি। গালেয়ক্ত ভীমভা। পাঞ্চাল্যো ধৃষ্টলুয়ঃ ॥০০॥ ভীম ইতি। পাণ্ডবমৰ্জুনম্। অকোশন্ত আনন্দকোলাহলমকুৰ্বন্ ॥৩১॥

তথন মহাবাছ ও মহাধমুর্দ্ধব অর্জ্জুন দেহের সকল দিকে সেই নিশিত বাণসমূহদ্বাবা বিদ্ধ হইয়াও ভিত্তমান পর্বতেব ক্যায় ব্যথিত হইলেন না ॥২৬॥

ভবতশ্রেষ্ঠ। ক্রেমে নরশ্রেষ্ঠ ও অজ্ঞেয়স্বভাব অর্জ্ন পঁটিশটাদ্বাবা ভীম্মকে, নমটাদ্বারা কৃপকে, বাটটাদ্বাবা দ্রোণকে, তিনটাদ্বাবা বিকর্ণকে, তিনটাদ্বারা শঙ্গাকে এবং পাঁচটা বাণ্দ্বাবা ত্র্যোধনকে প্রতিবিদ্ধ কবিলেন ॥২৭—২৮॥-

এই সময়ে সাত্যকি, বিবাট, পৃষতনন্দন ধৃষ্টগ্রায়, অভিমন্থা এবং জৌপদীর পুত্রগণ, ইঁহারা সাহাঘ্য কবিবার জন্ম অর্জ্জ্নকে পবিবেষ্টন কবিলেন ॥২৯॥

তাহাব পর ধৃষ্টগ্রায় সোমকগণেব সহিত মিলিত ছইযা ভীত্মেব প্রির্কার্য্যে নিবত ও মহাধন্ত্র্দ্ধিব দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৩০॥

বাজা! এদিকে বথিশ্রেষ্ঠ ভীম্ম অনীতিসংখ্যক নিমিত বাণদারা অর্জুনকে বিদ্ধ কবিলেন, তাহাতে আপনাব পক্ষীয় বোদাবা আনন্দে কোলাহল কবিয়া উঠিলেন ॥৩১॥

<sup>(</sup>২৯) ব্রৌপদেয়ভিমহাত পরিবক্ত:--পি বা ৷ (৩১) অব্রেক্টান্ত পাণ্ডবা:---নি ৷

9.

### ভারতকৌমূদী

তেষামিতি। প্রান্ত টবং আনন্দিত ইব। নবিসিংহোহর্জুন: ॥৩২॥
তেষামিতি। বথসিংহানাং বথিপ্রেটানাম্। লক্ষং শস্ত্রাঘাতবিষয়ান্ ॥৩৩॥
ক্ষত্রিয়াণামিতি। ক্বন্তন্ ছিন্দন্। বথস্থ উপস্থান্ উপবিতনদেশান্ ॥৩৪॥
তত ইতি। স্বকং স্বকীয়ম্। পার্থেন স্বর্জুনেন ॥৩৫॥

আনন্দিত কৌববগণেব কোলাহল শুনিয়া প্রতাপশালী ও নরশ্রেষ্ঠ অর্জুন আনন্দিত হইয়াই যেন বিপক্ষসৈশ্বমধ্যে প্রবেশ করিলেন ॥৩২॥

এবং রাজা ! অভ্জুন সেই বথিভোষ্ঠগণেব মধ্যে প্রবেশপূর্বক মহাব্যগণকে লক্ষ্য কবিয়া ধনুদ্বাবা যেন ক্রীডা কবিতে লাগিলেন ॥৩৩॥

কেন না, তখন মহাবথ অর্জ্জন ভয়ন্ধব অন্ত্রসমূহদারা ক্ষত্তিয়গণের মস্তক ছেদন কবতঃ বথেব উপবিভাগ শৃত্য কর্বিয়া ক্রিয়া বিচৰণ ক্রিতে থাকিলেন ১৩৪৪

ভদনস্থব নরনাথ বাজা ছর্য্যোধন বুদ্ধে অর্জ্জুনকর্তৃক আপন সৈত্য বিনষ্ট হইতে দেখিয়া ভীম্মকে বলিলেন—॥৩৫॥

'শিতামহ! আপনি ও রথিশ্রেষ্ঠ দ্রোণ জীবিত থাকিতে এই বলবান্ পাওব ক্বঞ্চের সহিত মিলিত হইয়া সমস্ত সৈম্ম নিপাত কবিতে থাকিয়া

<sup>(</sup>৩২) সহিতানাং প্রস্কটবং—বা নি। (৩৩) তেষাং মহাবধানাং স মধ্যম্—রা নি।

<sup>(</sup>৩**৪) অয়ং লোকং পি বা রা নান্তি**।

ন যুধ্যতে রণে পার্থান্ হিতকামঃ দ্র্রা মম।

স তথা কুরু গাঙ্গের। যথা হন্যেত ফাল্পনঃ ॥৩৮॥ (বিশেষকম্)

এবমুক্তস্ততো বাজ্ঞন্। পিতা দেবত্রতস্তব।

বিক্ ক্ষত্রধর্মমিত্যুক্ত্যা প্রায়াৎ পার্থবথং প্রতি॥৩৯॥

উত্তো শ্বেতহয়ো বাজন্। সংযুক্তো প্রেক্ষ্য পাথিবাঃ।

সিংহনাদান্ ভূশং চক্রুঃ শঙ্খান্ দ্র্যাুশ্চ মারিষ।॥৪০॥

ক্রেণির্ছু র্য্যোধনশৈচ্ব বিকর্ণশ্চ তবাত্মজঃ।

পবিবার্য্য বণে ভীশ্নং স্থিতা যুদ্ধার মারিষ।॥৪১॥

তথৈব পাগুবাঃ দর্ব্বে পরিবার্য্য ধনঞ্জয়ম্।

স্থিতা যুদ্ধার মহতে ততো যুদ্ধমবর্ত্ত॥৪২॥

#### ভাবতকোমূদী

এষ ইতি । মূলং জম্বনিদানম্, নং অম্মাকম্, পবিক্বন্ততি নাশবতি । ত্ৎক্বতে ত্ত্তিমিতে । যোগ্যতাদিশাংপত ইতি সম্বোধনম্ । ফাল্পনোহর্জ্জনঃ ॥১৬—১৮॥

এবমিতি। ধিক্ ক্ষত্তধর্মন্, পবমক্ষেহপাত্তেণার্চ্জ্নেনাপি সহ যোদ্ধরাত্বাৎ ॥১৯॥ উভাবিতি। উভৌ খেতহয়ৌ ভীমার্চ্জ্নৌ, ভীমস্তাপি খেতহয়ত্বাৎ ॥৪০॥ ক্রৌণিবিতি। ক্রৌণিরম্বথামা। পবিবার্য পবিবেট্য ॥৪১॥

তথেতি। মহতে যুদ্ধায, ভামার্জ্নাভ্যামাবঞ্জামানতাং ॥৪২॥

আমাদেব জয়েব মূলই ছেদন কবিতেছে। এদিকে সর্বাদা আমাব হিতকামী কর্ণও আপনাব জন্মই অন্ত ত্যাগ করিয়াছেন, স্মৃতবাং তিনি সমবাঙ্গনে পাণ্ডবদেব সহিত যুদ্ধ করিতেছেন না, অতএব নবনাথ গঙ্গানন্দন। আপনি তেমন কাজ ককন, যাহাতে অর্জুনকে বধ কবা যায়'॥৩৬—৩৮॥

রাজা ৷ তুর্যোধন এইন্বপ বলিলে, আপনাব জ্যেষ্ঠতাত ভীন্ম 'ক্ষত্রিয়-ধর্মকে ধিক্' এই কথা বলিযা অর্জুনেব রথেব দিকে গমন কবিলেন ॥৩৯॥

মাননীয় বাজা। তংকালে উভয়পক্ষেব বাজাবাই শ্বেতাশ্বযুক্ত জীগ্ন ও অর্জুনকে যুদ্ধার্থ সম্মিলিত দেখিয়া বিশাল সিংহনাদ ও শহাধ্বনি কবিলেন ॥৪০॥

আর্য্য ! তথন অশ্বত্থামা এবং আপনাব পুত্র ছর্য্যোধন ও বিকর্ণ—ইংহাবা যুদ্ধের জন্ম ভাষ্মকে পবিবেষ্টন কবিয়া বহিলেন ॥৪১॥

আবাব ও-দিকেও পাওবেবা সকলে নহাবুদ্ধেব জন্ম সর্জুনকে পথিবেইন কবিয়া অবস্থান কবিতে লাগিলেন। তাহার পব বুদ্ধাবস্ত হইল ॥১১॥

(৬৮) ন যুধাতি—রা নি। (৬২)…ধিব কারেং ধর্মন্—রা নি। (৪০)…সংস্তৌ প্রেক্স—রানি।

ভীম (১৯)-৯৯

সাঙ্গেরস্ত রণে পার্থমানচ্ছ মবভিঃ শবৈঃ।
তমজুনঃ প্রত্যবিধ্যদশভর্ম্মভেদিভিঃ॥৪০॥
ততঃ শরসহত্রেণ স্থপ্রযুক্তেন পাগুবঃ।
অজুনঃ সমরপ্লাঘী ভীপ্মস্থাবাবযদিশঃ॥৪৪॥
শবজালং ততস্তভু শরজালেন পার্থিব!।
বাবয়ামাস পার্থস্থ ভীম্মঃ শান্তনবন্দদা ॥৪৫॥
উভৌ পরমসংহাটাবুভৌ যুদ্ধাভিনন্দিনো।
নিবিশেষমযুধ্যতাং কৃতপ্রতিক্রতৈষিণো ॥৪৬॥
ভীম্মচাপবিমুক্তানি শরজালানি সংঘশঃ।
শীধ্যমাণাযদৃশ্যন্ত ভিন্নান্যজ্জুনসায়কৈঃ॥৪৭॥
তথৈবাজ্জুনমুক্তানি শরজালানি সর্ববশঃ।
গাঙ্গেয়শবনুন্নানি প্রাপতন্ত মহীতলে॥৪৮॥

#### ভাবতকোমুদী

গালেশ ইতি। গালেনো ভীমা। আনচ্ছ আবৃণোৎ। দশভিং শবৈবেব ॥৪৩॥
তত ইতি। স্প্রযুক্তন সমাঙ্নিক্ষিপ্তান। অবাবয়ং আচ্ছাদ্ধং ॥৪৪॥
শরেতি। শান্তনবপদং ভীমান্তবব্যাবৃত্ত্যর্থম্। এবমন্তবাপি ॥৪৫॥
উভাবিতি। কৃতত্ত্ব প্রকৃতপ্রহাবত্ত্ব প্রতিক্বাব্যচ্ছত ইতি তৌ ॥৪৬॥
ভীমেতি। শীর্যমাণানি ব্যর্থীভূতানি, ভিন্নানি ছিন্নানি ॥৪९॥

প্রথমে ভীম্ম সমবাঙ্গনে নয়টা বাণদারা অর্জুনকে আবৃত কবিলেন; আবাব অর্জুনও দর্মভেদী দশটা বাণদাবা ভীমকে বিদ্ধ কবিলেন ॥৪৩॥

তাহাব পব সমবশ্লাঘী পাণ্ডুনন্দন অ্ৰ্জুন সমীচীনভাবে নিক্ষিপ্ত বহুতর বাণদ্বাবা ভীঘেৰ সমস্ত দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৪৪॥

বাজা। তদনত্ব শাস্তত্ত্নন্দন ভীষ্ম আপন বাণসমূহদ্বাবা অৰ্জ্জ্নেব বাণ-সমূহকে বাবণ কবিলেন ॥৪৫॥

ভীম্ম ও অর্জুন—উভয়েই পবম আনন্দিত, উভযেই সমবশ্লামী এবং উভয়েই পর্বত প্রহাবেব প্রতীকাবাভিলামী হইয়া সমানভাবে যুদ্ধ ক্রতি লাগিলেন ॥২৬॥

তংকালে দেখা গেল—ভীত্মেব ধরু হইতে নির্গত বাণসমূহ অর্জুনেব বাণ-সমূহে ছিন্ন হইযা ব্যর্থ হইতে লাগিল ॥৪৭॥

অর্জ্জনঃ পঞ্চবিংশত্যা ভীষ্মাচর্ছ চ্ছিতেঃ শবৈঃ।
ভীম্মোহপি সমবে পার্থং বিব্যাধ নিশিতৈঃ শবৈঃ॥৪৯॥
অন্যোক্তস্ত হ্যান্ বিদ্ধা ধ্বজো চ স্থমহাবলো।
রথেশাং বথচক্রঞ্চ চিক্রীড়তুরবিন্দর্মো॥৫০॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ভীষ্মঃ প্রহবতাং বরঃ।
বাস্থদেবং ত্রিভির্বাবৈরাজ্বান স্তনান্তরে॥৫১॥
ভীষ্মচাপচ্যুতৈস্তৈস্ত নির্বিদ্ধো মধুসূদনঃ।
বিরবাজ রণে বাজন্। সপুষ্প ইব কিংশুকঃ॥৫২॥
ততোহর্জ্জনো ভৃশং ক্রুদ্ধো নির্বিদ্ধং প্রেক্ষ্য মাধ্বম্।
গাঙ্গেয়সাবিথং সংখ্যে নির্বিভেদ ত্রিভিঃ শব্রৈঃ॥৫৩॥

### ভাবতকৌমুদী

তথেতি। গাদেষশু ভীমশু শবৈর্থ মানি অপসারিতানি ॥৪৮॥

অর্জুন ইতি। আচ্ছ <sup>৫</sup> আর্গোৎ, শিতৈঃ স্থতীক্ষীকৃতিঃ ॥৪৯॥

অন্যোক্ততেতি। বর্থশু ঈশাং দারুবিশেষম্, চিক্রীডভূবিব ॥৫০॥

তত ইতি। প্রহ্বতাং ধোদ্ধ, পাম্। স্তনাস্তবে বক্ষলো মধ্যদেশে ॥৫১॥
ভীমেতি। সপুষ্পা ইব, ভীমশরাঘাতেন বক্তবজীকৃতদেহত্বামধুস্দনশু ॥৫০॥

তত ইতি। গাদেষশু ভীমশু সাবিধিষ্, সংখ্যে যুদ্ধে ॥৫০॥

সেইবপই অৰ্জ্ননিক্ষিপ্ত সমস্ত ৰাণসমূহও ভীল্পেব ৰাণে ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৪৮॥

ক্রেমে অর্জ্জুন পঁচিশটা নিশিত বাণদ্বাবা ভীম্মকে তাড়ন করিলেন, আবাব ভীম্মও বহুতব নিশিত বাণ্দারা যুদ্ধে অর্জ্জুনকে বিদ্ধ কবিলেন ॥৪৯॥

অতিমহাবল ও শত্রুদমনকাবী ভীম্ম ও অর্জ্জুন প্রস্পাবের অশ্ব, ধ্বজ এবং বথেব দীর্ঘ দাক ও চক্র বিদ্ধ কবিষা যেন খেলা কবিতে লাগিলেন #৫০॥

মহাবাজ। তাহার পব বীবশ্রেষ্ঠ ভীষ্ম ক্রুদ্ধ হইষা তিনটা বাণদ্বাবা ক্বফেব - বক্ষস্থলে আঘাত কবিলেন॥৫১॥

বাজা। কৃষ্ণ সেই ভীষ্মকাম্মুকিনির্গত বাণদ্বাবা বিদ্ধ হইয়া সমবাঙ্গনে পুষ্পসমন্বিত কিংশুকর্ক্ষের স্থায় শোভা পাইতে লাগিলেন ॥৫২॥

তদনন্তর অৰ্জুন কৃষ্ণকে বিদ্ধ দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তিনটা বাণদ্বাবা ভীম্মেব সাবথিকেও বিদ্ধ কবিলেন ॥৫৩॥

<sup>(</sup>eo) অক্টোন্যং তে হয়ান্—পি বা। (eo) দারাধং কুকবৃদ্ধশু নির্বিভেদ—বা নি।

যতমানো তু তো বীবাবন্যোম্বস্থ বধং প্রতি।
নাশরুতাং তদান্যোম্বমান্তমানুমাহবে॥৫৪॥
তো মণ্ডলানি চিত্রাণি গতপ্রত্যাগতানি চ।
অদর্শয়েতাং বহুধা সূতসামর্থ্যলাঘবাৎ ॥৫৫॥
অন্তরঞ্চ প্রহারেষু তর্কয়ন্তো পরস্পরম্।
রাজয়ন্তরমার্গস্থো স্থিতাবান্তাং মূহুর্মূহঃ॥৫৬॥
উভৌ সিংহরবোন্মিশ্রং শন্ত্যকুন্তো মহারথো ॥৫৭॥
তয়োঃ শন্তানির্দোম্বং চক্রতুন্তো মহারথো ॥৫৭॥
তয়োঃ শন্তানির্দাের র্থনেমিস্বনেন চ।
দারিতা সহ্সা ভূমিশ্চকস্পে চ ননাদ চ॥৫৮॥
ন তয়োরন্তরং কশ্চিদ্দৃশে ভরতর্বভ!।
বলিনো যুদ্ধগ্রম্বাব্যোম্বসদৃশাবুভৌ ॥৫৯॥

#### ভাবতকোমুদী

যতেতি। অভিসন্ধাতৃং নাশকুতাং ছিন্তাভাবাৎ, আহবে যুদ্ধে ॥ ৫৪॥
তাবিতি। স্বতয়োঃ সাবধ্যোঃ সামর্থান্ত র্থচালনশক্তের্লাঘবাৎ নৈপূণ্যাৎ ॥ ৫৫॥
অন্তবমিতি। অন্তরং ছিন্তম্। অন্তরমার্গস্থো ছিন্তাবেষণপরায়ণী ॥ ৫৬॥
উভাবিতি। সিংহববোলিশ্রাং সিংহনাদযুক্তম্ ॥ ৫৭॥
তয়োরিতি। বধনেমে বধচক্রপ্রান্তন্ত স্থানেন শক্ষেন ॥ ৫৮॥

সেই বীবেবা ছুই জনই পরস্পবেব বধের জন্ম বজুবান্ হইয়াও তংকালে যুদ্ধে পৰস্পরেব প্রতি অস্ত্রসন্ধান করিতে সমর্থ হইলেন না ॥৫৪॥

তাঁহারা তুই জনই আপন আপন সাব্থিব শক্তিনৈপুণ্যবশতঃ বহুবিধ বিচিত্র মণ্ডলাকাবে গতি এবং গমন ও প্রত্যাগমন দেখাইতে লাগিলেন ॥৫৫॥

বাজা! তাঁহারা ছই জনই প্রস্পাবের ছিদ্রান্ত্রেরণে প্রবৃত্ত থাকিয়া বাব বাব প্রহাবের ছিদ্রান্তুসন্ধান করিতে লাগিলেন ॥৫৬।

সেই মহাবথেবা উভযেই সিংহনাদ, শঙ্খধ্বনি এবং ধন্মষ্টক্ষাব কবিতে থাকিলেন ১৫৭॥

তাঁহাদেব শন্ধের শব্দে ও বথচক্রেব শব্দে তত্রত্য ভূমি তৎক্ষণাং বিদীর্ণ, কম্পিত ও শব্দিত হইতে লাগিল ॥৫৮॥

<sup>(</sup>৫৪) শন শঙ্গুতাম্—বা নি । (৫৫) মণ্ডলানি বিচিত্রাণি—পি বা । (৫৬) শন্তর্কয়স্তৌ বিশাংপতে !—পি বা । (৫৮) তবোঃ শহাপ্রসাদেন—পি বা । (৫৯) নোভয়োরস্তবং—বা নি ।

চিহ্নমাত্রেণ ভীমঞ্চ প্রজজ্ঞুন্তত্র কৌরবাঃ।
তথা পাণ্ডুস্থতাঃ পার্থং চিহ্নমাত্রেণ জজ্ঞিবে ॥৬০॥
তয়োর্ন ববয়োদ্ ফ্রিণ তাদৃশং তং পবাক্রমম্।
বিস্মথং সর্ববভূতানি জগ্মু ভারতসংযুগে॥৬১॥
ন তয়োরস্তরং কশ্চিদ্রণে পশ্যতি ভারত!।
ধর্মে স্থিতশ্য হি যথা ন কশ্চিদ্রজিনং কচিৎ ॥৬২॥
উভৌ হি শবজালেন তাবদৃশ্যৌ বভূবতুঃ।
প্রকাশো চ পুনস্কুর্ণং বভূবতুরুভৌ রণে॥৬০॥
তত্র দেবাঃ সগন্ধবাশ্চারণাশ্চর্ষিভিঃ সহ।
অন্যোল্যং প্রত্যভাষন্ত তয়োদ্ ফ্রিণ পরাক্রমম্॥৬৪॥

# ভারতকৌমূদী

নেতি। সন্তরং ছিন্তম্। দর্শনাভাবে হেতুমাহ—বলিনাবিতি ॥ ৫ না

চিহ্নেতি। চিহ্নমাত্রেণ কৌববপক্ষীয় চিহ্নমাত্রদর্শনেন। পার্থমর্জ্বনম্ ॥ ৬০॥
তরোবিতি। ন্ববরোর্নবস্পেইবোং। ভারতসংযুগে ভরতবংশীয়ানাং যুদ্ধে ॥ ৬১॥
নেতি। অন্তবং ছিন্তম্। ধর্মে স্থিতস্ত ধার্মিকজনস্ত। বুজিনং পাপম্ ॥ ৬২॥
উভাবিতি। অদৃস্তো আবৃত্তথাং। প্রকাশো, শরজালয়োবপসাবণাং॥ -৩॥
তত্ত্তেতি। চারণা অপি দেবযোনিবিশেষাঃ॥ ৬৪॥

ভবতশ্রেষ্ঠ। কেহই তাঁহাদেব ছিদ্র দেখিতে পাইল না। কাবণ, তাঁহাবা উভয়েই বলবান, যুদ্ধর্ম্বর্ম ও পবস্পব সমান বলিয়া প্রতীত হইতেছিলেন ॥৫৯॥ তখন কেবল কৌরবপক্ষীয় চিহ্ন দেখিয়াই কৌরবেবা ভীম্বকে চিনিতে লাগিলেন, আবাব পাণ্ডবেবাও পাণ্ডবপক্ষীয় চিহ্নমাত্র দেখিয়াই অর্জুনকে চিনিতে থাকিলেন॥৬০॥

সেই ভাৰতযুদ্ধে নবশ্রেষ্ঠ ভীম ও অর্জুনেব তাদৃশ পবাক্রম দেখিয়া সমস্ত লোকই বিস্ময়াপন্ন হইল ॥৬১॥

ভবতনন্দন ! ধার্ম্মিক লোকের যেমন কখনও কেহ পাপ দেখিতে পায় না, সেইরূপ যুদ্ধে কেহই ভীষ্ম ও অর্জুনের ছিদ্র দেখিতে পাইল না ॥৬২॥

তাঁহারা উভয়েই প্রস্পাবের শবজালে কখনও অদৃশ্য হইতে লাগিলেন, আবার উভয়েই সছব প্রকাশিত হইতে থাকিলেন ॥৬৩॥

ন শক্যো যুধি সংরক্ষো জেতুমেতো মহাবথো।
সদেবাস্থরগন্ধবৈলোকৈরপি কথঞ্চন ॥৬৫॥
আশ্চর্য্যভূতং লোকেয়ু যুদ্ধমেতন্মহাদ্ভূতম্।
নৈব চৈতাদৃশং যুদ্ধং ভবিয়তি কদাচন ॥৬৬॥
নহি শক্যো রণে জেতুং ভীম্মঃ পার্থেন ধীমতা।
সধক্যঃ সবথঃ সাশ্বঃ প্রবর্পন্ সাযকান্ রণে ॥৬৭॥
তথৈব পাগুবং যুদ্ধে দেবৈবিপি তুরাসদম্।
ন বিজেতুং বণে ভীম্ম উৎসহেত ধকুর্দ্ধরম্ ॥৬৮॥

## ভাবতকোমূদী

নেতি। সংবর্ জুদ্ধে। লোকৈস্ত্রিভিভূ বিনঃ ॥৬৫॥
আশ্চর্য্যেতি। আশ্চর্যভূতং মহাভূতমিত্যর্থপুনকজিবিশ্বয়াতিরেকাং-॥৬৬॥
নহীতি। পার্থেনার্জ্জ্নন। প্রবণন্ নিক্ষিপন্। ধরুরাগ্যভাবে তু দ্বেতৃং শক্যোহপি॥৬৭॥
তথেতি। পাশ্রবমর্জ্জ্নন্। হ্বাসদং হর্জ্জয়ন্। উৎসহেত শক্রুয়াৎ॥৬৮॥
ভাবতভাবদীপঃ

এবমিতি ॥১—৯॥ ব্যতিকবো মেলক: সমাগম ইত্যর্থ: ॥১০—১৪॥ দৃচধন্বনা ভীন্মেণ
॥১৫॥ ষত্তঃ ষত্মবান্ ॥১৬— ঃ৪॥ অন্তবং ছিন্ত্রম্, তর্কষন্তে চিন্তমন্তে ॥৫৫॥ অন্তরমার্গস্থে ছিন্ত্রান্ত্রেগপবে । ॥৫৬— ৫৮॥ চিহ্নং ধ্বন্ধ: ॥৫৯—৬৮॥ আলোকাং আ সংসারন্থিতে: ॥৬৯—৭৩॥ ইতি শ্রীমহাভাবতে ভীন্নপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে দ্বিপঞ্চাশন্তমোহ্ধ্যায়: ॥৫২॥

তথন গন্ধর্বে, চাবণ ও ঋষিগণেব সহিত দেবতারা ভীম্ম ও অর্জুনেব পরাক্রম দেখিয়া পরস্পার বলাবলি কবিতে লাগিলেন—॥৬৪॥

'দেবতা, অস্থ্ৰ ও গন্ধৰ্বগণেৰ সহিত সমগ্ৰ ত্ৰিভূবনও কোন প্ৰকাৰেই যুদ্ধে ক্ৰুদ্ধ এই মহাৰথ হুই জনকে জয় কবিতে সমৰ্থ হয় না ॥৬৫॥

ত্রিজগতেব মধ্যেই এই যুদ্ধ অত্যন্ত আশ্চর্য্য। এরপ যুদ্ধ আব কখনও হইবে না॥৬৬॥

ভীষ্ম ধন্থ লইয়া অশ্বসংযুক্ত বথে আবোহণ কবিয়া যে যুদ্ধে বাণক্ষেপ কবিতে থাকিবেন, সে যুদ্ধে বুদ্ধিমান্ অৰ্জ্জুন কথনও উত্থাকে জয় করিতে সমর্থ হইবেন না ॥৬৭॥

সেইরূপ যুদ্ধে দেবগণেবও তৃর্জ্জয় ধনুর্দ্ধর অর্জুনকে ভীষ্ম কখনও যুদ্ধে জয় কবিতে সমর্থ হইবেন না ১৬৮৮ ব

<sup>(</sup>w৬) নৈভাদৃশানি ম্কানি ভবিয়স্তি—বা নি।

আলোকাদপি যুদ্ধং হি সমমেতন্তবিশ্বতি।

ইতি স্ম বাচঃ শ্রেষত্তে প্রোচ্চবন্ত্যন্ততন্ততঃ ॥৬৯॥

গাঙ্গেযার্জ্জনযোঃ সংধ্যে স্তবযুক্তা বিশাংপতে!।

দ্বনীযান্ত তদা যোধাঃ পাগুবেযান্চ ভাবত! ॥৭০॥

অন্যোন্তং সমবে জন্ম স্তয়োন্তত্র সমাগমে।

শিতধারৈন্তথা থড়ৈগবিমলৈন্চ পবশ্বধিঃ॥৭১॥ (বিশেষকম্)

শবৈবক্তিন্চ বহুভিঃ শক্তৈনানাবিধৈরপি।

উভযোঃ সেনযোঃ শ্রা ন্যকৃন্তন্ত পবস্পবস্ ॥৭২॥

বর্ত্তমানে তথা ঘোরে তন্মিন্ যুদ্ধে স্থদারুলে।

দ্রোণপাঞ্চাল্যযো বাজন্। মহানাসীৎ সমাগমঃ ॥৭০॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈষাসিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বিদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভীম্মপর্বেদি

স্থানিক্যাং ভার্মপ্রেদি

স্থানিক্যাং ভার্মপ্রিদি

স্থানিক্যাং ভার্মপ্রেদি

স্থানিক্যাং ভার্মপ্রিদি

স্থানিক্যাং ভার্মপ্রিদ্ধিয়া বিশাংপতে !

স্থানিক্যাং ভার্মিক্যাং ভার্মিক্যাং ভার্মপ্রিদি

স্থানিক্যাং ভার্মিক্যাং ভার্মিক্যাং ভার্মপ্রিদি

স্থানিক্যাং নিক্সিক্যাং ভার্মিক্যাং ভার্মিক্যা

ভীগ্<mark>বধে দ্বিতীয়দিবসযুদ্ধে ভীগ্মাৰ্জ্জুনযুদ্ধে দ্বিপঞ্চাশত্তমোহধ্যায়ঃ॥०॥</mark>

# ভাৰতকৌসুদী

আনোকাদিতি। এততীমার্জ্নযোর্দ্ধন্, আলোকাৎ লোকস্থিতিপর্যান্তং প্রালয়পর্যান্ত-মিতি যাবৎ, সমং সমানং জ্বপবাজ্বরহিত্যেব ভবিশ্বতি, এত্যোঃ সমানবীবতাং। প্রোচ্চরন্ত্য উত্তিষ্ঠন্তাঃ। সংখ্যে যুদ্ধে। সমাগমে যুদ্ধনম্মেলনকালে ॥৬০—৭১॥

भरिदिविकि। श्रुकुल्ल चिक्रिमन् ॥१२॥

বর্ত্তমান ইতি। ঘোরে মহতি, "বোবং লোকে বিততম্যশং" ইত্যাত্মন্তববামচবিতাদিবং। পাঞ্চাল্যো ধুইত্যুদ্ধঃ। সমাগ্রমো যুদ্ধসন্মেলন্ম ॥৭৩॥

ইতি মহামহোপাধ্যায ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতায়াং মহাভাবতটীকাষাং ভারতকৌমৃদীসমাধ্যাষাং ভীম্মপর্ব্বণি ভীম্মবধে বিপঞ্চাশতমোহধ্যায়ঃ ॥•॥

স্থতরাং ইঁহাদেব এই যুদ্ধ প্রেলযকাল পর্যান্ত সমানভাবেই চলিবে'। নবনাথ!
যুদ্ধবিষয়ে ভীম্ম ও অর্জ্জনেব প্রামান্সচক এইবাপ বহুতব বাক্য নানা স্থান
হইতে উচ্চাবিত হইতে শুনা যাইতে লাগিল। আব ভবতনন্দন! ভীম্ম ও
অর্জ্জনের সেই যুদ্ধের সময়ে আপনাব পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা স্থার
তরবারি ও নির্মাল পবশুদ্ধাবা যুদ্ধে পবস্পারকে সংহাব করিতে
লাগিলেন॥৬৯—৭১॥

এবং উভয় সেনার বীবেবাই বাণ ও অক্সান্ত নানাবিধ বহুতব অস্ত্রদার। পরস্পর কাটাকাটি কবিতে থাকিলেন ॥৭২॥

বাজা! অতি দাকণ সেই মহাযুদ্ধ চলিতে লাগিলে জ্বোণ এবং ধৃষ্টগ্যুশ্লেরও মহাযুদ্ধ চলিতে লাগিল । ৭৩॥

<sup>(</sup>wa) ইতি শ্ব বাচোইশ্রয়স্ত—রা নি।

# ত্রিপঞ্চাশত্তমো২খ্যায়ঃ।

--- \$#\$----
এদিকে মহারথ নকুল ও সহদেব যুক্ষে মাতুলকে জয় করিয়া আনন্দিত হইয়া শব্দবি ও সিংহনাদ করিলেন ॥১৮॥

নবনাথ রাজা! পরে—ইজ্রদেব ও উপেজ্রদেব যেমন দৈত্যদৈক্তের দিকে ধাবিত হটতেন, সেইরপ নবুল ও সহদেব আনন্দিত হইলা আপনার সৈক্তেব দিকে সম্ব ধাবিত হটলেন" ॥৫৯॥

<sup>(</sup>६३) पछिद्रक्षरपूर्वे ४२-न नि। = 'मध्यिष्ठरायावशाहः'-या व रा नि।

# একাশীতিতমোহধ্যায়ঃ।

#### -----

#### সঞ্জয় উবাচ।

তত্তো যুধিন্ঠিরো রাজা মধ্যং প্রাপ্তে দিবাকরে।
শ্রুতায়ুধমভিপ্রেক্ষ্য চোদরামাস বাজিনঃ ॥>॥
ততন্ত ছরিতো রাজন্! শ্রুতায়ুধমরিন্দমম্।
নিজন্মে সায়কৈস্তীক্রেনিবভির্নতপর্কভিঃ ॥২॥
স সংবার্য্য রণে রাজা প্রেষিতান্ ধর্মসূত্রনা।
শরান্ সপ্ত মহেঘাসঃ কৌন্তেরায় সমার্পর্য ॥৩॥
তে তন্ত কবচং ভিত্তা পপুঃ শোণিতমাহবে।
অসুনিব বিচিন্নত্তো দেহে তন্ত মহাত্মনঃ ॥৪॥

### ভাৰতকৌমুদী

তত ইতি। মধ্যং গগনত। চোদয়ামাদ প্রেরয়ামাদ, বাজিনো রথাখান্ ।১। তত ইতি। স্বরিতো মুধিষ্টির এব। নিজন্মে আজ্বান ।২। ন ইতি। স শ্রুতার্থ। প্রেবিতান্ শরান্। সমার্পাৎ প্রজ্বিং। ৩। ত ইতি। তে শরাঃ। অসুন্প্রাণান্, বিচিন্নতো দেহে প্রবেশেনান্তিত ইব ।৪।

শঙ্গর বলিলেন—"তাহার পর স্থ্য আকাশেব মধ্যন্থানে উপস্থিত হইলে, রাজা যুধিন্তির শ্রুতাযুকে দেখিয়া সেই দিকে বথের যোড়াগুলিকে চালাইযা দিলেন ॥১॥

রাজা। তদনস্তর যুধিষ্টির সম্বর সন্নিহিত হইরা নয়টা নতপর্ব ভীক্ষ বাণদারা শ্রুতাযুকে আঘাত করিলেন ॥২॥

মহাধন্থরিব শ্রুতাযু যুধিষ্ঠির নিক্ষিপ্ত সেই বাণগুলিকে বারণ করিয়া তাঁহার প্রতি সাডটা বাণ নিক্ষেপ কবিলেন ॥৩॥

শেই বাণগুলি যাইয়া যুখিষ্টিরের বর্ম ভেদ করিয়া তাঁহার দেহের প্রাণ অথেষণ করিতে থাকিয়াই যেন বক্ত পান করিল ॥৪॥

<sup>(</sup>১)···(প্রবিষ্যামাস বাজিন:—রা নি। (২) অভ্যধাবততো রাজা প্রতায়্ৎম···বিনিষ্ণন্ শায়কৈ:—পি বা। (৩)···রোধিতো ধর্মস্থ্না—পি বা।

পাগুৰস্ত ভৃশং ক্রুদ্ধো বিদ্ধস্তেন মহাত্মনা।
রনে বরাহকর্নেন রাজানং হৃচ্চবিধ্যত ॥৫॥
অথাপরেণ তল্লেন কেতুং তন্ম মহাত্মনঃ।
রথজ্যেঠো রথাভূর্নং ভূমো পার্থো অপাত্মং ॥৬॥
কেতুং নিপতিতং দৃষ্ট্বা শ্রুভায়ুঃ স তু পার্থিবঃ।
পাগুবং বিশিথস্তীক্ষৈ বাজন্! বিব্যাধ সপ্তভিঃ॥৭॥
ততঃ ক্রোধাৎ প্রজ্জাল ধর্মপুত্রো মুধির্চিরঃ।
যথা যুগান্তে ভূতানি দিহক্ষুরিব পাবকঃ ॥৮॥
কুদ্ধন্ত পাগুবং দৃষ্ট্বা দেবগন্ধর্ববাক্ষমাঃ।
প্রবিব্যথুর্মহারাজ! ব্যাকুলঞ্চাপ্যভূজ্জগৎ ॥৯॥
সর্কেষাকৈব ভূতানামিদমাসীন্মনোগত্ম।
ভৌল্লোকানত সংক্রুদ্ধো নৃপোহয়ং ধক্ষাতীতি বৈ ॥>০॥

### ভারতকোমুদী

পাওব ইতি। বরাহকর্ণেন তদাথ্যে বাণেন, রাজানং শ্রুতায়ুষম্ ॥ ৫॥
আথেতি। কেতুং ধ্বজম্। পার্থো যুধিষ্টিরঃ । ৬॥
কেতুমিতি। পাওবং রুধিষ্টিরম্, বিশিথৈবাণেঃ ॥ १॥
তত ইতি। দিধক্দ্ধুমিচ্ছুঃ। যথাশক্ষিতেবিবশব্দ সম্ভাবনায়াম্ ॥ ৮॥
কুদ্ধমিতি। প্রবিরাণ্কবেগেনাতীব বিরাণিরে ॥ ৯॥
সর্বেধামিতি। ভূতানাং তত্ততাগ্রাণিনাম্। যুধিষ্টিরশ্য মহাতপশ্বিজাদিখং সম্ভাবনা ॥ ১০॥

যুধিন্তির মহাত্মা শ্রুতাযুর বাণে বিদ্ধ ও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একটা বরাহকর্ণ-(বাণ) দারা শ্রুতাযুর হাদয় বিদ্ধ কবিলেন ॥৫॥

ভাহাব পর রথিশ্রেষ্ঠ যুখিষ্ঠির অক্স একটা ভল্লদারা মহাত্মা শ্রুভাযুর ধ্বন্ধটাকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৬॥

রাজা ! ধ্বজটাকে নিপতিত দেখিয়া শ্রুতায়ু সাভটা তীক্ষ্ণ বাণদারা যুখিষ্ঠিরকে বিদ্ধা কবিলেন ॥৭॥

তাহার পর প্রলয়কালে জগৎ দগ্ধ কবিতে প্রবৃত্ত অগ্নির ন্থায ধর্মপুত্র যুধিষ্টির ক্রোধে জলিয়া উঠিলেন ॥৮॥

মহাবাজ। তথন যুধিষ্ঠিবকে ক্র্দ্ধ দেখিয়া দেবগণ, গন্ধর্বগণ ও রাক্ষসগণ বিশেষ উদ্বিগ্ন হইলেন এবং সমগ্র জগণও আকুল হইয়া পড়িল॥৯॥

<sup>(</sup>৫) -- রাজানং হাদি বিব্যধে—পি বা। (৮) ধর্মরাজো মুধিষ্টির: -- ধক্সানিব ছতাশনঃ
—পি বা।

খাষয় শৈচব দেবাশ্চ চক্রুঃ স্বস্তায়নং মহৎ।
লোকানাং নৃপ! শান্ত্যর্থং ক্রোধিতে পাণ্ডবে তদা ॥>>॥
স চ ক্রোধসমাবিক্টঃ স্থকণী পরিসংলিহন্।
দধারাত্মবপুর্যোরং যুগান্তাদিত্যদন্নিভয্ ॥>২॥
ততঃ সর্বাণি সৈন্তানি তাবকানি বিশাংপতে!।
নিরাশান্তভবংস্তত্র জীবিতং প্রতি ভারত!॥>৩॥
স তু ধৈর্য্যেণ তং কোপং সন্নিবার্য্য মহামশাঃ।
শেতায়ুমঃ প্রচিচ্ছেদ মুষ্টিদেশে মহাধকুঃ॥>৪॥
অথনং ছিন্নধ্যানং নারাচেন স্তনান্তরে।
নির্বিভেদ বনে রাজা সর্ব্বসৈন্তস্ত পশ্যতঃ॥>१॥

### ভারতকোমুদী

খব্য ইতি। স্বভি নফলময়তে আগচ্ছতানেনেতি স্বভায়নমীশ্বধ্যানাদি ॥১১॥

দ ইতি। দ যুধিষ্টির:। স্ফ্লী ওঠপ্রান্ডো, পবিদংলিহন্ জিহ্বধা স্পূলন্ ॥১২॥

তত ইতি। নিরাশাভাভবন্ যুধিষ্টিরেণ দাহদ্ভাবনাৎ ॥১৩॥

দ ইতি। "গলে বদ্ধা গোনী্যতে" ইত্যাদিব্যুষ্টিদেশ ইতি কর্মণ্যধিকরণবিবক্ষা ॥১৪॥

অধেতি। এনং শ্রুতায়ুব্যু। ভন্যোরস্করে মধ্যে। রাদ্ধা যুধিষ্ঠির: ॥১৫॥

আর তত্রতা সকল লোকেব এইরূপ মনের ধারণা হইল যে, 'অত্যস্ত ক্র্দ্ধ এই রাজা আন্ধ ত্রিভুবনই দগ্ধ কবিবেন' ॥১০॥

বাজা। তথন যুধিষ্ঠির ক্রেদ্ধ হইলে, ঋষিরা ও দেবতারা জগতের শাস্থির নিমিন্ত স্বস্তায়ন করিতে লাগিলেন ॥১১॥

ওদিকে ক্রোধাবিষ্ট যুধিষ্ঠির ওষ্ঠপ্রাস্তযুগল লেহন কবিতে থাকিয়া প্রলয়কালীন সুর্য্যের স্থায় ভয়ন্কর শবীর ধারণ করিলেন ॥১২॥

ছরতনন্দন নরনাথ। তাহাব পর তখন আপনাব সমস্ত সৈক্তই আপনাদের দীবনের প্রতি নিরাশ হইয়া পড়িল ॥১৩॥

কিন্তু মহাযশা যুধিষ্ঠির ধৈর্যাগুণে সেই ক্রোধের নিবারণ করিয়া ক্রাতাব্র বিশাল ধমুর মুষ্টিদেশ ছেদন করিলেন ॥১৪॥

ভাহার পর যুখিন্ঠির একটা নারাচদ্বারা সমস্ত সৈত্যেব সমক্ষে ছিন্নকার্ম,ক শুভাযুর বক্ষস্থল বিদারণ করিলেন ॥১৫॥

<sup>(</sup>১২)…স্ক্রিন-রা নি। (১৪)…সন্নিবার্য্য বিশাংপতে !…মৃহ্ছফুঃ—পি বা।

সত্ত্বঞ্চ রণে রাজন্! তস্তা বাহান্ মহাত্মনঃ।

নিজ্বান শরৈঃ ক্ষিপ্রং সূতঞ্চ স্থমহাবলঃ॥১৬॥

হতাশ্বন্ত রথং ত্যক্ত্মা দৃষ্ট্মা রাজ্ঞাহস্তা পৌরুষম্।

বিপ্রছন্তাব বেগেন শ্রুহতায়ুঃ সমরান্তনা॥১৭॥

তিন্মিন্ জিতে মহেছাসে ধর্মপুত্রেন সংযুগে।

ছর্য্যোধনবলং রাজন্। সর্ববমাসীৎ পরাদ্মুখ্ম্॥১৮॥

এতৎ কৃত্মা মহৎ কর্মা ধর্মরাজাে মুর্ধিচিরঃ।

ব্যান্তাননাে যথা কালস্তব সৈত্যং জ্বান হ ॥১৯॥

চেকিতানশ্চ বাফেরাে গৌতমং রথিনাং বরম্।

প্রেক্ষতাং সর্ববিদ্যানাং ছাদ্যামাস সায়কৈঃ॥২০॥

সমিবার্য্য শরাংস্তাংস্ত কৃপঃ শারন্তে মুর্ধি।

চেকিতানং রণে যক্তং রাজন্! বিব্যাধ পত্রিভিঃ॥২১॥

### ভারতকোমুদী

সম্বর্মিতি। বাহান্ রথভাখান্। স্বতং সার্থিম্, স্মহাবলো ধুধিষ্টিরঃ ॥১৬॥
হতেতি। রাজ্ঞা ধুধিষ্টিবভ, পৌল্লখং বিক্রমন্। বিপ্রত্ন্তাব অপস্সার ॥১৭॥
তিন্দিরিতি। মহেছাসে মহাধন্তর্নরে ॥১৮॥
এতিদিতি। ব্যান্তাননো বিবৃত্মুধং, কালো যমঃ ॥১৯॥
চিকিতান ইতি। বাহ্মেরো বৃষ্ণিবংশীয়ঃ, গোতমং ক্লপম্ ॥২০॥

এবং রাজা। অতিমহাবল যুথিষ্ঠির বহুতর বাণদ্বারা মহাত্মা শ্রুতায়ুর রপের : বোড়াগুলিকে ও সার্থিকে সহর বিনাশ করিলেন ॥১৬॥

তখন শ্রুতাযু যুধিষ্ঠিরের বিক্রম দেখিয়া, হতাশ্ব রথ ত্যাগ করিয়া সমরাঙ্গন হইতে বেগে পলায়ন করিলেন ॥১৭॥

রাজা। যুধিষ্ঠির যুদ্ধে মহাধন্পর্কর শ্রুভায়ুকে জয় করিলে, তুর্যোধনের সমস্ত সৈক্তই যুদ্ধে পরাজুথ হইয়া পড়িল ॥১৮॥

ধর্মরাজ যুধিষ্ঠির এই গুক্তর কার্য্য করিয়া প্রকটিত্বদন যমের স্থায় আপনার দৈশ্য সংহার কবিতে লাগিলেন ॥১৯॥

ওদিকে বৃষ্ণিকশীয় চেকিভান সকল সৈত্যের সমক্ষে বাণদ্বারা কুপাচার্য্যকে আচ্ছাদন করিলেন ॥২০॥

<sup>(</sup>১৭) হতাশ্বস্ক রথং দৃষ্টা---পি বা, -- সমরে তদা---রা নি। (১৯) এবং জিতা মহারাজ! ধর্মপুত্র---রা নি।

অথাপরেণ ভলেন ধনুশ্চিচ্ছেদ যাবিষ!।

সারথিঞ্চাস্থ সমবে ক্ষিপ্রহন্তো অপাত্রথ ॥২২॥

অধাংশ্চাস্থাবুটাজাজনুভৌ তৌ পার্ফিনারথী।

অবপ্লুত্য রথাত্তুর্বং গদাং জগ্রাহ সাত্রতঃ ॥২৩॥

স ত্র্যা বীর্ঘাতিস্থা গদরা গদিনাং ববঃ।

গৌত্রমস্থ হ্যান্ হত্বা সার্থিঞ্চ অপাত্রহে ॥২৪॥

ভূমিষ্ঠো গৌত্রমস্তস্থ শবাংশ্চিক্ষেপ বোড়ণ।

তে শরাঃ সাত্রতং ভিত্বা প্রাবিশন্ ধ্বণীত্রলম্ ॥২৫॥

চেকিতানস্ততঃ ক্রুদ্ধঃ পুনশ্চিক্ষেপ তাং গদাম্।

গৌত্রমন্থ বধাকাজ্লী ব্রস্থেব পুরন্দরঃ ॥২৬॥

### ভারতকোমূদী

সরিবার্ধ্যেতি। শার্রতঃ শ্রন্ধতঃ পুত্রঃ। যতুং যন্থবন্তম্। পত্রিভির্বার্ধাঃ ।২১ঃ
আবেতি। ক্ষিপ্রো জ্বতান্ত্রনিক্ষেপদক্ষো হস্তো যত্ম স কুপঃ ।২২ঃ
আবানিতি। পান্ধিসার্থী রুধপৃষ্ঠরককো। সাত্বতন্তরংশীয়কেকিতানঃ ॥২৬ঃ
স ইতি। গদিনামিতি ব্রীহ্যাদিআদিন্। গোতমত্ম রুপত্ম, হসানখান্ ॥২৪ঃ
ভূমিষ্ঠ ইতি। তত্ম চেকিতানভোপরি। সাত্বং চেকিতানদেহম্ ॥২৫।
চেকিতান ইতি। গোতমত্ম কুপত্ম। বৃত্রত্ম অস্থ্রত্ম বধাকাজ্ঞী পুবন্দর ইব ॥২৬।

বাজা। তখন শরদানের পুত্র কুপাচার্য্য যুদ্ধে সেই বাণগুলিকে নিবারণ করিয়া আপন বাণদ্ধাবা যুদ্ধে যত্মবান্ চেকিতানকে বিদ্ধ কবিলেন ॥২১॥

মাননীয় রাজা। তাহার পব তিনি অন্ত একটা ভল্লদ্বারা চেকিতানেব ধন্যু ছেদন করিলেন এবং ফ্রেভহস্তে উঁহাব সার্থিকেও নিপাতিত করিলেন ॥২২॥

রাজা। পরে কুপাচার্য্য চেকিতানের চারিটা অশ্বকে এবং পৃষ্ঠরক্ষক সার্থি ইই জনকে বধ করিলেন। তখন চেকিতান রথ হইতে লাফাইয়া পড়িয়া গদা ধারণ করিলেন ॥২৩॥

গদাধারিশ্রষ্ঠ চেকিতান সেই বীরঘাতিনী গদাদ্বারা কুপাচার্য্যের ঘোড়াগুলিকে বধ করিয়া সার্যিকেও নিপাতিত করিলেন ॥২৪॥

ভখন কুপাচার্য্য ভূতলে অবতরণ কবিয়া চেকিতানের উপরে বোলটা বাণ নিক্ষেপ করিলেন; সেই বাণগুলি যাইয়া চেকিতানের দেহ ভেদ করিয়া ভূডলে প্রবেশ করিল ॥২৫॥

<sup>&</sup>lt;sup>(২৩)</sup> হয়াংশ্চাক্ত···সোহবপ্রত্যুক্ত্য—পি বা। (২৫)···শরান্তে—পি বা।

তামাপতন্তীং বিপুলামশাগর্ভাং মহাগদাম্।
শবৈবনেকদাহলৈর্বাবয়ামাদ গোতমঃ ॥২৭॥
চেকিতানস্ততঃ খড়গং কোষাত্বছত্য ভারত !।
লাঘবং পরমাস্থায় গোতমং দমুপাদ্রবৎ ॥২৮॥
গোতমোহপি ধনুস্তাক্ত্বা প্রগৃহ্যাদিং স্থদংযতঃ।
বেগেন মহতা রাজন্। চেকিতানমুপাদ্রবৎ ॥২৯॥
তাবুভৌ বলদম্পন্নো নির্দ্রিংশবরধারিণো।
নিস্তিংশাভ্যাং স্থতীক্ষাভ্যামন্যোত্যং সম্ভতক্ষতুঃ ॥৩০॥
নিস্তিংশবেগাভিহতো ততন্তো পুরুষর্বভৌ।
ধরণীমভিদম্পাপ্তো দর্বভূতনিধেবিতাম্ ॥৩১॥

### ভারতকৌমুদী

ভামিতি। বিপুলাং পুলাম্, অখ্যা পাষাণো গর্ভে মন্তান্তাং লোহপট্টাবৃতাম্ ॥২ १॥ চেকিতান ইতি। প্রমত্যন্তম্, লাঘবং শীদ্রতাম্, আস্থায় আম্মিত্য ॥২৮॥ গৌভম ইতি। স্থাংয়তো ধৈর্যাসমন্বিতঃ। উপাত্রবং অভ্যধাবং ॥২৯॥ তাবিতি। নির্গতন্ত্রিংশতোহস্থূলীতা ইতি নিজিংশঃ। সম্ভত্মতৃশ্চিচ্ছিদতুঃ ॥৩০॥

ভাষার পর ইজ্র যেমন বৃত্রাস্থরের বধাকাজ্ফী হইয়া পুনবায় গদা নিক্ষেপ করিয়াছিলেন, সেইরূপ চেকিতান ক্রুদ্ধ ও কৃপের বধাকাজ্ফী হইয়া পুনরায় সেই গদা নিক্ষেপ করিলেন ॥২৬॥

স্থুল ও পাষাণগর্ভা মহাগদা আসিতে লাগিলে, কুপাচার্য্য বহুসংখ্যক বাণছারা সেটাকে নিবারণ করিলেন ॥২৭॥

ভরতনন্দন। তদনন্তর চেকিতান অতিসম্বর কোষ হইতে তরবারি বাহির করিয়া কুপাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

রাজা। কৃপাচার্য্যও ধন্ম ত্যাগ করিয়া ধৈর্য্য সহকারে তরবারি ধারণপূর্বক মহাবেগে চেকিতানের দিকে ধাবিত হইলেন ॥২৯॥

তাহার পর বলবান্ ও মহাতরবারিধারী তাঁহাবা ত্ই জনই স্থতীক্ষ তরবারি দারা পরস্পাব আঘাত করিতে লাগিলেন ॥৩০॥

<sup>(</sup>২৭)···বিমলামশ্বগর্ভাম্—রা নি। (২৮)···ভত: খডগং ক্রোধাত্ত্বত্য--রা নি। (২৯)···প্রগৃহাসিং স্বসংস্থিত:। বেগেন স মহারাজ !--পি বা। (৬১)···ধরণীং সমন্ত্রপ্রাপ্তেমি—রা নি।

মুর্ছ রাভিপরীতাঙ্গে ব্যায়ামেন চ মোহিতো।
ততোহভ্যধাবদেশেন করকর্ষঃ স্ক্রন্তরা ॥৩২॥ (য়ুয়কম্)
চেকিতানং তথাভূতং দৃষ্ট্রা সমরত্র্মদঃ।
বথমারোপয়টেজনং সর্ববিদন্তস্ত পশ্যতঃ ॥৩৩॥
তথৈব শকুনিঃ শুরঃ শ্যালন্তব বিশাংপতে!।
আরোপয়দ্রথং তূর্বং গৌতমং রথিনাং বরম্ ॥৩৪॥
সৌমদত্তিং ততঃ ক্রুদ্ধো ধুষ্টকেতুর্মহাবলঃ।
নবত্যা সাযকৈঃ ক্রিপ্রং রাজন্! বিব্যাধ বক্ষসি ॥৩৫॥
সৌমদত্তিরুর স্থৈতিস্কর্ভশং বাগৈরশোভত।
মধ্যন্দিনে মহারাজ! রিশ্যভিস্তপনো যথা॥৩৬॥

### ভাবতকৌমূদী

নিষ্কিংশেতি । অভিস্থাপ্তি পতিতে । অভিপরীতাকে আক্রান্তগাড়ো, ব্যায়ামেন
পরিশ্রমেণ মোহিতো অবশীকৃতদেহো । করকর্ম: শিশুপাল্যাগ্রতম: পুত্র: ॥০১—০২।
চেকিতানমিতি । সমর্দ্র্মন্ধ: করকর্ম এব । এনং চেকিতানম্ ॥০৩॥
তথেতি । শ্রালপদং শক্ষান্তরব্যাবৃত্তার্থম্ । গোতমং কুপম্ ॥০৪॥
গোমেতি । গোমদ্তিং ভূরিশ্রবসম্ । নবতোতি বছত্বমাত্রবোধনার্থমূক্তম্ ॥০৫॥
ভারতভাবদীপঃ

ডত ইতি ॥১—৩১॥ করকর্ষঃ শিশুপালপুদ্ধঃ ॥৩২—৫৫॥ ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্বনি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোহধ্যায়ঃ ॥৮১॥

তদনস্তর বেগে তববারির আঘাতে সেই পুরুষশ্রেষ্ঠ ছই জনেরই মূর্চ্ছা উপস্থিত ইইল এবং পবিশ্রমে অঙ্গ সকল শিথিল হইয়া পড়িল; তাই তাঁহারা সর্বভূতের আশ্রয ভূতলে পতিত হইলেন। তৎপরে সুস্তুদ্ বলিয়া করকর্ম বেগে চেকিতানেব দিকে আসিলেন ॥৩১—৩২॥

এবং যুদ্ধত্বর্ধ কবকর্ষ চেকিতানকে সেইকপ দেখিয়া সমস্ত সৈত্তের সমক্ষেই উহাকে রথে তুলিয়া লইলেন ॥৩৩॥

নরনাথ! এদিকেও সেইৰূপই আপনার শ্যালক বীব শকুনি বথিশ্রেষ্ঠ কুপাচার্য্যকে সম্বর আপন রথে উঠাইয়া লইলেন ॥৩৪॥

রাজা! তাহার পর মহাবল ধৃষ্টকেতু ক্রুদ্ধ হইয়া নক্ষইটা বাণদ্বারা সহর ভূরিশ্রবার বন্দস্থল বিদ্ধ করিলেন ॥৩৫॥

<sup>(</sup>৩২)…ব্যায়ামেন ত্—রা নি, ...ভীমদেনঃ স্থন্তবা—নি। (৩৩)…দৃট্টা মৃদ্ধে স্থত্মদম্
—পি বা।

ভীন্ম (১৯)-১৩৯

ভূরিপ্রবাস্ত সমরে ধৃষ্টকেতুং মহারথ:।
হতসূতহয়ং চক্রে বিরথং সায়কোত্তমৈঃ ॥৩৭॥
বিরথকৈনমালোক্য হতাশ্বং হতসারথিম্।
মহতা শরবর্ষে চছাদয়ামাস সংবুগে ॥৩৮॥
স তু তং বথমুৎস্জ্য ধৃষ্টকেতুর্মহামনাঃ।
ভাাকরোহ ততো যানং শতানীকস্ত মারিষ ! ॥৩৯॥
চিত্রেসেনো বিকর্ণন্ট রাজন্। তুর্ম্মর্বণস্তথা।
রথিনো হেমসন্নাহাঃ সৌভদ্রমভিত্তকেরুঃ ॥৪০॥
ভাভিমন্তোস্ততস্তৈস্ত ঘোরং যুদ্ধমবর্তত।
শরীরস্ত যথা রাজন্ ! বাতপিত্তকফৈদ্রিভিঃ ॥৪১॥

### ভারতকৌমুদী

সোমেতি। উরবৈশ্বক্ষিং, "শিট্যঘোষে বিসর্জ্জনীয়ক্ত" ইতি বিদর্গলোপ: ।৩৬।
ছুরীতি। হতা: প্ত: নারধি: হ্যা অখাশ্চ যক্ত তম্ ।৩৭।
বিবথমিতি। এনং গুটকেতুম্। ছাদ্যামাদ ভ্রিপ্রবা ইত্যমুবৃত্তিং ।৩৮।
দ ইতি। যানং রথম্,শতানীকক্ত বিরাটলাতুর্নকুলপুদ্ধক্ত বা ।৩৯।
চিত্তেতি। হেমদন্নাহা: অর্থচিতপরিচ্ছদা:, সোভস্তমভিনহ্যম্ ।৪০।
অভীতি। তৈশ্চিত্তসেনাদিভি: সহ্। মনোহরমিদ্মুণমানম্ ।৪১।

মহারাজ। মধ্যাক্তকালে স্থ্য যেমন আপন কিরণদ্বারা অত্যন্ত শোভা পান, সেইরূপ ভূরিশ্রবা বক্ষস্থিত সেই বাণগুলিদ্বারা অত্যন্ত শোভা পাইভে লাগিলেন ॥৩৬॥

তদনন্তর মহারথ ভূরিশ্রাবা উত্তম উত্তম বাণদ্বারা যুদ্ধে ধৃষ্টকেতুর সারথি ও অশ্বগুলিকে বধ করিয়া তাঁহাকে রুখবিহীন করিলেন॥৩৭॥

এবং ভূরিশ্রবা যুদ্ধে ধৃষ্টকেতুকে হজাশ্ব, হতসার্থি ও রথবিহীন দেখিয়া বিশাল বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৮॥

মাননীয় মহারাজ। ভাহার পর মহামনা ধৃষ্টকেতৃ নিজের রথ পরিত্যাগ করিয়া যাইয়া শতানীকের রথে আবোহন করিলেন ॥৩৯॥

রাজা। ওদিকে রথারোহী এবং অর্ণখচিতপরিচ্ছদধারী চিত্রসেন, বিকর্ণ ও ছর্ম্মর্থণ অভিমন্তার দিকে ধাবিত হইলেন ॥৪০॥

<sup>(</sup>৬৭)···ধৃষ্টকেত্ং মহারথম্—রা নি । (৩৮) বিরথং তং সমালোক্য— রা নি ।

বিরথাংস্তব পুত্রাংস্ত কৃত্বা রাজন্! মহাহবে।
ন জঘান নরব্যান্তঃ স্মরন্ ভীমবচস্তদা ॥৪২॥
ততো রাজ্ঞাং বহুশতৈর্গজাশ্বরথযায়িভিঃ।
সংরতং সমরে ভীত্মং দেবৈরপি তুবাসদম্ ॥৪৩॥
প্রয়ান্তং শীন্ত্রমূদীক্ষ্য পরিত্রাতুং স্মতাংস্তব।
অভিমন্ত্যং সমুদ্দিশ্য বালমেকং মহাবলম্ ॥৪৪॥
বাস্থদেবমুবাচেদং কোন্তেয়ঃ শেতবাহনঃ।
চোদয়াশ্বান্ হুমীকেশ! যত্রৈতে বহুলা রথাঃ ॥৪৫॥ (বিশেষকম্)
এতে হি বহবঃ শ্বাঃ কুভান্তা যুদ্ধচূর্মদাঃ।
যথা হুত্যুর্ন নঃ সেনাং তথা মাধব! চোদয ॥৪৬॥

#### ভাবতকৌমুদী

বিরধানিতি। ভীমবচঃ অহমেব সর্বান্ ধার্ডবাষ্ট্রান্ হনিস্তামীতি ভীমদেনবাক্যম্ ।৪২।
ভত ইতি । হুরাসদং হুর্বম্। তব স্থতান্ পরিত্রাতৃম্, মহাবলমপি এবং বলঞ্চাভিমন্তাং
সমৃদ্রিশ্র শীব্রং প্রয়াস্তমিত্যবয়ঃ । থেতবাহনোহর্জুনঃ । চোদয় প্রেরয় ।৪৩—৪৫।
এত ইতি । কুতান্ত্রাঃ কুতসর্বান্তশিক্ষাঃ । নঃ অন্মাক্ষ্ ।৪৬।

রাজা! তদনস্তর বায়, পিত্ত ও কফ—এই তিনেব সহিত শবীবের যেমন যুদ্ধ হয়, সেইরূপ চিত্রসেনপ্রভৃতি তিনজনের সহিত অভিমন্তার ভয়ন্তব যুদ্ধ হইতে লাগিল ॥৪১॥

রাজা। ভখন নরশ্রেষ্ঠ অভিমন্তা মহাযুদ্ধে আপনার সেই পুত্রগণকে রথবিহীন করিয়া ভীমসেনের বাক্য স্মরণ করতঃ আব তাঁহাদিগকে বধ কবিলেন না ॥৪২॥

রাজা! তাহার পর গজাবোহী, অশ্বারোহী ও রথারোহী শত শত রাজগণে পরিবেষ্টিত হইযা দেবগণেরও চুর্দ্ধর্য ভীল্ম আপনার পুত্রগণকে রক্ষা করিবার জন্ম, মহাবল হইলেও বালক অথচ একক অভিমন্তাকে লক্ষা করিয়া জ্যুত গমন করিতেছেন, ইহা দেখিয়া কুস্তীনন্দন অর্জ্জ্বন কৃষ্ণকে এই কথা বলিলেন—'হাবীকেশ। যেখানে ঐ বছসংখ্যক রথ রহিয়াছে, ঐথানে অশ্বগুলিকে প্রেরণ কর ৪৬—৪৫॥

মাধব। বাহাতে অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধতুর্দ্ধর্ব এই বহুসংখ্যক থাবের। আমাদের সৈক্ত সংহার করিতে না পাবেন, সেইভাবে রথখানা চালাইযা দাও"।৪৬৪

<sup>(</sup>৪৪)···বালমেকং মহারথম্—রা নি !

এবমুক্তঃ দ বাফেরঃ কোন্ডেযেনামিতোজদা।
বথং শ্বেতহযৈর্ক্তং প্রেষবামাদ সংযুগে ॥৪৭॥
নিন্টানকে। মহানাদীন্তব দৈশ্যস্ত মারিষ!।
যদর্জ্বনো রণে কুদ্ধঃ সংবাতস্তাবকান্ প্রতি ॥৪৮॥
দমাদাগ্য তু কোন্ডেযো বাজ্ঞস্তান্ ভীন্থবক্ষিণঃ।
হুশর্মাণং মহাবাহুরিদং বচনমত্রবীৎ ॥৪৯॥
জানামি বাং যুধাং শ্রেষ্ঠমত্যন্তং পূর্ববৈবিণম্।
অনয়স্তাগ্য সংপ্রাপ্তং ফলং পশ্য হুদারুণম্॥৫০॥
তাত্য ত্বাং দর্শবিশ্বামি পূর্বব্রেতান্ পিতামহান্।
এবং প্রজন্নন্তস্ত বীভংগোং শক্রঘাতিনঃ॥৫১॥
শেহবাপি পরুবং বাক্যং হুশর্মা রথযুথপঃ।
ন চৈনমত্রবীৎ কিঞ্চিচ্ছুন্তং বা যদি বাহগুন্তম্ ॥৫২॥ (যুগ্মকম্)

### ভাবতকোমুদী

এবমিতি। বাফেরো বৃষ্ণিবংশীয় কুঞ্চ । ৪ ৭।
নিষ্টানক ইতি। নিষ্টানক উদ্বেগকোলাহলঃ ''ষ্টন শব্দে' ইতি ধাত্বৰ্থাত্বসাবাৎ ॥ ৪ ৮॥
সমানাত্মেতি। কোন্তেযোহৰ্জুনঃ প্রকরণাৎ। স্থশর্মাণং কোরবপক্ষীয়ং ত্রিগর্জরাজম্ ॥ ৪ ৯॥
জানামীতি। মুধাং যোজ্গাম্। পূর্কবৈবিণং দক্ষিণগোগ্রহে পাওবৈঃ পরাজিতত্মাৎ।
অনমুখ্য সহসা বিরাটদক্ষিণগোগ্রহাক্রমণক্ষপায়া তুর্নীতেঃ, সংপ্রাপ্তমুশ্বিতম্ ॥ ৫ • ॥

অভেতি। পূর্বং প্রেতান্ মৃতান্, পিতামহান্ তব পূর্ব্বপুরুষান্। বীভংসোরজ্নত। পরুষং নিষ্ঠুরম্। রথম্থপো বথদমূহপতিঃ। এনং বীভংস্ক্ম্ ।৫১—৫২।

অমিততেজা অর্জুন এইকপ বলিলে, কৃষ্ণ শ্বেতাশ্বযুক্ত রথধানাকে সেই দিকে চালাইয়া দিলেন ॥৪ ৭॥

মাননীয বাজা! যেহেতু অর্জুন ক্রুদ্ধ হইয়া আপনাব সৈন্তগণের প্রতি ধাবিত হইলেন, সেইহেতু আপনাব সৈন্তগণের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৪৮॥

ক্রমে মহাবাছ অর্জুন ভীম্মের রক্ষক সেই বাজগণের নিকট উপস্থিত হইয়া স্থার্শ্মাকে এই কথা বলিলেন—॥৪৯॥

'ত্রিগর্তারাজ! আমি আপনাকে যোদ্ধশ্রেষ্ঠ এবং আমাদের পূর্ব্ব মহাবৈরী বলিয়া জানি, অতএব আজ সেই চুনীতির অতিদাকণ ফল উপস্থিত হইয়াছে, দেখুন ॥৫ •॥

<sup>(</sup>৪৯) -- স্পর্মাণমধো রাজন্! -- রা নি। (৫১) অভা তে-- রা নি।

অভিগম্যার্জ্জনং বীরং রাজভির্বহুভির্বতঃ। পুরস্তাৎ পুর্চতশৈচব পার্শ্বতশৈচব সর্ব্বতঃ ॥৫৩॥ পরিবার্য্যার্জ্জনং সংখ্যে তব পুত্রৈঃ সহানঘ।। শব্রৈঃ সংছাদ্যামাদ মেঘৈরিব দিবাকরম্ ॥৫৪॥ (যুগাক্স) ততঃ প্রবরুতে ঘোরঃ সংগ্রামঃ শোণিতোদকঃ। তাবকানাঞ্চ সমরে পাগুবানাঞ্চ ভারত। ॥৫৫॥ ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং ভীম্মপর্ববি

ভীপ্সবধে দপ্তমদিবসমুদ্ধে স্থশর্মার্চ্জনসমাগমে একাশীতিত্যোহধ্যায়ঃ ॥০॥ %

### ভারতকোসুদী

ষভীতি। সর্ববভন্তরালেভ্যোহপি। পরিবার্ণ্য বেইদ্নিদা, সংখ্যে যুদ্ধে ।৫৩—৫৪৪ তত ইতি। শোণিতমেবোদকং যত্র সঃ। এতেন সংগ্রামশু সাগররপত্বং বাদ্যতে ॥৫৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষ্ণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকারাং ভারতকোম্দীসমাথ্যাধাং ভীমব্ধে একাশীভিতবোহধ্যায়: 101

আমি আজ আপনাকে আপনার পূর্ব্বমৃত পিতৃপুক্ষগণের সহিত সাক্ষাৎ করাইব।' শত্রুহন্তা অর্জুন এইরূপ বলিতে লাগিলে, রথসমূহপতি স্বশর্মা সেই নিষ্ঠুর বাক্য শুনিয়াও ভাল বা মন্দ, কোন কথাই অর্জ্জুনকে বলিলেন না ॥৫১—৫২॥ **িকিন্তু নিষ্পাপ রাজা। সুশর্মা বহুসংখ্যক রাজগণে পবিবেষ্টিত অবস্থায** অর্জুনেব নিকট উপন্থিত হইয়া সমূথ, পৃষ্ঠ, পার্শ্ব ও অন্ত সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিয়া আপনার পুত্রদের সহিত মিলিত হইয়া—ইক্র মেঘগণদ্বারা যেমন সূর্য্যকে আবৃত কবেন, সেইরূপ বাণদারা করিলেন ॥৫৩---৫৪॥

ভরতনন্দন! ডাহার পর সমরাঙ্গনে আপনাব পক্ষীষ ও পাগুবপক্ষীয বীরগণের ভয়ঙ্কর যুদ্ধ প্রবৃত্ত হইল এবং তখন জ্বলেব স্থায রক্তের প্রবাহ চলিতে नाजिन" ॥११॥

<sup>(</sup>৫৩)---পৃষ্ঠতকৈনম্--পি। (৫৪)--তব পূতা মহারথা:। শব্র: দংচ্ছাদয়ামাহর্মেধা ইব—বা,…তব পুর্ত্তৈর্মহারণঃ—রা নি। (৫৫) ততঃ প্রবৃত্তঃ হুমহান্—নি। \* '…চত্রশীডি-स्यारशायः'--वात वानि।

# দ্বাণীতিতমোহধ্যায়ঃ।

#### <del>---</del>8\*8---

### দঞ্জয়:উবাচ।

দ তাজ্যমানস্ত শবৈধনপ্রয়ঃ পদাহতো নাগ ইব শাসন্ বলী।
বাণাংশ্চ বাণেন মহারথানাং চিচ্ছেদ চাপানি রণে প্রসহ্য ॥>॥
দংছিত্য চাপানি চ তানি রাজ্ঞাং তেষাং রণে বীর্য্যবতাং ক্ষণেন।
বিব্যাধ বাণৈর্গপন্মহাত্মা নিঃশেষতাং তেষথ মন্তমানঃ ॥২॥
নিপেতুবাজে ক্ষরিপ্রদিশ্ধান্তে তাড়িতাঃ শক্রন্থতেন রাজন্!।
বিভিন্নগাত্রাঃ পতিতোত্তমাঙ্গা গতাসবশ্ছিনতন্ত্রকায়াঃ ॥৩॥
মহীং গতাঃ পার্থবলাভিভূতা বিচিত্ররূপা যুগপদিনেশুঃ।
দৃষ্ট্যা হতাংস্তান্ যুধি রাজপুত্রাংক্রিগর্ত্তরাজ্ঞঃ প্রথগে রথেন ॥৪॥

### ভারতকৌমুদী

দ ইতি। নাগং সর্গং। প্রসন্থ বলেন বাণেন চাপানি বাণাংক চিচ্ছেদেতি স্বদ্ধঃ । ।

সংছিছেতি ৷ বিব্যাধ তানিতি শেবং। তেষু নিংশেবতাং মন্তমানং কর্জুমিছন্ । ২।

নিশেতুরিতি ৷ তে রাজন্ ৷ শক্রন্তেন ইন্তপুরেণার্জ্নেন, তাড়িতাং, তে বীহাং,

কবিরপ্রদিয়া রক্তনিপ্তাং, বিভিরগাত্রা বিদীর্ণাকাং, পতিতানি উত্তমাকানি মন্তকানি বেবাং
তে, গতাসবো নির্গতপ্রাণাং, ছিন্নান্তস্ত্রাণি বর্মাণি কারাক বেবাং তে চ, আছো যুক্তুমে
নিশেতুং ॥৩॥

সঞ্জয় বলিলেন—"বিপক্ষেরা বাণদ্বারা তাড়ন কবিলে, বলবান্ অর্জুন চরণ-ভাড়িত সর্পের স্থায় স্থাস ত্যাগ করিতে থাকিয়া বাণদ্বারা বলপূর্বক সেই মহারখ-গণের ধন্ন ও বাণসকল ছেদন করিলেন ॥১॥

মহাবীর অর্জুন যুদ্ধে ক্ষণকালমধ্যে সেই বলবান্ রাজগণের ধন্নগুলি ছেদন করিয়া তাঁহাদিগকে নিঃশেষ ক্রিবার ইচ্ছায বাণদ্বারা একদাই তাঁহাদিগকে বিদ্ধ করিলেন ॥২॥

রাজা। অর্জুন সেইভাবে তাড়ন করিলে, তাঁহাদের মধ্যে কেহ কেহ রক্ত লিপ্তদেহ, কেহ কেহ বিদীর্ণশরীর, কেহ কেহ পতিতমস্তক, কেহ কেহ ছিন্নকবচ এবং কেহ কেহ ছিন্নদেহ হইয়া ভূতলে পতিত হইলেন ॥৩॥

<sup>(</sup>১) স ত্তমানত ---বাণেন বাণেন মহারখানাম্—পি বা। (৪) মহারখাঃ পার্থবলাতি-ভূতাঃ—পি বা।

তেষাং রথানামথ পৃষ্ঠগোপা ছাত্রিংশদন্যেহভাপতন্ত পার্থম্।
তথিব তে তং পরিবার্য্য পার্থং বিক্নয় চাপানি মহারবাণি।
অবীর্ষন্ বাণমহোঘর্ট্যা যথা গিরিং তোয়ধরা জলেটিয়ঃ ॥৫॥
দংশীডামানস্ত শরোঘর্ট্যা ধনঞ্জয়ন্তান্ যুধি জাতরোয়ঃ।
ঘট্যা শরৈঃ সংঘতি তৈলধোতৈর্জঘান তানপ্যথ পৃষ্ঠগোপান্॥৬॥
রথাংশ্চ তাংস্তানবজিত্য সংখ্যে ধনঞ্জয়ঃ প্রীত্মনা যশস্বী।
অথাত্মরন্তীপ্মবধায় জিফুর্বলানি রাজন্! সমরে নিহত্য॥৭॥
ত্রিগর্ত্তরাজো নিহতান্ সমীক্ষ্য মহাত্মনা তানথ বন্ধুবর্গান্।
রবে পুরস্কৃত্য নরাধিপাংস্তান্ জগাম পার্থং ছরিতো বধায়॥৮॥

### ভারতকোমুদী

ষহীমিতি। বিচিত্ররপা: পরিচ্ছদবৈচিত্রাৎ। ত্রিগর্ভরাজ: হুশর্মা 181
তেবামিতি। পূর্চনোপা: পূর্চরক্ষকা:, অভাপতস্ত উপাগচ্ছন্। পরিবার্য পরিবেট্য।
শ্বীবৃহন্ বৃষ্টবন্ত ইত্যর্থ:। তোরধরা মেখা:। ষ্ট্পাদোহয়ং শ্লোক: 1৫।
শংশীভোতি। তান্ প্রতি জাতরোম:। সংযতি মুদ্ধে, পূর্চগোপান্ পূর্চরক্ষকান্ 1৬।
র্থানিতি। সংখ্যে মুদ্ধে। অধ্যথ স্বরামকরোৎ, জিফুর্জ্যনীল: 191
তিগর্কেতি। বহাত্মনা অর্জুনেন। পার্থমর্জুনং প্রতি 1৮1

বিচিত্রাকৃতি সেই রাজপুত্রেরা অর্জুনের বলে অভিভূত ও ভূতলপতিত ইইয়া একদাই প্রাণত্যাগ করিলেন। তখন সুশর্মা সেই রাজপুত্রগণকে যুদ্ধে নিহত দেখিয়া রখারোহণে অর্জুনের দিকে গমন করিলেন ॥৪॥

তদনন্তর সেই রথিগণের পৃষ্ঠবক্ষক আবও বত্রিশজন যোদ্ধা অর্জুনেব নিকটে উপস্থিত হইলেন এবং সেইরূপই অর্জুনকে পরিবেষ্টন করিয়া মহাশব্দকারী ধরু শব্দ আকর্ষণপূর্বক—মেঘ যেমন পর্ববতের উপরে জল বর্ষণ কবে, সেইরূপ মর্জুনের উপরে বাণ বর্ষণ কবিতে লাগিলেন ॥৫॥

অর্জুন তাঁহাদের বাণবর্ষণে পীড়িত হইয়া তাঁহাদেব প্রতি ক্রুদ্ধ হইলেন এবং তৈলমান্দিত ষাটটা বাণদারা যুদ্ধে সেই পৃষ্ঠরক্ষকদিগকেও বধ করিলেন ॥৬॥

রাজা। বিজয়ী ও যশসী অর্জুন যুদ্ধে সেই সকল রথীকে ভয় করিয়া এবং বৃদ্ধে অক্সাম্য সৈক্সকেও সংহার করিয়া সম্বষ্টচিত্ত হইয়া ভীম্মকে বধ করিবার জন্ত ব্যাধিত হউলেন ধনা

<sup>(</sup>e)…তথৈব ভে সংপরিবাধ্য—পি বা। (গ) বৃষ্টিং রধাংস্থান্—পি বা, অভিজিত্য—প্রীতননা বনবী—সময়েহভিত্ত্য—পি।

অভিক্রতঞ্চান্ত্রবিদাং বরিষ্ঠং ধনঞ্জয়ং পাণ্ডবস্থঞ্জয়ান্তে।
অভ্যুদ্যযুক্তে শিতশন্ত্রহন্তা বিরক্ষিয়ন্তো রথমর্জ্জনন্ত ॥৯॥
পার্থোহপি তানাপততঃ সমীক্ষা ত্রিগর্ত্তরাজ্ঞা সহিতান নৃবীরান্।
বিধ্বংসয়িত্বা সমরে ধনুত্মান্ গাণ্ডীবমুক্তৈর্নিশিতৈঃ পৃষৎকৈঃ ॥>০॥
ভীত্মং যিয়ান্তর্যুধি সংদদর্শ ভূর্য্যোধনং সৈদ্ধবাদীংশ্চ রাজ্ঞঃ।
সংবারয়িষ্ণুনভিবারয়িত্বা মুহূর্ত্তমাযোধ্য বলেন বীরঃ ॥>>॥ (য়ুয়্মকম্)
উৎস্ক্তা রাজানমনন্তবীর্য্যো জয়দ্রথাদীংশ্চ নৃপান্ মহোজাঃ।
যথো ততো ভীমবেলা মনস্বী গাঙ্গেয়মাজো শরচাপপাণিঃ ॥>২॥

ভারতকৌমুদী

অভীতি। শিতানি স্থারীকৃতানি শতাণি হঁতেষু যেষাং তে, রিবন্দিবস্তো রন্দিত্-মিচ্ছস্তঃ ॥ না

পার্থ ইতি। বিধ্বংস্থিতা স্থশর্মেতবান্ বিনাশ্ত। পৃষ্ৎকৈর্বাণিঃ। সৈদ্ধবাদীন্ স্বয়ন্ত্রথ-প্রভৃতীন্। আঘোধ্য সম্যুগ্যোধয়িতা। অতানেক এবার্ধাঃ প্রয়োগাঃ ॥১০—১১॥ উৎস্ক্রোতি। রাজানং ভূগোধন্ম, অনস্তবীর্ধাঃ পার্থ এব। গাঙ্গেরং ভীত্মম্ ॥১২॥

অর্জুন সেই বন্ধুবর্গকে বধ করিয়াছেন দেখিয়া ত্রিগর্ডাধিপতি স্থশর্মা যুদ্ধে প্রসিদ্ধ কতকগুলি রাজাকে অগ্রবর্তী করিয়া অর্জুনকে বধ করিবার জন্ম তাঁহার নিকট গমন করিলেন ॥৮॥

অন্ত্রজ্ঞতের অর্জুন বিপক্ষকর্ত্ব আক্রান্ত হইলে, স্থতীক্ষ্ণ-শস্ত্রধারী অপর পাশুবগণ ও স্প্রয়গণ ভাঁহার বথ রক্ষা করিবার জন্ম ভাঁহার অভিমূখে গমন করিলেন॥৯॥

সেই বিপক্ষ বীরেরা ত্রিগর্তরাজ স্থার্শনার সহিত আসিতেছেন দেখিয়া মহাবীর ও প্রশস্ত ধন্দর্ভব অর্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত স্থতীক্ষ বাণসমূহদারা স্থার্শনিভিন্ন বিপক্ষদিগকে বিনাশ করিয়া ভীত্মের দিকে যাইবার ইচ্ছা করিলেন। এই সময়ে
ঘর্যোধন ও জয়ন্তর্থপ্রভৃতি রাজারা অর্জুনকে নিবারণ করিতে প্রবৃত্ত হইলেন;
তথন অর্জুন বলপূর্বক মূহূর্ত্তকাল যুদ্ধ করিয়া ঘর্য্যোধনপ্রভৃতিকে নিবারণপূর্বক
যাইয়া সমরাঙ্গনে ভীত্মকে দর্শন করিলেন ॥১০—১১॥

ভাহার পর অনন্তশক্তিশালী, মহাতেজা, ভয়ঙ্কববলসম্পন্ন প্রশস্তমনা ও ধন্মব্বাণধারী অর্জ্ন তুর্য্যোধনকে ও জয়জ্বথপ্রভৃতি রাজগণকে পরিত্যাগ করিয়া সমরাঙ্গনে ভীম্মের দিকেই গমন করিলেন ॥১২॥

<sup>(</sup>२) অভিক্রতকাল্পভূতাং বরিষ্ঠং ধনঞ্জয়ং বীক্ষ্য শিথগুিম্থ্যাঃ—রা নি । (১১)---বিবারয়িষ্নশ সংপ্রমায় মুহুর্ভম্—পি বা ।

ভীম্মোহপি দৃষ্ট্বা সমরে ক্বতান্ত্রান্ স পাগুবানাং রথিনোহভ্যুদারান্। বিহার সংগ্রামম্থে ধনঞ্জয়ং জবেন পার্থং পুনরাজগাম ॥১০॥ মুধিন্ঠিরশ্চোগ্রবলো মহাত্মা সমাযথে ত্বরিতো জাতকোপঃ। মদ্রাধিপং সমভিত্যজ্য সংখ্যে স্বভাগমাপ্তং তমনন্তকীর্ত্তিঃ। সার্দ্ধং স মাদ্রীস্থতভীমসেনৈর্ভীশ্বং যথে শান্তনবং রণায়॥১৪॥ তৈঃ সম্প্রযুক্তিঃ স মহারথাগ্রৈগ্রন্থান্তঃ সমরে চিত্রযোধী। ন বিব্যথে শান্তনবো মহাত্মা সমাগতৈঃ পাণ্ডুস্থতিঃ সমস্তিঃ॥১৫॥ অথেত্য রাজা যুধি সত্যসন্ধো জয়দ্রথেছত্যুগ্রবলো মনস্বী। চিচ্ছেদ চাপানি মহারথানাং প্রসন্থ তেবাং ধমুষা ববেন॥১৬॥

### ভাবতকোমূদী

ভীম ইতি। অভ্যাদারান্ দর্কেষেব বিষয়েষু মহতঃ। জবেন বেগেন ॥১৩॥
মুধীতি। উগ্রং বলং দৈয়াং যক্ত সঃ। মভাগং পূর্কেনিজেশেনাত্মনো বধ্যাংশম্,
আপ্তম্পস্থিতম্, সমভিত্যক্ষ্য, ভীম্মবধে সর্কবৈশ্বব বধসম্ভবাদিতি ভাবঃ। বট্পাদোহয়ং
শ্লোকঃ॥১৪॥

তৈরিতি। সম্প্রযুক্তিঃ সম্মিলিতৈত্বপি। ন বিব্যথে আত্মনোহতিরথস্থাৎ 11১৫। অথেতি। মহারথানাং পাগুরীয়ানাম, ববেণ ধনুষা শরান্ নিক্ষিপ্যেতি শেষঃ 11১৬।

ভীশ্বও অস্ত্রে স্থানিকিত এবং সর্ববিষয়ে মহাযোদ্ধা পাণ্ডবপক্ষীয় রথীনিগকে সম্মুখে দেখিয়াও তাঁহাদিগকে পরিত্যাগ কবিয়া বেগে পৃথানন্দন অর্জ্জনের দিকেই আসিলেন ॥১৩॥

এই সময়ে ভয়ঙ্কর সৈত্যে পরিবেষ্টিত ও ক্রুদ্ধ মহাত্ম। বুধিচিরও সত্ব সেখানে আগমন করিলেন এবং অনস্তকীর্ত্তি যুধিষ্ঠির আপন ভাগে নির্দিষ্ট যুদ্ধে উপস্থিত মন্তর্গাজ শল্যকে পবিত্যাগ কবিয়া ভীমসেন, নকুল ও সহদেবের সহিত মিলিত ইইবা যুদ্ধ করিবাব জন্ম শান্তমুনন্দন ভীত্মের দিকেই গমন কবিলেন ॥১৪॥

কিন্তু সম্মিলিত ও মহারথশ্রেষ্ঠ সমস্ত পাশুব সেখানে আগমন করিলেও, বিচিত্রযোদ্ধা ও মহাত্মা শাস্তমুনন্দন ভীত্ম তাহাতে উদ্বিগ্ন হইলেন না ॥১৫॥

তাহার পর সভ্যপ্রতিজ্ঞ, ভযঙ্কবশক্তিশালী ও মনস্বী বাজা জয়দ্রথ উপস্থিত হইযা বলপূর্বক উত্তম ধনুদ্বাবা বাণ নিক্ষেপ করিয়া পাগুবপক্ষীয় মহারথগণের ধনুগুলি ছেদন করিলেন ॥১৬॥

<sup>(</sup>১৪) যুধিষ্টিরন্চ প্রবলো মহাত্মা—রা নি। (১৬) অথৈত্য রাজা—বা রা নি। ভীম(১৯)-১৪•

যুধিন্তিরং ভীমসেনং যমে চ পার্থং কৃষ্ণং যুধি সঞ্জাতকোপঃ।

তুর্য্যোধনঃ ক্রোধবিষাে মহাত্মা জ্বান বাবৈরনলপ্রকাশৈঃ॥>৭॥

কুপেন শল্যেন শল্যেন চৈব তথা বিভাে! চিত্রসেনেন চাজে।

বিদ্ধাঃ শরৈন্তেহতিবিবৃদ্ধকোপৈদে বা যথা দৈত্যগগৈঃ সমেতৈঃ॥>৮॥

ছিন্নায়ুধং শান্তনবেন রাজা শিখণ্ডিনং প্রেক্ষ্য চ জাতকোপঃ।

জ্জাতশক্রঃ সমরে মহাত্মা শিখণ্ডিনং ক্রুদ্ধ উবাচ বাক্যম্॥>৯॥

উক্ত্যা তথা ত্বং পিতুরগ্রতাে মামহং হনিয়ামি মহাব্রতং তম্।
ভীন্মং শরোঘৈর্বিমলার্কবর্ণেঃ সত্যং বদামীতি কৃতা প্রতিজ্ঞা॥২০॥

ছয়া চ নৈনাং সফলাং করােষি দেবব্রতং যন্ন নিহংসি যুদ্ধ।

মিথ্যাপ্রতিজ্ঞা তব মাত্র বীর! বক্ষ স্বধর্মং স্বকুলং যশশ্চ॥২১॥

## ভাবতকোমুদী

যুধীতি। মমে নকুলসহদেবৌ, পার্থমজ্জ্নং প্রাসিকত্বাৎ। জন্মান আজ্বান ॥১৭॥ কুপেণেতি। আজে যুদ্ধে। বিদ্বান্তাড়িতাঃ। সমেতৈঃ সম্মিলিতৈঃ ॥১৮॥ ছিন্নেতি। শান্তনবেন শিথতিনো ধন্মশ্ছেদনং সকুলযুদ্ধে ব্যক্তিল্রমাৎ। অন্তথা তেন সহ

ছিলোত। শাস্তনবেন শিশাওনো বয়স্থেদনং সঙ্গাধুকে ব্যাক্তন্মান। অভ্যথা তেন সং তেন্ত যুদ্ধাকরণপ্রতিজ্ঞাভঙ্গঃ ভাৎ। ভীমং প্রতি জাতকোপঃ, শিথভিনঞ্চ প্রতি ক্রুদ্ধতং-প্রতিজ্ঞাভঙ্গদর্শনাদিতি পুনয়ক্ত্যভাবঃ। অজাতশক্ত্যর্ধিষ্টিবঃ ॥১৯॥

উল্কেতি। পিতৃক্রপদক্ষ। মহাবতং চিববন্ধচর্য্যবতম্ ॥২০॥

ক্রোধবিষে দৃগারী ও মহাশক্তিশালী ছর্য্যোধন অগ্নির স্থায় উজ্জল বাণসমূহ দারা যুদ্ধে যুধিষ্ঠির, ভীমসেন, অর্জুন, নকুল, সহদেব ও কৃষ্ণকে আঘাত করিলেন ॥১৭॥

এবং রাজা। পূর্বকালে অত্যন্ত ক্রুদ্ধ দৈত্যগণ সন্মিলিত হইয়া যেমন দেবগণকে বিদ্ধ করিত, সেইবাপ অত্যন্ত ক্রুদ্ধ কৃপ, শল্য, শল ও চিত্রসেন বাণদ্বাবা যুদ্ধে পাগুবগণকে বিদ্ধ করিলেন ॥১৮॥

এই সময়ে ভীম্ম শিখণ্ডীর ধন্ন ছেদন করিয়া ফেলিলেন; ভাহাতে ভীম্মের প্রতি এবং শিখণ্ডীর প্রতিও যুধিষ্ঠিরের জ্যোধ জন্মিল; ভাই তিনি শিখণ্ডীর দিকে দৃষ্টিপাত করিয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১৯॥

"শিখণ্ডী। সাপনি আপনার পিতার সম্মুখে আমাকে এইকপ বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি সূর্য্যের স্থায় উজ্জ্ঞল বাণসমূহদারা সেই মহাব্রত ভীম্মকে বধ করিব, ইহা আমি সত্য বলিভেছি॥২০॥

<sup>(</sup>১৭)···পার্থানথো র্ধি সঞ্জাতকোপঃ—পি, ···কৃঞ্ঞ পার্থং র্ধি জাতকোপঃ—বা। (২১) ম্মান চৈনাস্--রক্ষ ধর্মণ যশঃ কুল্ঞ —পি বা।

প্রেক্ষন্থ ভীন্নং যুধি ভীমবেগং দর্বনাংস্তপন্তং মম দৈন্যদংঘান্।
শরোঘজালৈরতিতিথাবেগৈঃ কালং যথা কালকৃতং ক্ষণেন ॥২২॥
নিকৃত্তচাপঃ দমবেহনপেক্ষঃ পরাজিতঃ শান্তনবেন চাজো।
বিহায বন্ধূনথ দোদরাংশ্চ ক যাস্তদে নামুরূপং তবেদম্ ॥২০॥
দৃষ্ট্বা হি ভীন্নং তমনন্তবার্য্যং ভগ্নঞ্চ দৈন্তং দ্রবমাণমেবম্।
ভীতোহদি নূনং ক্রেপদস্ত পুত্র! তথাহি তে মুখবর্নোহপ্রক্রফঃ ॥২৪॥
অজ্ঞারমানে চ ধনপ্রয়ে তু মহাহবে সম্প্রদক্তে নৃবীরে।
কথং হি ভীন্মাৎ প্রথিতঃ পৃথিব্যাং ভয়ং ত্বমন্ত প্রকরোহি বার!॥২৫॥

### ভাবতকোমুদী

পরেতি। দেবরতং ভীন্ম। স্বধর্মং স্ববীবনিষম্ম, স্বকুলং তদ্গোরবম্ ১২।
প্রেক্সন্থতি। কালং যমম্, কালকুতং সমযেনোপস্থাপিতম্ ॥২২॥
পদাযনপ্রবৃত্তিং সন্তাব্যাহ —নিকুত্তেতি। নিকৃত্তচাপশ্ছিমধনা, অনপেক্ষ উদাসীনঃ ১২০॥
দৃদ্ধেতি। ভয়ং সংঘ্চাতম্, স্রবমাণং পলায়মানম্। অপ্রস্তাতী মলিনঃ ॥২৪॥
অক্তাযেতি। অভায়মানে দূরবৃত্তিত্বা স্বযা অলক্ষ্যমাণে। সম্প্রস্তে প্রবৃত্তে ॥২৫॥

অতএব আপনি যে হেতৃ যুদ্ধে ভীশ্বকে বধ করিতেছেন না, নেই হেতু সে প্রতিজ্ঞাও ক্ষা করিতেছেন না; স্থতরাং বীর! আপনি মিথ্যাপ্রতিজ্ঞ ;হইবেন না; বীরেব ধর্ম্ম, বংশেব গৌবব ও যশ রক্ষা কফন ॥২১॥

আপনি দেখুন—যথাকালে উপস্থিত যমেব ন্যায় ভয়ঙ্করবেগশালী ভীত্ম ক্ষণকালমধ্যে যুদ্ধে মহাবেগমুক্ত বাণসমূহধারা আমাব সমস্ত সৈভাকে সম্ভপ্ত কবিতেছেন ॥২২॥

ভীম যুদ্ধে আপনাকে পবাজয় করিয়াছেন এবং আপনার ধন্থ ছেদন করিয়াছেন; তাহাতে আপনি যুদ্ধে উদাদীন হইয়া পড়িয়াছেন। এখন বন্ধুগণ ও সহোদরগণকে পবিত্যাগ করিয়া কোথায় যাইবেন। তাহা আপনাব অনুকপ ইইবে না ॥২৩॥

জ্পদনন্দন! এদিকে অসীমশক্তিশালী ভীন্ম রহিষাছেন, ওদিকে আমার সৈন্তেরা সংঘচ্যুত হইষা এইভাবে পলায়ন কবিতেছে, ইহা দেখিয়া নিশ্চযই আপনি ভীত হইয়া পড়িয়াছেন; যে হেতু আপনাব মুখেব বর্ণ মলিন হইষা গিয়াছে ॥২৪॥

<sup>(</sup>২২) --- অভিতিশতে জাঃ কালো যথা কালত্বতম—পি, --- অভিতিশমের নিঃ বালো যথা কালত্বতঃ--বা। (২৩) --- শান্তনবেন রাজ্ঞা—পি বা। (২৪) --- স্রবমাণমেতৎ—পি বা। (২৫) ---আজ্ঞান্তমানেন ধনগ্রমেন মহাহবে পশ্চ মুক্তং নৃবীরন্—পি বা।

স ধর্মবাজন্ম বচো নিশম্য রক্ষাক্ষরং বিপ্রলাপানুবদ্ধন্ ।
প্রত্যাদেশং মন্তমানো মহাত্মা প্রতন্তরে ভীম্মবিধার রাজন্ ! ॥২৬॥
তমাপতন্তং মহতা জবেন শিখণ্ডিনং ভীম্মভিদ্রবন্তম্ ।
নিবাররামাস হি শল্য এনমন্ত্রেণ ঘোরেন হুতুর্জ্জরেন ॥২৭॥
স চাশি দৃষ্ট্যা সমুদীর্য্যমাণমন্ত্রং যুগান্তাগ্রিসমপ্রকাশম্ ।
ন সংমুমোহ জ্রুপদন্ত পুত্রো রাজন্ ! মহেক্সপ্রতিমপ্রভাবঃ ।
তক্ষো চ তত্রিব মহাধনুম্মান্ শরৈন্তদন্তং প্রতিবাধ্যানঃ ॥২৮॥
অথাদদে বারুণমন্তদন্তং শিখণ্ডাথোগ্রং প্রতিঘাত্মন্ত ।
তদন্তমন্ত্রেণ বিদার্য্যমাণং খন্থাঃ হুরা দদৃশুঃ পার্থিবাশ্চ ॥২৯॥

## ভারতকৌমুদী

ইথং যুধিষ্টিরবাক্যমন্ত সঞ্চয এব পুনরাহ—স ইতি । স শিথঞী । কক্ষাক্ষরং নিষ্ঠুরবর্গম্, বিপ্রসাপাছবন্ধম্ উল্পুঠনযুক্তম্ । প্রত্যাদেশং কাপ্করতয়া প্রত্যাথ্যানম্ ॥ ৬॥

তমিতি। জবেন বেগেন। অভিদ্রবস্তম্ অভিধাবস্তম্। অল্পোগ্নেয়েন ॥২ ৭॥ স ইতি। স শিথতী। প্রতিবাধমানো নিবার্যন্। বট্পাদোহযং শ্লোকঃ ॥২৮॥ ভাবতভাবদীপঃ

স ইতি ॥১—২৪॥ অজ্ঞায়মানে পশ্চাৎস্থিতে ॥২৫॥ প্রত্যাদেশং ভর্ৎ সনম্ ॥২৬—৩৯॥ ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কনি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে ঘ্যশীতিতমোহধ্যায়ঃ ॥৮১॥

মনুখ্যবীর অর্জ্ন মহাযুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, ইহা আপনি জ্ঞানিতে পারেন নাই (বোধ হয়। সে যাহা হউক,) বীর! আপনি পৃথিবীতে বীব বলিয়া প্রাসিদ্ধ হইয়াও আজ ভীন্ম হইতে ভয় করিতেছেন কেন ?" ॥২৫॥

রাজা! মহাত্মা শিথতী কক্ষবর্ণ ও উল্লু ঠন-(বিজ্ঞাপ-) যুক্ত যুখিষ্ঠিরের বাক্য শুনিয়া তাহাকেই প্রত্যাখ্যান (স্বপক্ষ হইতে দ্রীকরণ) মনে করিয়া ভীত্মবধের জন্ম অত্যস্ত স্বরান্বিত হইলেন ॥২৬॥

শিখণ্ডী মহাবেগে আসিতে লাগিলে এবং ভীম্মেব প্রতিই ধাবিত হইলে, মন্তরাজ শল্য ভয়ম্বর ও অতিহুর্জিয় আগ্নেয় অস্ত্রদারা তাঁহাকে নিবারণ করিলেন ॥২৭॥

রাজা! প্রলযকালেব অগ্নির ন্থায় জাজল্যমান সেই আগ্নেয় অস্ত্র উঠিয়াছে দেখিয়া মহাধন্ত্রন্ধির ও ইন্দ্রের তুল্য প্রভাবশালী ক্রপদনন্দন শিখণ্ডী মুগ্ধ ত হইলেনই না, বরং বাণদ্বারা সেই অস্ত্রেব বাধা জন্মাইতে থাকিয়া সেই স্থানেই অবস্থান করিতে লাগিলেন ॥২৮॥

<sup>(</sup>২৭) --- আবার্যামান --- শত্রেণ বোরেণ--- পি বা। (২৮) --- ন সংপ্রমৃত্-- পি বা। (২৯) --- বয়া নি।

ভীষ্মস্ত রাজন্! সমরে মহাত্মা ধনুশ্চ চিত্রং ধ্বজ্ঞমেব চাপি।
ছিত্তানদং পাণ্ডুহুতত্ত্ব বীরো যুধিষ্ঠিরস্থান্ধমীদৃত্য রাজ্ঞঃ ॥৩০॥
ততঃ সমুৎস্ক্র্য ধনুঃ সবাগাং যুধিষ্ঠিরং বীক্ষ্য ভয়াভিভূতম্।
গদাং প্রগৃহ্যাভিপপাত সংখ্যে জয়দ্রথং ভীমসেনঃ পদাতিঃ ॥৩১॥
তমাপতত্তং মহতা জবেন জয়দ্রথঃ সগদং ভীমসেনম্।
বিব্যাধ ঘোরের্যমদগুকল্পৈঃ শিতৈঃ শরৈবৈ নবভিঃ সমন্তাৎ ॥৩২॥
অচিন্তয়িত্বা স শরাংস্তবন্ধী রুকোদবঃ ক্রোধপরীতচেতাঃ।
জ্বান বাহান্ সমরে সমস্তান্ বানায়ুজ্বান্ সিন্ধুরাজ্ব্য সংখ্যে ॥৩১॥
ততোহভিবীক্ষ্যাপ্রতিমপ্রভাবস্তবাত্মজ্বরুমাণো রুপেন।
অভ্যাবর্যো ভীমসেনং নিহন্তং সমুত্যতান্তঃ স্থররাজকল্পঃ ॥১৪॥

## ভাবতকোসুদী

অথেতি। 'অশু আরেষাল্পশু। বিদার্যমাণং বিনাশুমানম্, থস্থা আকাশস্থা: ৪২৯॥
ভীম ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ। আজমীতশু অঙ্গীতবংশীয়শু ॥৩০॥
তত ইতি। অভিপণাত অভিদ্ধাব, সংখ্যে সমরাঙ্গনে। পদাতিঃ পাদচারী সন্ ॥৩১॥
তমিতি। জবেন বেগেন, গদ্যা সহেতি সগদস্তম্। সমস্তাৎ সর্বেষ্টেয়ু ॥৩২॥
আচিস্কেতি। তরন্ধী বলবান্। বাহান্ অখান্, বানায়ুজান্ বনায়ুদেশজ্বাতান্ ॥৩৩॥
তত ইতি। তবাবাজ্বন্তিবেসনং প্রতোক্তেঃ। সম্ভতমূতোলিভমন্ত্রং যেন সং ॥৩৪॥

ভাহার পব শিখণ্ডী সেই আগ্নেয় অন্তের উপযুক্ত প্রতিঘাতক ভয়ন্থব অন্ত বাকণান্ত গ্রহণ করিয়া নিক্ষেপ করিলেন। তখন সেই বারণান্ত সেই আগ্নেযান্তকে প্রতিহত কবিতে থাকিল; ইহা আকাশস্থিত দেবভারা এবং ভূতলন্থিত বাজারা দেবিতে লাগিলেন ॥২৯॥

এদিকে মহাত্মা ও মহাবীব ভীষ্ম যুদ্ধে অজমীঢ়বংশীয় পাণ্ড্নন্দন বাজা যুধিষ্ঠিরের ধন্ন ও বিচিত্র ধ্বজ ছেদন করিয়া সিংহনাদ করিলেন ॥৩০॥

তাহাব পর ভীমদেন যুধিষ্ঠিরকে ভয়াভিভূত দেখিয়া ধরু ও বাণ পরিত্যাগ করিযা গদা ধারণপূর্ব্বক সমবাঙ্গনে জয়জ্ঞথের দিকে ধাবিত হইলেন ॥৩১॥

ভীমসেন গদা ধারণ করিষা মহাবেগে আসিতে লাগিলে, ভষ্তথ যমদণ্ডের তুল্য ভয়ম্বব ও সুতীক্ষ্ণ নয়টা বাণদ্বাবা তাঁহার সমস্ত অঙ্গ বিদ্ধ করিলেন ॥৩২॥

তখন বলবান্ ভীমদেন অত্যস্ত ক্রুদ্ধ হইষা সেই বাণগুলিকে চিন্তা না করিয়া সমরান্তনে যুদ্ধে জযজ্ঞেব বনাযুদেশীয় সমস্ত অশ্বগুলিকে বধ কবিলেন ॥৩৩॥

<sup>(</sup>৩২)···সহসা জবেন···শিতৈ: শবৈ: পঞ্গতৈ: সমস্তাৎ—বা নি।

ভীমোহপ্যথৈনং দহসা বিনন্ত প্রত্যুদ্যযৌ গদয়া ভর্জ্জমানঃ। সমুগ্রতাং তাং যমদগুকল্পাং দৃষ্ট্ব। গদাং তে কুরবঃ সমস্তাৎ ॥৩৫॥ বিহায় সর্বেব তব পুত্রমুগ্রং পাতং গদায়াঃ পরিহর্ত্ত্বকামাঃ। অপক্রান্তান্তান্তমুলে সম্প্রমর্কে হৃদারুণে ভারত! মোহনীয়ে ॥১৬॥ (যুগ্মকম্)

অমূঢ়চেতাস্থথ চিত্রসেনো মহাগদামাপতন্তীং নিরীক্ষ্য।
রথং সমূৎস্বজ্য পদাতিরাজৌ প্রগৃহ্য থড়গং বিপুলঞ্চ চর্ম।
অবপ্লুতঃ সিংহ ইবাচলাগ্রাজ্জগামান্তং ভূমিপ! ভূমিদেশম্ ॥৩৭॥
গদাপি সা প্রাপ্য রথং স্থচিত্রং সাখং সমূতং বিনিহত্য সংখ্যে।
জগাম ভূমিং জ্বলিতা মহোল্কা ভ্রতীম্বরাদ্গামিব সংপতন্তী ॥৩৮॥

## ভারতকোমুদী

ভীন ইতি। বিনম্ম নিংহনাদং ক্ববা। নংপ্রমর্দে যুদ্ধনংঘর্ষে 101—০৬।
অমূঢ়েভি। অমূচচেতা: কর্মবাহিবচিন্ত:। অচলক্ষ পর্বভক্তাগ্রাৎ। ঘটুপাদোহয়ং
মৌক: ১৩৭।

গদেতি। সম্বতং স্পার্থিম্। অম্বরাদাকাশাৎ, গাং ভূমিম্, সংগতন্তী স্পৃশন্তী ।৩৮।

তাহা দেখিয়া আপনার পুত্র অতুলনীয়প্রভাবশালী চিত্রদেন দেবরাজের স্থায় রথারোহণ কবিয়া হুরাধিত হইয়া অস্ত্র উত্তোলনপূর্বক ভীমদেনকে বধ কবিবার জন্ম উপস্থিত হইলেন ॥৩৪॥

ভরতনন্দন! তথন ভীমসেনও সিংহনাদ করিয়া গদাঘারা ভয়প্রদর্শন করিতে থাকিয়া তৎক্ষণাৎ চিত্রসেনের প্রত্যুদ্গমন করিলেন। এই সময়ে কৌরবেরা সকলে যমদণ্ডের তুল্য সেই উত্তোলিত গদা দেখিয়া তাহার ভয়ন্ধব আঘাত এড়াইবার ইচ্ছা করিয়া চিত্রসেনকে পরিত্যাগপূর্বক তুমুল, অভিদাকণ ও মোহজনক সেই যুদ্ধসংঘর্ষে পলায়ন করিলেন ॥৩৫—৩৬॥

রাজা। সেই বিণাল গদাটা আসিতেছে দেখিয়া, চিত্রসেন স্থিরচিত্ত থাকিয়া, রথ পরিত্যাগ করিয়া, বিশাল তরবারি ও চর্ম্ম লইয়া, পর্ববিতাগ্র হইতে সিংহের স্থায় লাফাইয়া পড়িয়া পাদচারে অক্ত স্থানে গমন করিলেন ॥৩৭॥

সেই গদাটাও যাইয়া অশ্ব ও সার্থির সহিত সেই বিচিত্র রথথানাকে বিধ্বস্ত করিয়া আকাশভ্রষ্ট উজ্জ্বন মহোক্বার স্থায় ভূতলে পতিত হইল॥৩৮॥

<sup>(</sup>৩৫)···গদ্যা তর্জ্বনান: —রা নি। (৩৬)···উগ্রাং তৈনীং গদাং তে—পি বা। (৩৭)···
দ্বগাম তং ভূমিপ !—পি বা। (৩৮) - গামিব সঞ্চরস্থী—পি বা।

ততঃ সনবনাগাশাঃ সমকম্পন্ত স্ঞ্জয়াঃ।
মত্যোরাক্তমনুপ্রাপ্তং মেনিরে চ যুবির্চিরম্॥:॥
য়ুবিষ্ঠিরোহপি কৌরব্যো যমাভ্যাং সহিতঃ প্রভুঃ।
মহেয়াশং নরব্যান্তং ভীম্বং শান্তনবং যযৌ॥৪॥
ততঃ শরসহ্স্রাণি প্রমুঞ্জন্ পাশুবো যুবি।
ভীম্বং সংছাদয়ামাস যথা মেঘো দিবাকরম্॥৫॥
তেন সম্যক্ প্রণীতানি শরক্ষালানি ভাগশঃ।
প্রতিজ্ঞাহ গাঙ্গেয়ঃ শতশোহথ সহস্রশঃ॥৬॥
তথৈব শরক্ষালানি ভীম্মেণান্তানি মারিষ!।
আাকাশে সমদৃশ্যন্ত থগমানাং ব্রজ্ঞা ইব॥৭॥

### ভাবতকোমুদী

তত ইতি। নরা: পদাতয়:, নাগা হস্তিন:। আস্থ্য মৃথম্ । ।

য়্থীতি। যমাতাাং নকুলসহদেবাতাাম্। মহেযাসং মহাধহর্বিম্ ॥ ৪॥

তত ইতি। সহস্তপদং বহুত্বসরম্। পাঞ্জবো মুধিষ্টির: ৫৫॥

তেনেতি। তেন মুধিষ্টিরেণ, প্রশীতানি রচিতানি, ভাগশো ভাগে ভাগে ।

তথেতি। অস্তানি ক্ষিপ্তানি। থগমানাং পক্ষিণাম্, ব্রজাঃ সম্হাঃ ॥ ৭॥

সেই তুমুল ও সঙ্কুল যুদ্ধ সেইরূপ গুরুতর ভাবে চলিতে লাগিলে, শান্তমুনন্দন ভীম সম্বর যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥২॥

তথন পজারোহী, অশ্বারোহী ও পদাতিদিগেব সহিত স্ঞ্নয়েরা যুধিষ্ঠিরকে যমের মুথপ্রবিষ্ট বলিয়া মনে করিতে লাগিল ॥৩॥

এই সময়ে কৌববনন্দন রাজা যুখিষ্ঠিরও নকুল এবং সহদেবের সহিত মিলিত ইইয়া মহাধন্মর্দ্ধর ও নরশ্রেষ্ঠ শাস্তমুনন্দন ভীত্মেব দিকে গমন করিলেন ॥॥

তাহার পর মেঘ যেমন স্থাকে আর্ত করে, সেইরূপ যুধিষ্ঠির যুদ্ধে বহুতর বাণ নিক্ষেপ করিয়া ভীম্মকে আর্ত করিলেন ॥৫॥

যুখিষ্ঠির ভাগে ভাগে সমাক্রপে বহুসংখ্যক শরজাল নির্দ্মাণ করিলে, ভীদ্ম সেই শত শত ও সহস্র সহস্র শরজাল গ্রহণ করিলেন ॥৬॥

মাননীয় রাজা। ভীম্মও সেইরূপই শর্জাল নিক্ষেপ কবিলেন; তখন আকাশে পক্ষিগণের স্থায় সেগুলিকে দেখা যাইতে লাগিল ॥৭॥

<sup>(</sup>৩)···ততঃ সর্থনাগাখাঃ—রা নি। (৪)···সহিতঃ প্রভো !—পি বা। (৬)···শর্জালানি স্বশিঃ—পি,···শর্জালানি মাহিষ !—র। নি।

নিমেষার্দ্ধন কোন্তেরং ভীম্মঃ শান্তনবো যুধি।
অদৃশ্যং সমবে চক্রে শরজালেন ভারত ! ॥৮॥
ততো যুধিচিরো রাজা কোরব্যস্ত মহাত্মনঃ।
নারাচং প্রেষয়ামাস ক্রেদ্ধ আশীবিষোপমম্॥৯॥
অসংপ্রাপ্তস্ত তং তক্র ক্রবপ্রেণ মহারথঃ।
চিচ্ছেদ সমরে রাজন্! ভীম্মস্তস্ত ধনুশ্চ্যুতম্॥১০॥
তন্ত চিছত্মা রণে ভীম্মো নারাচং কালসমিভম্।
নিজন্মে কোরবেক্রস্ত হয়ান্ কাঞ্চনভূষণান্॥১১॥
হতারস্ত রথং ত্যক্ত্রা ধর্মপুর্বো যুধিচিরঃ।
আরুরোহ রথং তৃর্কং নর্লস্ত মহাত্মনঃ॥১২॥
যমাবিপি হি সংক্রেদ্ধঃ সমাসাত্য রণে তদা।
শরৈঃ সংছাদয়ামাস ভীম্মঃ পরপুরপ্রশ্বঃ॥১৩॥

#### ভাবতকৌমুদী

নিমেবেতি। কোন্তেমং মুধিপ্তিরং প্রকরণাৎ যমবোস্ত মাদ্রেযজাৎ ॥৮॥
তত ইতি। কোরবাস্ত ভীমস্ত। আমীবিবোপমং সর্পত্লাং দীর্ঘন্ ॥৯॥
অসমিতি। অসংপ্রাপ্তং অসমিধাবনাগতম, ক্ষ্বপ্রেণ তদাথ্যেন বাণেন ॥১০॥
তমিতি। কালসমিতং যমতুলাম্। কোরবেক্রস্ত মুধিপ্তিরস্ত, হ্যান্ রথাখান্ ॥১১॥
হতেতি। হতা অখা যস্ত তম্॥১২॥

এবং ভরতনন্দন। শান্তত্মনন্দন ভীষ যুদ্ধে নিমেবাৰ্দ্ধমধ্যে শরজালদ্বারা যুধিষ্ঠিরকে সমরাঙ্গনে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৮॥

তাহার পব রাজা যুধিষ্ঠিব ক্রুদ্ধ হইয়া মহাত্মা ভীত্মের দিকে একটা সর্পত্রস্য দীর্ঘ নারাচ নিক্ষেপ কবিলেন ॥৯॥

রাজা। সেই নারাচটা উপস্থিত না হইতেই মহারথ ভীম্ম একটা ক্ষুরপ্র-দ্বারা যুধিষ্ঠিরের ধন্ন হইতে নির্গত সেই নারাচটাকে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

ভীম যমের তুল্য দেই নারাচটাকে ছেদন করিয়া যুখিষ্টিবের স্বর্ভুবিত রথাশ্ব-গুলিকে বধ করিলেন ॥১১॥

তথন ধর্মপুত্র যুধিষ্ঠির নিজের হতাশ্ব রথ ত্যাগ কবিষা সন্ধর যাইযা মহাত্যা নকুলের রথে আরোহণ করিলেন ॥১২॥

<sup>(</sup>৮) নিমেবার্দ্ধাচ্চ—পি বা। (১০) অসংপ্রাপ্তং ততস্তম্ভ—রা নি। (১১)..কাল-শশ্বিতম্—রা নি। (১৩) যমাবপি হি সংক্রেছ্ছো—বা নি। ভীন্ন(১৯)-১৪১

তে তু দৃষ্ট্বা মহারাজ! ভীম্মবাণপ্রপীড়িতে।
জগাম পরমাং চিন্তাং ভীম্মস্ত বধকাজ্মরা ॥>৪॥
ততো যুধিন্ঠিরো কণ্ঠান্ রাজ্ঞন্তান্ সমচোদয়ৎ।
ভীম্মং শান্তনবং সর্বের নিহতেতি গুল্ফার্পান্ ॥> ॥
ততন্তে পার্থিবাঃ সর্বের শ্রেম্বা পার্থস্ত ভাষিতম্।
মহতা রথবংশেন পরিবক্রঃ পিতামহম্॥>৬॥
স সমন্তাৎ পরিবৃতঃ পিতা দেবব্রত্স্ততঃ।
চিক্রীড় ধনুষা রাজন্! পাত্রানো মহারথান্॥>৭॥
তং চরন্তং রনে পার্থা দদৃশুঃ কৌরবং যুধি।
মৃগমধ্যে প্রবিশ্যেব যথা সিংহং মহাবনে॥>৮॥

## ভারতকোমুদী

যমাবিতি। যমৌ নকুলসহদেবোঁ। পরেষাং শত্রণাং পুরাণি জিতবানিতি সং॥১৩॥ তাবিতি। জগাম প্রাণ যুধিষ্টির ইতি শেষ: ॥১৪॥ তত ইতি। সমচোদয়ং প্রৈরয়ং। নিহত বিনাশয়ত ব্যুম্॥১৫॥ তত ইতি। পার্থস্থ যুধিষ্টিরস্থা। বথানাং বংশেন সমূহেন, পিতামহং ভীম্ম ॥১৬॥ দ ইতি। সমস্তাং সর্বতঃ। পাত্রানঃ পাত্রমানঃ, মকারাগমভাব আর্থঃ॥১৭॥ তমিতি। প্রবিশ্ব স্থিতিমিতি শেষঃ। যথাশক্ষিতেরিবশক্ষঃ সম্ভাবনায়াম্॥১৮॥

সেই সময়ে শক্তনগৰবিজ্ঞয়ী অভিক্রুদ্ধ ভীষা যুদ্ধে নকুল এবং সহদেবকেও পাইয়া বাণৱারা তাঁহাদিগকেও আবৃত করিলেন ॥১৬॥

মহারাজ। তথন যুধিষ্ঠির নকুল ও সহদেবকে ভীত্মের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে বধ কবিবার ইচ্ছায় গুকতর চিস্তাধিত হইলেন ॥১৪॥

তাহার পর যুধিষ্ঠির নিজের অধীন ও বন্ধু রাজগণকে এই কথা বলিয়া প্রেরণ কবিলেন যে, 'আপনাবা সকলে শাস্তমুনন্দন ভীষ্মকে বধ ককন' ১১৫॥

তৎপরে পাণ্ডবপক্ষীয় রাজাবা সকলে যুখিষ্ঠিরের আদেশ শুনিয়া বিশাল রথ-সমূহে ভীম্মকে পবিবেষ্টন কবিলেন ॥১৬॥

রাজা! তদনস্তর আপনার জ্যেষ্ঠতাত ভীম্ম সকল দিকে বেষ্টিত হইয়া কামুকনিক্ষিপ্ত বাণদ্বারা বিপক্ষীয় মহাবর্থগণকে নিপাত করিতে থাকিয়া যেন থেলা করিতে লাগিলে ॥১৭॥

<sup>(</sup>১৪) ··· জগামাথ পরাং চিস্তাম্—রা নি। (১৫) ··· শান্তনবং সংখ্যে—পি বা। (১৮) ··· যথা সিংহশিশুং বনে—বা নি।

তর্ভয়ানং রণে শ্রাংস্তাসধানঞ্চ সায়কৈঃ।

দৃষ্ট্বা ত্রেন্থর্মহারাজ! দিংহং মুগগণা ইব ॥>৯॥
রণে ভরতদিংহস্ত দদৃশুঃ ক্ষত্রিয়া গতিম্।

অয়ের্বায়ুসহায়স্ত যথা কক্ষং দিধক্ষতঃ ॥২০॥
শিরাংসি রথিনাং ভীক্ষঃ পাতয়ামাস সংমুগে।
তালেভ্য ইব পকানি ফলানি কুশলো নরঃ ॥২>॥
পতদ্রিশ্চ মহারাজ! শিরোভির্বরণীতলে।
বভূব ভুমুলঃ শব্দঃ পততামশ্মনামিব ॥২২॥
তিন্মিন্ স্তুমুলে মুদ্ধে বর্তমানে ভয়ানকে।
সর্কেরামেব দৈন্যানামাসীদ্যতিকরো মহান্॥২৩॥

## ভারতকৌসুদী

তর্জিতি। তর্জ্বনাং ভং সমস্তম্। ত্রেহুর্ভীতা বভূবু: ।১৯। বণ ইতি। ভবতসিংহুস্ত ভীমস্ত। কৃন্ধং তুণনাশিম, দিধকতো দয়ুমিচ্ছত: ।২০॥ শিরানৌতি। তালেভ্যো বৃক্ষেত্য:। কুশল: ফলপাতননিপুণ: ।২১॥ পতিন্তিরিতি। তুম্লো মহান্। অশ্মনাং পাবাণানাম্ ।২২॥ তবিনিতি। সর্বেবামূভমপকাবাণাম্। ব্যতিকর: সংঘর্ষ: ।২৩॥

তথন পাগুবেবা দেখিলেন—মহাবনে মুগমধ্যে প্রবিষ্ট সিংহেব স্থায় ভীম সময়াননে বিপক্ষমধ্যে প্রবিষ্ট হইয়া বিচরণ করিতেছেন ॥১৮॥

মহারাজ। দিংহ দেখিয়া হরিণগণ যেমন ভীত হয়, সেইরূপ যুদ্ধে বিপক্ষ-গণের ভর্জনকারী ও বাণদ্বারা ভয়োৎপাদনকাবী ভীম্বকে দেখিয়া সকলে ভীত ইইল॥১৯॥

তৃণবাশিদহনপ্রবৃত্ত বায়ুগ্রায় অগ্নির স্থায় যুদ্ধে ভরতদিংহ ভীল্পেব গতি ক্ষতিবেরা দেখিতে লাগিলেন ॥২০॥

নিপুণ মান্নুষ যেমন তালবৃক্ষ হইতে ডাহার পক কল নিপাভিত করে, সেই-বিপ ভীম্ম যুদ্ধে বিপক্ষ রথিগণের মস্তক নিপাভিত করিতে থাকিলেন ॥২১॥

মহারাজ। তথন প্রস্তর সকল পতিত হইতে থাকিলে যেমন তুমুল শব্দ হয়, সেইরপ ভূতলে মস্তক সকল পতিত হইতে থাকায় তুমুল শব্দ হইতে লাগিল।।২২॥

<sup>&</sup>lt;sup>(১৯)</sup>···রণে বীরান্—রা নি। (২০) রণে ভারতসিংহস্ত—রা নি। (২১)···তালেভ্যঃ <sup>শরিপ্</sup>কানি—রা নি।

ভিনেয় তেয় ব্যুহেয় ক্ষত্রিয়া ইতরেতরম্।
একমেকং সমাস্থ্র যুদ্ধায়ৈবোপতস্থিরে ॥২৪॥
শিখণ্ডী তু সমাসাত্য ভরতানাং পিতামহম্।
অভিত্রুত্রাব বেগেন তিষ্ঠ তিষ্ঠেতি চাত্রবীৎ ॥২৫॥
অনাসৃত্য ততো ভীম্মস্তং শিখণ্ডিনমাহবে।
প্রথমো স্প্রেয়ান্ ক্রুদ্ধঃ স্ত্রীক্ষং তত্ম বিচিন্তয়ন্ ॥২৬॥
স্প্রেয়াস্ত ততো দৃষ্ট্রা রাজন্! ভীম্মং মহারথম্।
সিংহনাদান্ বহুবিধাংশ্চক্রুঃ শন্থাধিমিজ্ঞিতান্ ॥২৭॥
ততঃ প্রবর্ত্তে যুদ্ধং ব্যতিষক্তরথিদপম্।
পশ্চিমাং দিশমাস্থায় স্থিতে স্বিতরি প্রভা! ॥২৮॥

#### ভারতকোমুদী

ভিন্নেখিতি। ভিন্নেষ্ সংঘৰ্ষা দিলিটেষ্ । ইতরেতবং পরম্পবন্ ।২৪॥
শিথগুতি। ভরতানাং তদানী দানাং বৃধিলিবাদীনান্, পিতামহং ভীমন্ ।২৫॥
অনা দৃত্যেতি। আহবে বৃদ্ধে। স্ত্রীহং ভূতপূর্বন্ ।২৬॥
স্কেমা ইতি। শন্ধবিমিশ্রিতান্ শন্ধবিনিষ্কান্ ।২৭॥
তত ইতি। ব্যতিষক্তাঃ প্রশারং মিলিতা রথা দিপা হস্তিনশ্চ যত্ত তৎ ॥২৮॥

অতিত্মূল ও ভয়ন্ধর দেই যুদ্ধ চলিতে লাগিলে, উভয় পক্ষের সমস্ত সৈত্যেরই গুরুতর সংঘর্ষ হইতে থাকিল ॥২৩॥

সেই সমস্ত বৃহে বিশ্লিষ্ট হইয়া উঠিলে, ক্ষত্রিয়েরা পরস্পার এক এক জনকে আহ্বান করিয়া যুদ্ধের জন্মই অগ্রাসব হইলেন ॥২৪॥

এই সময়ে শিখণ্ডী ভীম্মকে দেখিযা তাঁহার দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২৫॥

কিন্তু ভীম শিখণ্ডীর ভূতপূর্ব্ব জ্রীত্ব স্মরণপূর্ব্বক তাঁহাকে অগ্রাহ্য করিয়া ক্রুদ্ধ অবস্থায় যুদ্ধে স্প্লেয়দিগের প্রতি গমন করিলেন ॥২৬॥

রাজা। তথন স্প্রয়েরা মহারথ ভীম্মকে দেখিয়া শঙ্খধ্বনির সহিত নানাবিধ সিংহনাদ করিতে লাগিল ॥২৭॥

নরনাথ! ক্রমে সূর্য্য পশ্চিম দিক্ অবলম্বন করিয়া অবস্থান করিলে, যুদ্ধ প্রেরত হইল; তথন উভয় পক্ষেরই রথ ও হস্তী সকল পরস্পার মিলিভ হইতে থাকিল ॥২৮॥

ধ্যত্যক্ষেহথ পাঞ্চাল্যঃ সাত্যকিশ্চ মহারথঃ।
গীড়রত্যে ভৃশং সৈন্তং শক্তিতামরর্ষ্টিভিঃ ॥২৯॥
শক্তিশ্চ বহুতী রাজন্! জন্মভুস্তাবকান্ রণে।
তে হন্সমানাঃ সমরে তাবকা ভরতর্বভ! ॥৩০॥
আর্য্যাং যুদ্ধে মতিং কৃদ্ধা ন ত্যজন্তি স্ম সংযুগম্।
যথোৎসাহঞ্চ সমরে জন্মুর্লোকমহারথাঃ ॥৩১॥ (বিশেষকম্)
তত্রাক্রন্দো মহানাসীতাবকানাং মহান্মনা।
বধ্যতাং সমরে রাজন্! পার্যতেন মহান্মনা ॥৩২॥
তং শ্রুদ্ধা নিনদং ঘোরং তাবকানাং মহারথো।
বিন্দান্থবিন্দাবাবস্থ্যে পার্যতং প্রভ্যুপস্থিতো ॥৩০॥

#### ভারতকৌমুদী

ধৃষ্টেডি। পাঞ্চাল্যঃ পাঞ্চালবাজপুত্রঃ। তাবকান্ ত্বংপক্ষীয়ান্। আর্থ্যাং শাধীম্। পলায়নে নিকর্মপ্রতীত্যা জনার্থ্যতাম্রতীতিরিডি ভাবঃ। নিজ্মুর্বিপক্ষানিডি শেষঃ (২৯—৬১)।

তত্ত্তেতি। আক্রন্দ আরাব: কোলাহল ইতি যাবৎ, ''আরাবে ক্রনিডে জাতগ্যাক্রন্দো দাকণে বণে' ইত্যামর:। বধ্যতাং বধ্যমানানাম্। পার্যতেন ধৃইছায়েন ।৩২।

তমিতি। আবস্তো অবস্তিদেশীয়ে ॥৩খা

রাজা। তাহার পর পাঞালরাজনন্দন ধৃষ্টছায় ও মহারথ সাত্যকি শক্তি ও তোমবর্ষণ করিয়া এবং অন্স বছবিধ অন্ত্রজাবা যুদ্ধে বিপক্ষদৈন্তগণকে অত্যন্ত পীড়ন করতঃ আপনার পক্ষীয় যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলেন। ভবতশ্রেষ্ঠ। আপনার পক্ষের সেই যোদ্ধারা যুদ্ধে নিহত হইতে থাকিয়াও যুদ্ধবিষয়ে সজ্জনোচিত বৃদ্ধি করিয়াই যুদ্ধ ত্যাগ করিলেন না; কিন্তু তাঁহাদেব মধ্যেব মহারথেরা উৎসাহ অনুসারে যুদ্ধে বিপক্ষদিগকে সংহারই করিতে থাকিলেন ॥২৯—৩১॥

রাজা। তখন মহাবল ধৃষ্টগ্রন্ধ বধ করিতে লাগিলে, আপনার পক্ষীয় যোদ্ধাদের মধ্যে বিশাল কোলহল হইতে লাগিল ॥৩২॥

এই সময়ে অবন্ধিদেশীয় মহারথ বিন্দ ও অনুবিন্দ।আপনার সৈতগণের সেই ভবঙ্কর কোলাহল গুনিযা ধৃষ্টগ্রায়ের সম্মুখে উপস্থিত হইলেন ॥০৩॥

<sup>(</sup>৩০) শক্তৈর্বছবিধৈ বাজনাজন্মভাবকান্ রণে—পি বা। (৩১) ক্রের্থাৎসাহর তু সমরে ন জন্মভাবকা রণে—রা নি।

তো তম্ম তুরগান্ হস্বা স্বর্মাণো মহারথো।

ছাদয়ামাসতুরুভো শরবর্ষেণ পার্যভর্ ॥৩৪॥

অবপ্লুত্যাথ পাঞ্চাল্যো রথাত্র্গং মহাবলঃ।
আরুরোহ রথং তুর্গং সাত্যকেস্ত মহাস্ত্রনঃ ॥৩৫॥

ততো যুথিন্ঠিবো রাজা মহত্যা সেনয়া রতঃ।

আবস্ত্যো সমরে ক্রুদ্ধাবভ্যধাবৎ পরস্তপঃ ॥৩৬॥

তথৈব তব পুত্রোহপি সর্ব্বোদ্যোগেন মারিষ!।

বিন্দানুবিন্দো সমবে পরিবার্য্যাবতন্থিবান্ ॥৩°॥

হর্জ্বন্দ্টাপি সংক্রুদ্ধঃ ক্ষব্রিয়ান্ ক্ষব্রির্বভঃ।

অযোধ্যত সংগ্রামে বজ্রপাণিরিবান্ত্রান্ ॥ ৬॥

ডেগেস্ত সমরে ক্রুদ্ধঃ পুত্রন্থ প্রিয়ক্তব।

বধ্যমৎ সর্বপাঞ্চালাংস্কৃলরাশিমিবানলঃ ॥৩৯॥

## ভারতকোমুদী

তাবিতি। তে বিলাহবিদো, তত্ত পার্বতত্ত ॥৩৪॥

অবেতি। তুর্ণমবপ্লুতা তুর্ণমান্ধরোহেতি পুনকজ্যভাব: ॥৩৫॥

তত ইতি। আবস্থা বিলাহবিলো,। অভ্যধাবং ধৃইজ্যমনাহায্যার্থমিত্যাশয়: ॥৩৬॥

তথেতি। তব পুত্রো ছর্ষ্যোধনঃ, তথা পরজাভিধানাং। পবিবার্য হননায় পবিবেট্য ॥৩৭॥

অর্জুন ইতি। বজ্ঞপাণিরিক্তঃ। এতেন বিপক্ষবিধ্বংদঃ স্থাচিতঃ ॥৩৮॥

ত্যোগ ইতি। তব পুত্রত্ত ছর্ম্যোধনত্ত। ব্যধমং ব্যনাশরং ॥৩৯॥

এবং মহারথ বিন্দ ও অনুবিন্দ সত্বর ধৃষ্টতামের রথের অশ্বগুলিকে বধ করিয়া বাণবর্ষণদারা তাঁহাকে আবৃত করিলেন ॥৩৪॥

তাহার পব মহাবল ধৃষ্টগুয়ে আপন রথ হইতে সম্বর লাফাইয়া পড়িয়া সম্বর যাইয়া মহাত্মা সাভ্যকির রথে আবোহণ করিলেন ॥৩৫॥

তদনস্তর পরস্তপ রাজা যুধিষ্ঠির বিশাল সৈত্যে পরিবেষ্টিত হইয়া ধৃইত্যুয়ের সাহায্য করিবাব জন্ম কুদ্ধ বিন্দ ও অনুবিন্দেব দিকে ধাবিত হইলেন ॥১৬॥

মাননীয় রাজা। সেইরপেই আপনাব পুত্র তুর্য্যোধনও সর্ব্বপ্রয়ত্বে সমরাঙ্গনে বিন্দ ও অন্তবিন্দকে পরিবেষ্টন করিয়া অবস্থান কবিতে লাগিলেন ॥৩৭॥

ইন্দ্র যেমন অপুরগণের সহিত যুদ্ধ করিতেন, সেইরূপ ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জুনও ক্রেন্থ হইযা সমরাঙ্গনে ক্ষত্রিযগণের সহিত যুদ্ধ কবিতে থাকিলেন ॥৩৮॥ তুর্য্যোধনপুরোগাস্ত পুত্রান্তব বিশাংপতে ! ।
পরিবার্য্য রণে ভীম্মং যুযুধুঃ পাগুবৈঃ সহ ॥৪০॥
ততো তুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে ।
অব্রবীতাবকান্ সর্ব্বাংশ্বরধ্বমিতি ভারত ! ॥৪১॥
যুধ্যতান্ত তথা তেষাং কুর্বতাং কর্ম্ম তুক্বম্ ।
অন্তং গিবিমধারতে ন প্রকাশতি ভাস্করে ॥৪২॥
প্রাবর্ত্তত নদী ঘোরা শোণিতৌঘতরঙ্গিনী ।
গোমায়ুগণসন্ত্বীর্ণা ক্ষণেন ক্ষণদামুখে ॥৪০॥
শিবাভিরশিবাভিশ্চ ক্রবতীভিঃ সমন্ততঃ ।
ঘোরমায়োধনং জজ্ঞে ভূতসংঘদমাকুলম্ ॥৪৪॥ (বিশেষক্য)

## ভাৰতকৌমুদী

ছুর্যোধনেতি। পুরোগা জ্ঞাগানিন:। পরিবার্ধ্য পরিবেষ্ট্য ॥৪•॥
তত ইতি। লোহিতায়তি অস্তোন্থতয়া রক্তবর্ণে সতি। ত্বরধ্বং শক্রুসংহারায় ॥৪১॥
ছুধ্যতামিতি। বুধ্যতাং যুধ্যমানানান্। ন প্রকাশতি অপ্রকাশমানে। গোমাবৃনাং
খুগাগানাং গণেন সংস্থীপা ব্যাপ্তা, ক্রুপদানুথে বজনীমুথে। অশিবাজিঃ অমঙ্গলস্চিকাজিঃ।
এতেন পর্যায়ত্বেহপি গোমাবুনাং শিবত্বং ধ্বনিতম্। আযোধনং যুদ্ধম্ ॥৪২—৪৪॥

াজা। অগ্নি যেমন তৃলরাশি দগ্ধ করে, সেইবাপ আপনার পুত্রের প্রিয়-কার্য্যকারী জ্রোণ যুদ্ধে সমস্ত পাঞ্চালদৈক্তকে দগ্ধ কবিতে লাগিলেন ॥৩৯॥

নরনাথ। তুর্য্যোধনের অগ্রগামী আপনার পুত্রেরা সমরাঙ্গনে ভীম্বকে পবিবেষ্টন করিষা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪•॥

ভরতনন্দন ৷ তাহাব পর সূর্য্য বক্তবর্ণ হইষা উঠিলে, বাজা তুর্য্যোধন আপনার শমস্ত যোদ্ধাকে বলিলেন—'আপনারা শক্রসংহারে সত্তব হউন' ॥৪১॥

তাহার পব সৈত্রগণের ভয়ন্ধব যুদ্ধ হইতে লাগিল: স্কুতরাং সূর্য্য অন্তাচল-গত হইযা অপ্রকাশিত হইলে, সেই প্রদোষসমযে তুদ্ধর-কার্য্যকারী সেই যুধ্যমান সৈত্যগণের মধ্যে ভয়ন্ধর একটা নদী প্রবাহিত হইল; তাহাতে রক্তের তরঙ্গ চলিতে লাগিল এবং সাধানণ শৃগালগণ, অমঙ্গলস্চক শব্দাযমান অন্ত শৃগালগণ ও অন্তাত্য প্রাণিগণ সকল দিকে ক্ষণকালমধ্যে সেই নদীটাকে ব্যাপ্ত কবিল ॥৪২—৪৪॥

<sup>(</sup>৪২) ·· অপ্রকাশতি ভাস্কবে—রা নি। (৪৪) ·· অশিবাভিন্চ রুবস্থিতিরং রুবম্ ···
ছুতসংহৈ: সমাকুলম্—রা নি।

রাক্ষদাশ্চ শিশাচাশ্চ তথান্যে পিশিতাশিনঃ।

সমন্ততো ব্যদৃশ্যন্ত শতশোহথ সহস্রশঃ ॥৪৫॥
অর্জুনোহথ স্থশ্মাদীন্ রাজ্ঞঃ সহপদানুগান্।
বিভিন্ন পৃতনামধ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৬॥
যুধিষ্ঠিবোহপি কৌরব্যো লাতৃভ্যাং সহিতন্তথা।
যযৌ স্বশিবিরং রাজা নিশায়ং সেনয়া রুতঃ ॥३৭॥
ভীমসেনোহপি রাজেন্তা। তুর্য্যোধনমুখান্ রথান্।
অবজিত্য ততঃ সংখ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৮॥
